ANNUAL REPORT 2016

DHAKA CHAMBER OF COMMERCE & INDUSTRY

DCCI

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি

ANNUAL REPORT
2016

DCCI
ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি

Dhaka Chamber of Commerce & Industry
ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি
65-66 Motijheel Commercial Area, Dhaka-1000, Bangladesh
PABX: 88-02-9552562, 9554383, Fax: 88-02-9560830, 9550103
Email: info@dhakachamber.com, URL: www.dhakachamber.com

ISO 9001
International Standards Certifications
The First ISO Certified Chamber in Bangladesh

সূচিপত্র

ক্রমিক নং	বিষয়বস্তু	পৃষ্ঠা নং
১.	ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর ৫৫তম বার্ষিক সাধারণ সভার নোটিশ	০৫
২.	ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর পরিচালনা পর্ষদ ২০১৬	০৬
৩.	ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর সভাপতি, ঊর্ধ্বতন সহ-সভাপতি এবং সহ-সভাপতিবৃন্দ	১৩
৪.	ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর পরিচালকমণ্ডলীর প্রতিবেদন-২০১৬	১৬
৫.	ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর ৫৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী	৫২
৬.	ঢাকা চেম্বারের স্মরণীয় ও বরণীয় ব্যক্তিদের সংক্ষিপ্ত জীবনী	৬০
৭.	ডিসিসিআই ফাউন্ডেশনের কার্যক্রম	৬৫
৮.	ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর উল্লেখযোগ্য ঘটনাপুঞ্জী ২০১৫-১৬	৬৭
৯.	ডিসিসিআই'র বর্ষব্যাপী কিছু উল্লেখযোগ্য মুহূর্ত	৮৯
১০.	NEW ECONOMIC THINKING: BANGLADESH 2030 AND BEYOND	১৪১
১১.	বিভিন্ন কমিটি/সংস্থাসমূহে ঢাকা চেম্বারের প্রতিনিধিত্ব	১৪৫
১২.	ডিসিসিআই স্ট্যান্ডিং কমিটিসমূহের কার্যাবলীর সংক্ষিপ্তসার	১৫৩
১৩.	ডিসিসিআই বিজনেস ইনস্টিটিউট (ডিবিআই)	১৭৩
১৪.	DCCI Business Institute (DBI) College	১৭৭
১৫.	DCCI Entrepreneurship and Innovation Expo (E2K) Project	১৭৯
১৬.	সংবাদপত্রে ডিসিসিআই	১৮৫
১৭.	দেশের অর্থনৈতিক নীতিমালা প্রণয়নে সরকারের কাছে পেশকৃত ডিসিসিআই'র সুপারিশ/প্রস্তাব সমূহ	১৮৮
১৮.	ডিসিসিআই আয়োজিত সেমিনার/কনফারেন্স/ওয়ার্কশপসমূহের সুপারিশমালা	১১৪
১৯.	অডিটকৃত হিসাব বিবরণী ২০১৫-১৬	২২৮

Hossain Khaled
President
Dhaka Chamber Commerce & Industry (DCCI)

DCCI
ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি
ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি
Dhaka Chamber of Commerce & Industry
The Best of Bangladesh is Business®

ডিসিসিআই/প্রশাঃ/এজিএম/২০১৬/১৩৩৩ ৭ ডিসেম্বর, ২০১৬

ডাক প্রত্যায়িত

নোটিশ

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর ৫৫তম বার্ষিক সাধারণ সভা

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র আর্টিকেলস অব এসোসিয়েশনের ৩০, ৩১ এবং ৩৯ ধারা মোতাবেক এবং কোম্পানী আইন ও টিও রুলস এর আলোকে চেম্বারের সম্মানিত সদস্যগণের সদয় অবগতির জন্য বিজ্ঞপ্তি দেয়া যাচ্ছে যে, নিম্নলিখিত আলোচ্যসূচি সম্পন্ন করার নিমিত্তে অত্র চেম্বারের ৫৫তম বার্ষিক সাধারণ সভা আগামী ২২ ডিসেম্বর, ২০১৬ (৮ পৌষ, ১৪২৩ বাংলা) বৃহস্পতিবার, দুপুর ০৩:০০ ঘটিকায় ডিসিসিআই অডিটোরিয়াম, "ঢাকা চেম্বার ভবন" (৬ষ্ঠ তলা), ৬৫-৬৬ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকায় অনুষ্ঠিত হবে।

আলোচ্যসূচি:

১। গত ১২ ডিসেম্বর, ২০১৫ তারিখে অনুষ্ঠিত ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর ৫৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;

২। ২০১৬ সালের বার্ষিক প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন;

৩। ২০১৫-২০১৬ অর্থবছরের হিসাব এবং নিরীক্ষা প্রতিবেদন (**Audit Report**) অনুমোদন;

৪। ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের পরিচালক এবং ২০১৭ সালের জন্য সভাপতি, উর্ধ্বতন সহ-সভাপতি ও সহ-সভাপতি পদের নির্বাচনের ফলাফল ঘোষণা;

৫। ২০১৬-২০১৭ অর্থবছরের জন্য নিরীক্ষক (**Auditor**) নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণ।

চেম্বারের সম্মানিত সদস্যগণকে এ বার্ষিক সাধারণ সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

এএইচএম রেজাউল কবির
মহাসচিব

The First ISO Certified Chamber in Bangladesh
DHAKA CHAMBER BUILDING
65-66, MOTIJHEEL COMMERCIAL AREA, G.P.O. BOX NO. 2641, DHAKA- 1000, BANGLADESH
PABX: 88-02-9552562, 9554383 (Hunting), Fax: 88-02-9560830, Email: info@dhakachamber.com, Website : www.dhakachamber.com

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র পরিচালনা পর্ষদ ২০১৬

হোসেন খালেদ
সভাপতি

হুমায়ুন রশিদ
ঊর্ধ্বতন সহ-সভাপতি

খ. আতিক-ই-রাব্বানী, এফসিএ
সহ-সভাপতি

মোহাম্মদ শাহজাহান খান
পরিচালক

এ কে ডি খায়ের মোহাম্মদ খান
পরিচালক

আসিফ এ চৌধুরী
পরিচালক

হোসেন আখতার
পরিচালক

কামরুল ইসলাম, এফসিএ
পরিচালক

খন্দকার আব্দুল মুক্তাদির
পরিচালক



কে জি করিম
পরিচালক

মামুন আকবর
পরিচালক

মোঃ আলাউদ্দিন মালিক
পরিচালক

মোক্তার হোসেন চৌধুরী
পরিচালক

ওসমান গনি
পরিচালক

রিয়াদ হোসেন
পরিচালক

সেলিম আখতার খান
পরিচালক

এস রুমি সাইফুল্লাহ
পরিচালক

সামির সাত্তার
পরিচালক

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র
পরিচালনা পর্ষদ ২০১৬

সামনের সারিতে (বাঁ থেকে) ঃ সর্বজনাব এস রুমি সাইফুল্লাহ, এ কে ডি খায়ের মোহাম্মদ খান, ঊর্ধ্বতন সহ-সভাপতি হুমায়ুন রশিদ, সভাপতি হোসেন খালেদ, মোহাম্মদ শাহজাহান খান, সামির সাত্তার এবং মোক্তার হোসেন চৌধুরী।

পিছনের সারিতে (বাঁ থেকে) ঃ সর্বজনাব কামরুল ইসলাম, এফসিএ, সেলিম আখতার খান, মোঃ আলাউদ্দিন মালিক, হোসেন আখতার, মামুন আকবর এবং ওসমান গনি।

ছবিতে যারা অনুপস্থিত ঃ সর্বজনাব সহ-সভাপতি খ. আতিক-ই-রাব্বানী, এফসিএ, আসিফ এ চৌধুরী, খন্দকার আব্দুল মোক্তাদির, কে জি করিম এবং রিয়াদ হোসেন।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র ৫৪তম বার্ষিক সাধারণ সভা ২০১৫-এর

উল্লেখযোগ্য কিছু মুহূর্ত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র ৫৪তম বার্ষিক সাধারণ সভা ২০১৫-এর

উল্লেখযোগ্য কিছু মুহূর্ত

ঢাকা চেম্বারের ২০১৬ সালে নির্বাচন পরিচালনার জন্য গঠিত

নির্বাচন বোর্ড এবং নির্বাচন আপীল বোর্ড

নির্বাচন বোর্ড

সালাহ্উদ্দিন আব্দুল্লাহ্
চেয়ারম্যান

আহমেদ হোসেন মজুমদার
সদস্য

এম বশির উল্ল্যাহ ভূঁইয়্যা
সদস্য

নির্বাচন আপীল বোর্ড

মোহাম্মদ গোলাম মোস্তফা
চেয়ারম্যান

এম এ বাতেন
সদস্য

মাহাবুব আনাম
সদস্য

খসড়া বার্ষিক প্রতিবেদন ২০১৬ পরীক্ষা-নিরীক্ষার জন্য গঠিত ওয়ার্কিং কমিটি

১।	**জনাব হুমায়ুন রশিদ** ঊর্ধ্বতন সহ-সভাপতি, ডিসিসিআই	-	আহবায়ক
২।	**খ. আতিক-ই-রাব্বানী, এফসিএ** সহ-সভাপতি, ডিসিসিআই	-	সদস্য
৩।	**জনাব এ কে ডি খায়ের মোহাম্মদ খান** পরিচালক, ডিসিসিআই	-	সদস্য
৪।	**জনাব মামুন আকবর** পরিচালক, ডিসিসিআই	-	সদস্য
৫।	**জনাব মোক্তার হোসেন চৌধুরী** পরিচালক, ডিসিসিআই	-	সদস্য
৬।	**জনাব ওসমান গনি** পরিচালক, ডিসিসিআই	-	সদস্য

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি

নাম	সাল
মরহুম সাখাওয়াৎ হোসেন	১৯৫৯-১৯৬০
মরহুম আবু নাসির আহমেদ	১৯৬০-১৯৬১
মরহুম ওয়াই এ বাওয়ানী	১৯৬১-১৯৬২
মরহুম নূরুল হুদা	১৯৬২
মরহুম মোহাম্মদ আইয়ুর	১৯৬২-১৯৬৩
মরহুম সাখওয়াৎ হোসেন	১৯৬৩-১৯৬৪
মরহুম আহাম্মদ হোসেন	১৯৬৭
মরহুম কিউ জে আহম্মদ (প্রশাসক)	১৯৬৭-১৯৬৮
মরহুম এ কাশেম	১৯৬৮
মরহুম আখলাক আহাম্মদ	১৯৬৮-১৯৬৯
মরহুম মতিউর রহমান	১৯৬৯-১৯৭২
মরহুম কে এ সাত্তার	১৯৭২-১৯৭৬
মরহুম মির্জা গোলাম হাফিজ	১৯৭৬
চৌধুরী তানভীর আহম্মদ সিদ্দিকী	১৯৭৬-১৯৭৯
মরহুম নুরউদ্দিন আহমেদ	১৯৭৯-১৯৮২
জনাব এম এ সাত্তার	১৯৮২-১৯৮৪
মরহুম এম ইউনুস, এফসিএ	১৯৮৪-১৯৮৫
জনাব মাহবুবুর রহমান	১৯৮৫-১৯৮৬
মরহুম আবু সায়ীদ মাহমুদ	১৯৮৬-১৯৯০
জনাব মাহবুবুর রহমান	১৯৯১-১৯৯২
মরহুম এম ইউনুস, এফসিএ	১৯৯২-১৯৯৩
জনাব এ টি এম ওয়াজিউল্লাহ	১৯৯৩-১৯৯৪
জনাব এ রব চৌধুরী	১৯৯৪-১৯৯৫
জনাব আর মাকসুদ খান	১৯৯৫
জনাব আলী হোসেন (হাসান)	১৯৯৬
জনাব এ এস এম কাসেম	১৯৯৭
জনাব আর মাকসুদ খান	১৯৯৮
জনাব এম এইচ রহমান	১৯৯৯
জনাব আফতাব উল ইসলাম	২০০০
জনাব বেনজির আহমেদ	২০০১
জনাব মতিউর রহমান	২০০২-২০০৩
জনাব ফজলে আর এম হাসান, এফসিএ	২০০৪
জনাব সাইফুল ইসলাম	২০০৫
জনাব এম এ মোমেন	২০০৬
জনাব হোসেন খালেদ	২০০৭-২০০৮
জনাব জাফর ওসমান	২০০৯
জনাব আবুল কাসেম খান	২০১০
জনাব আসিফ ইব্রাহীম	২০১১-২০১২
জনাব মোঃ সবুর খান	২০১৩
জনাব মোহাম্মদ শাহজাহান খান	২০১৪
জনাব হোসেন খালেদ	২০১৫-২০১৬

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র ঊর্ধ্বতন সহ-সভাপতি

নাম	সাল
জনাব এইচ এম সেকিল	১৯৬৭-১৯৬৮
জনাব এ সাত্তার কারাওয়াদিয়া	১৯৭০-১৯৭২
জনাব খোরশেদ আলম	১৯৭৩
জনাব এ এম এম শামছুল আলম	১৯৭৫
মরহুম এম এ হক	১৯৭৬
মরহুম এম এ হক	১৯৭৭-১৯৭৮
মরহুম এম এ খালেক	১৯৭৮-১৯৭৯
মরহুম এম রেজা	১৯৭৯-১৯৮২
মরহুম শামছুজ্জোহা খান	১৯৮২-১৯৮৪
আলহাজ্ব আব্দুস সালাম	১৯৮৪-১৯৮৫
জনাব মোঃ আলী হোসেন	১৯৮৫-১৯৮৬
জনাব এ এম মুবাশ-শার	১৯৮৬-১৯৮৮
জনাব এ এম মুবাশ-শার	১৯৮৯-১৯৯০
জনাব মাসুদুর রহমান	১৯৯১-১৯৯২
জনাব মাসুদুর রহমান	১৯৯২-১৯৯৩
সৈয়দ জামালউদ্দিন হায়দার	১৯৯৩-১৯৯৪
জনাব সাজ্জাতুজ জুম্মা	১৯৯৪-১৯৯৫
জনাব হোসেন আখতার	১৯৯৫
জনাব ফজলে আর এম হাসান, এফসিএ	১৯৯৬
জনাব আশরাফ ইবনে নূর	১৯৯৭
জনাব মাসুদুর রহমান	১৯৯৮
জনাব সাজ্জাতুজ জুম্মা	১৯৯৯
জনাব এ এম মুবাশ-শার	২০০০
জনাব মাহবুব-উজ-জামান	২০০১
জনাব সাব্বির আহমেদ খান	২০০২
জনাব জাফর ওসমান	২০০৩
জনাব এ এম মুবাশ-শার	২০০৪
মরহুম মঞ্জুর উর-রহমান (রাসকিন)	২০০৫
জনাব হোসেন খালেদ	২০০৬
জনাব মোহাম্মদ শাহজাহান খান	২০০৭
জনাব সালাহ্উদ্দিন আব্দুল্লাহ্	২০০৮
জনাব এম এস সেকিল চৌধুরী	২০০৯
জনাব মোহাম্মদ শাহজাহান খান	২০১০
জনাব টি আই এম নূরুল কবীর	২০১১
জনাব হায়দার আহমদ খান, এফসিএ	২০১২
জনাব নেসার মাকসুদ খান	২০১৩
জনাব ওসামা তাসীর	২০১৪
জনাব হুমায়ুন রশিদ	২০১৫-২০১৬

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সহ-সভাপতি

নাম	সাল
জনাব ইসহাক মোহাম্মদ	১৯৬৭-১৯৬৮
মরহুম মুখলেছুর রহমান	১৯৭০-১৯৭২
মরহুম মুখলেছুর রহমান	১৯৭৩
মরহুম এম এ হক	১৯৭৫
জনাব এ বি সিদ্দিকী	১৯৭৬
জনাব মোশাররফ হোসেন	১৯৭৭-১৯৭৮
জনাব এম এ রাজ্জাক মিয়া	১৯৭৮-১৯৭৯
জনাব মজিবুর রহমান	১৯৭৯-১৯৮২
জনাব এ এ মনিরুজ্জামান	১৯৮২-১৯৮৪
জনাব রমিজ উদ্দিন ফকির	১৯৮৪-১৯৮৫
মরহুম সায়েদুর রহমান	১৯৮৫-১৯৮৬
জনাব মাসুদুর রহমান	১৯৮৬-১৯৮৮
মরহুম এম এ খালেক	১৯৮৯-১৯৯০
মরহুম মোঃ ইসমাইল হোসেন মিয়া	১৯৯১-১৯৯২
মরহুম মোঃ ইসমাইল হোসেন মিয়া	১৯৯২-১৯৯৩
জনাব খোরশেদ আলী মোল্লা	১৯৯৩-১৯৯৪
জনাব মোঃ সিরাজউদ্দিন মালিক	১৯৯৪-১৯৯৫
জনাব সৈয়দ তৌফিক আলী	১৯৯৫
জনাব আবসার করিম চৌধুরী	১৯৯৬
জনাব মঞ্জুর হোসেন	১৯৯৭
জনাব জাফর ওসমান	১৯৯৮
জনাব নাসির হোসেন	১৯৯৯
জনাব মোহাম্মদ গোলাম মোস্তফা	২০০০
জনাব আবসার করিম চৌধুরী	২০০১
জনাব হোসেন খালেদ	২০০২-২০০৩
জনাব এম আবু হোরায়রাহ	২০০৪
জনাব হোসেন এ সিকদার	২০০৬
আলহাজ্ব মোঃ আলাউদ্দিন মালিক	২০০৭
খন্দকার শহীদুল ইসলাম	২০০৮
জনাব মোঃ সিরাজউদ্দিন মালিক	২০০৯-২০১০
জনাব নাসির হোসেন	২০১১
জনাব আবসার করিম চৌধুরী	২০১৩
খন্দকার শহীদুল ইসলাম	২০১৪
জনাব মোঃ শোয়েব চৌধুরী	২০১৫
খ. আতিক-ই-রাব্বানী, এফসিএ	২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির সাথে ঢাকা চেম্বারের পরিচালনা পর্ষদের সাক্ষাৎ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ-এর মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আব্দুল হামিদ (বাম থেকে সপ্তম) এর সাথে ডিসিসিআই'র সভাপতি জনাব হোসেন খালেদ (বাম থেকে অষ্টম) এর নেতৃত্বে ডিসিসিআই'র পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ সাক্ষাৎ করেন। ১১ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব হুমায়ুন রশিদ (ডান থেকে দশম), সহ-সভাপতি খ. আতিক-ই-রাব্বানী, এফসিএ (ডান থেকে নবম), পরিচালক সর্বজনাব মোহাম্মদ শাহজাহান খান (ডান থেকে অষ্টম), এ কে ডি খায়ের মোহাম্মদ খান (ডান থেকে ষষ্ঠ), আসিফ এ চৌধুরী (ডান থেকে সপ্তম), হোসেন আখতার (বাম থেকে চতুর্থ), কামরুল ইসলাম, এফসিএ (বামে), খন্দকার আব্দুল মুক্তাদির (ডান থেকে তৃতীয়), কে জি করিম (বাম থেকে তৃতীয়), মামুন আকবর (বাম থেকে ষষ্ঠ), মোঃ আলাউদ্দিন মালিক (ডান থেকে পঞ্চম), মোক্তার হোসেন চৌধুরী (ডান থেকে চতুর্থ), রিয়াদ হোসেন (বাম থেকে দ্বিতীয়), এস রুমি সাইফুল্লাহ (ডান থেকে দ্বিতীয়), সামির সাত্তার (বাম থেকে পঞ্চম) এবং ডিসিসিআই মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির (ডানে) এ সময় উপস্থিত ছিলেন।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র পরিচালকমণ্ডলীর প্রতিবেদন-২০১৬

বিসমিল্লাহির রহমানির রাহিম

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র সম্মানিত সদস্যবৃন্দ
সম্মানিত প্রাক্তন সভাপতিবৃন্দ ও ব্যবসায়ী নেতৃবৃন্দ
২০১৬ সালের পরিচালনা পর্ষদের সম্মানিত সহকর্মীবৃন্দ
ভদ্র মহিলা ও ভদ্র মহোদয়গণ

আসসালামু আলাইকুম ও শুভ অপরাহ্ন

২০১৬ সালের পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দের এবং আমার নিজের পক্ষ থেকে আমি আপনাদের সকলকে আমাদের প্রিয় সংগঠন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর ৫৫তম বার্ষিক সাধারণ সভায় স্বাগত জানাচ্ছি। পরিচালনা পর্ষদ এবং আমার পক্ষ হতে গত এক বছরে চেম্বারের কর্মকাণ্ড পর্যালোচনায় আমার উপর আস্থা ও সহযোগিতা প্রদানের জন্য কৃতজ্ঞতা জানাচ্ছি।

আপনাদের সর্বাত্মক সহযোগিতার ফলে, ঢাকা চেম্বার ২০১৬ সালে তার সদস্যদের সেবার মান উন্নয়ন এবং দেশে একটি ব্যবসা ও বিনিয়োগ বান্ধব পরিবেশ উন্নয়নে নীতিমালা প্রণয়নে কাজ করেছে।

২০১৬ সালে ডিসিসিআই জাতীয় ও আন্তর্জাতিক পরিমণ্ডলে এর সুনাম কে অক্ষুণ্ন রাখার লক্ষ্যে বিস্তৃত পরিসরে সুনির্দিষ্ট লক্ষ্য নিয়ে কর্মকাণ্ড পরিচালনা করেছে। সরকারের নীতি নির্ধারক মহলের সাথে দেশের ব্যবসায়ী সম্প্রদায়ের আলোচনা সাপেক্ষে ডিসিসিআই একটি ব্যবসা সহায়ক পরিবেশ তৈরির লক্ষ্যে নানামুখী কর্মসূচী গ্রহণ করেছে।

আজকের ৫৫তম বার্ষিক সাধারণ সভার মাধ্যমে এ কর্মচঞ্চল ও সর্বাধিক ও গুরুত্বপূর্ণ চেম্বারের সভাপতি হিসেবে আমার মেয়াদকাল শেষ হবে। সুতরাং, আজ আমি আপনাদের সামনে বিগত এক বছরে চেম্বারের কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরবো যা আমার পর্ষদের সহকর্মীবৃন্দ, সম্মানিত সদস্যবৃন্দ এবং চেম্বার সচিবালয়ের সার্বিক সহযোগিতায় সম্পন্ন করতে সক্ষম হয়েছি।

সম্মানিত সহকর্মী ও সদস্যবৃন্দ

বৈশ্বিক অর্থনৈতিক মন্দা অবস্থা উত্তরণের পাশাপাশি বেসরকারিখাতে আর্থিক ঋণের সুদের উচ্চহার, জ্বালানি তেলের মূল্যের নিম্নগতি এবং বিভিন্ন বৈদেশিক মুদ্রার মূল্যমানের ক্রমাগত উঠানামা থাকা সত্বেও ২০১৬ সালে বৈশ্বিক অর্থনীতি সামনের দিকে অগ্রসর হওয়ার জন্য যথেষ্ট সক্রিয় ছিল। চীনের অর্থনৈতিক প্রবৃদ্ধির ধীরগতি, বৈশ্বিক অর্থনীতিতে অস্থিরতা, ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশগুলোর রাজনৈতিক টানাপোড়ন এবং মধ্যপ্রাচ্য, ইউক্রেন, দক্ষিণ এশিয়া ও আফ্রিকা অঞ্চলের দেশগুলোর ভূ-রাজনৈতিক অস্থিরতার ফলে বৈশ্বিক অর্থনীতি তার কাঙ্খিত গতিতে অগ্রসর হতে পারেনি।

সম্মানিত সহকর্মী ও সদস্যবৃন্দ

বৈশ্বিক অর্থনৈতিক মন্দা থাকা সত্বেও বাংলাদেশ ৭.১১% হারে প্রবৃদ্ধি অর্জন করেছে। রপ্তানির প্রবাহ বৃদ্ধি, রেমিটেন্স আহরণের উচ্চ হার, আভ্যন্তরীণ বাজার ব্যবস্থার উন্নয়ন, মূল্যস্ফীতির নিম্নহার এবং আর্থ-সামাজিক ও রাজনৈতিক স্থিতিশীলতার কারণে অর্থনৈতিক প্রবৃদ্ধির এ ধারা অর্জন সম্ভব হয়েছে। আশাব্যঞ্জক অর্থনৈতিক প্রবৃদ্ধির ফলে, বাংলাদেশ একটি মধ্যম আয়ের দেশে পরিণত হওয়ার পথে দৃঢ় প্রত্যয়ে এগিয়ে যাচ্ছে।

সম্মানিত সহকর্মী ও সদস্যবৃন্দ

আমাদের অর্থনীতি বেশি মাত্রায় তৈরি পোষাক খাতের উপর নির্ভরশীল হওয়ায় বৈশ্বিক অর্থনৈতিক মন্দা অবস্থার প্রভাবের কারণে দেশের অর্থনীতি ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা রয়েছে। দেশের অর্থনৈতিক উৎসের বহুমুখীকরণের লক্ষ্যে বেসরকারিখাতের সহযোগিতায় সরকার দেশের অর্থনীতির অবস্থাকে আরোও সুদৃঢ় করার কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। চামড়া ও পাদুকা, ঔষধ, জাহাজ নির্মাণ, তথ্য-প্রযুক্তি, পাট, কৃষি এবং হিমায়িত খাদ্য প্রভৃতি খাতের অগ্রগতির ফলে আমাদের অর্থনীতি সামনের দিনগুলোতে আরোও সুদৃঢ় হওয়ার সম্ভাবনা রয়েছে।

Annual Report of the Board of Directors of Dhaka Chamber of Commerce & Industry for the Year 2016

Bismillahir Rahmanir Rahim

Distinguished Members of Dhaka Chamber of Commerce & Industry (DCCI);
Respected Former Presidents and Business Leaders;
My dear Colleagues in the Board of Directors-2016;
Distinguished Ladies and Gentlemen.

Assalamu Alaikum and a very good afternoon.

I welcome all of you to the 55th Annual General Meeting (AGM) of DCCI. On behalf of the Board of Directors of DCCI and on my own behalf, I would like to take this opportunity to thank you all for the cooperation and trust that you did bestow on me.

With your wholehearted cooperation, DCCI accomplished its glorious journey in 2016, through upgrading its services, framing new ideas and policy recommendations in order to promote enabling environment for sustainable private investment and business.

In 2016, DCCI has undertaken wide-ranging, focused and target-oriented activities to scale up its reputation and image to new height as one of the prominent chambers both locally and internationally. All of these activities were carried out to extend and broaden interaction with the members of DCCI, business community and policy makers with an effort to creating competitive business environment.

With this 55th AGM, my tenure of presidency of this vibrant and prestigious Chamber will come to an end today. In this occasion, it is my great pleasure to present the summary of activities held and performed during the year with timely support and guidance of my colleagues in the Board, unprecedented engagement of DCCI's members and secretariat.

Distinguished Colleagues and Members of DCCI

The global macroeconomic landscape in 2016 stepped in whirlpool driven by weak demand in advanced economies, tepid economic data emerging from the US, return to deflation to Europe, large public debt of Japan and sluggish economic growth of China. Brexit fear and sliding oil prices contribute to unfold extent of uncertainty spilling strain to the prospect of global economy.

Distinguished Colleagues and Members of DCCI

With the economy growing about 7.11%, Bangladesh is growing faster than other emerging economies despite slow global growth. The remarkable progress is propelled by growing export earnings, remittance growth, domestic consumption, easing inflation and stable macroeconomic and political state. Based on impressive economic growth, Bangladesh is steadily moving up towards the league of Middle Income Countries with the aspiration of elevating its economic status.

Distinguished Colleagues and Members of DCCI

The economy of the country is heavily dependent on RMG posing a concentration risk arising from external shock. With the view to off-set the economic concentration through diversifying the economic base, business community in collaboration with Government has made strides to upgrade the economic profile of the country. Our economy has started to enjoy the dividend of diversified endeavors which is evident from progressive performance of diversified industries such as Leather & Footwear, Pharmaceuticals, Shipbuilding, ICT, Jute, Agro sector and frozen food.

সম্মানিত সহকর্মী ও সদস্যবৃন্দ

২০১৬ সালে বাংলাদেশ রপ্তানি আয়ের লক্ষ্যমাত্রা অর্জনে আশাতীত সাফল্য লাভ করেছে। এটা অত্যন্ত আশার কথা যে, ২০১৫-১৬ অর্থবছরে বাংলদেশ ৩৪.২৪ বিলিয়ন মার্কিন ডলার রপ্তানি আয়ের লক্ষ্যমাত্রা অর্জন করেছে। এ আশাতীত সাফল্য অর্জনের পিছনে রপ্তানি পণ্যের বহুমুখীকরণ, বাণিজ্য সহযোগী দেশগুলোর সাথে সম্পর্ক উন্নয়ন এবং নতুন নতুন বাজার সম্প্রসারণ প্রভৃতি বিষয়গুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

সম্মানিত সহকর্মী ও সদস্যবৃন্দ

২০১৬ সালে ব্যাংকিং খাত, জ্বালানি খাতে ভর্তুকি প্রদানের পাশপাশি সারা পৃথিবীতে অর্থনৈতিক অস্থিরতা থাকা সত্বেও বাংলাদেশে দেশি-বিদেশি বিনিয়োগ বেড়েছে। বাংলাদেশ ব্যাংক হতে হ্যাকিং-এর মাধ্যমে ৮১ মিলিয়ন মার্কিন ডলার পাচার ঘটনাটি আর্ন্তজাতিক মহলে আলোচিত হয়েছে এবং বিষয়টি ব্যাংলাদেশ ব্যাংক-এর প্রযুক্তি নিরাপত্তা কে প্রশ্নের মুখোমুখি করেছে। তবে সরকারের দৃঢ় পদক্ষেপের কারনে উল্লেখযোগ্য পরিমান টাকা আবার ফেরৎ আনা সম্ভব হয়েছে এবং একই সাথে প্রযুক্তি নিরাপত্তাও বৃদ্ধি করা হয়েছে। অপরদিকে, স্থানীয় বাণিজ্যিক ব্যাংকগুলোতে অলস টাকার পরিমান বেড়েছে, বেসরকারিখাতের অর্থপ্রবাহে ধীরগতি এবং ব্যাংক ঋণের উচ্চ হারের কারনে দেশে কাঙ্খিত পর্যায়ে বিনিয়োগ আনা যায়নি।

সম্মানিত সহকর্মী ও সদস্যবৃন্দ

অর্থনৈতিক উন্নয়ন সত্ত্বেও, অর্থনৈতিক কর্মকাণ্ডের বহুমুখীকরনের গতি, বাণিজ্য সম্প্রসারণ এবং বিনিয়োগের প্রবাহ এখনও কাঙ্খিত মাত্রায় পৌঁছায়নি। অবকাঠামোগত সমস্যা, ব্যবসায় ব্যয় বৃদ্ধি, জ্বালানি ও বিদ্যুতের অপ্রতুলতা, যোগাযোগ ব্যবস্থার করুন দশা প্রভৃতির কারণে বাংলাদেশ দেশি-বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করতে পারেনি, পাশাপাশি বাংলাদেশ এখনও তার সম্ভাবনাময় শিল্পখাত সমূহের বহুমুখীকরণ করতে পারেনি। উপরন্তু, সরকারি কার্যক্রমে স্বচ্ছতার অভাব এবং নীতিমালা বস্তবায়নের ধীরগতির কারণে বাংলাদেশের জিডিপিতে বেসরকারি বিনিয়োগের অবদান ২২% আটকে রয়েছে।

২০১৬ সালে ঢাকা চেম্বার দেশের ব্যবসায়ী সম্প্রদায়ের বৃহত্তর স্বার্থে স্বপ্রনোদিত ভাবে ব্যবসায় ব্যয় হ্রাস, নীতিমালায় বিদ্যমান জটিলতার সহজীকরণ, সাপ্লাই চেইন নেটওয়ার্ক সমূহের উন্নয়ন, শিল্পখাতের ক্রমবর্ধমান জ্বালানি অপ্রতুলতার নিরসন, ব্যবসায় পরিবেশগত ঝুঁকি মোকাবেলায় সচেতনতা ও দক্ষতা বৃদ্ধি, ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তাদের পাশাপাশি নতুন উদ্যোক্তাদের বৈশ্বিক ব্যবসায় যোগাযোগে সম্পৃক্ত করার লক্ষ্যে সক্রিয় ভাবে কাজ করেছে।

সম্মানিত উপস্থিতিবৃন্দ,

ভিশন ২০২১ এবং এসজিডিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য টেকসই শিল্প উন্নয়ন নিশ্চিতকরণ, ব্যবসা-বাণিজের পরিবেশ উন্নয়ন, বেসরকারিখাতের উন্নয়ন, কর্মসংস্থানের সুযোগ তৈরি এবং সর্বোপরি আর্থ-সামাজিক উন্নয়নে ঢাকা চেম্বার সরকারের সাথে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। পাশাপাশি এসডিজি'র লক্ষ্যমাত্রার সাথে সঙ্গতি রেখে দেশের বেসরকারিখাতের ব্যবসা-বাণিজ্য ও শিল্পায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মপরিকল্পনা প্রণয়নে সরকারকে সহযোগিতা প্রদান করছে।

সমসাময়িক জাতীয় ও বৈশ্বিক অর্থনীতি, জ্বালানির মূল্য নির্ধারণ, প্যাকেজ ভ্যাট, পাট ও পাটজাত পণ্যের উপর এন্টি-ডাম্পিং শুল্ক আরোপ, ব্রেক্সিট পরবর্তী বিশ্ব অর্থনীতির নেতিবাচক প্রভাব, বাংলাদেশে চীনের বিনিয়োগের সম্ভাবনা প্রভৃতি বিষয়ে ঢাকা চেম্বার গবেষণা পরিচালনা করেছে।

সম্মানিত সদস্যবৃন্দ,

আপনারা নিশ্চয়ই অবগত রয়েছেন যে, ঢাকা চেম্বার সারা বছরব্যাপী "৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ব্যবসা-বাণিজ্য ও শিল্পায়নে সমস্যা এবং সম্ভাবনা", "শিল্পনীতি ২০১৬", "বৃহৎ জ্বালানি প্রকল্পগুলো'তে অর্থায়ন জটিলতা", "বাংলাদেশে শিল্পখাতে জ্বালানি ব্যবহারের দক্ষতা উন্নয়ন", "ব্লু ইকোনোমির সম্ভাবনা" এবং "এসএমই নারী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন" শীর্ষক সেমিনার/ওয়ার্কশপ আয়োজন করেছে। এছাড়াও "New Ecnomic Thinking : Bangladesh 2030 and Beyond" একটি আন্তর্জাতিক সম্মেলন আয়োজন করেছে। ঢাকা চেম্বারের সদস্যবৃন্দের পাশাপাশি দেশের ব্যবসায়ী সম্প্রদায়ের স্বার্থে ডিসিসিআই সরকার কর্তৃক ভ্যাট হার বাড়ানো এবং জাতীয় বাজেট ২১৬-১৭ বিষয়ে সংবাদ বিজ্ঞপ্তি প্রদানের মাধ্যমে প্রতিক্রিয়া ব্যক্ত করেছে।

Distinguished Colleagues and Members of DCCI

Bangladesh has showcased outstanding success in terms of achieving export growth in 2016. It is inspiring that export of Bangladesh has reached to a new height by earning $ 34.24 billion in the FY2015-16. Export diversification effort has contributed to achieve the record-breaking growth stepping into nontraditional market and strengthened ties with trade partners.

Distinguished Colleagues and Members of DCCI

In 2016, Banking sector, the supply of fund to fuel trade, business and investment has come across a turbulent year facing many odds. About $81 million reserve hacking from Bangladesh bank's account with the Federal Reserve Bank of New York drew international attention revealing the vulnerability of the central bank's IT insecurity. Despite the governments' effort to regain the stolen money has seen an immense progress and a remarkable amount is recovered. On the other hand, local commercial banks burdened with swelling idle money, failed to buoyancy private sector credit growth and lowering bank lending rate to single digit as desired by the business community.

Distinguished Colleagues and Members of DCCI

Despite remarkable economic development, the pace of economic diversification, business expansion and investment momentum are not surging to its full potential. The multi-pronged challenges such as infrastructure bottlenecks, fiscal measures, increasing cost of doing business and, above all lack of access to factors of production energy and power, transportation weaked absorbing capacity of Bangladesh grabbing local investment, foreign investment and technology to its diversified and emerging industrial units. In addition, issues of governance and the absent of slow policy implementation challenge the private investment limiting its growth around 22% of GDP.

DCCI, in 2016, has initiated proactive, focused endeavors with a view to take our business next level by advocating and suggesting solid measures to rationalize increasing cost of doing business, eliminate complex policy regime, improve of supply chain networks, find solution to growing industrial energy crisis, promote sustainable practices in business, promote and mentor SMEs and new entrepreneurs aiding them to link with global business value chain.

Distinguished Colleagues and Members of DCCI

In order to achieve the Vision 2021 and localize the global agenda SDG 2030, DCCI has been supporting relentlessly the government efforts in sustainable industrial, trade, business, private sector, employment and socio-economic development. In addition, DCCI also persistently supports Government to address the private sector business and Industry challenges with the ambit of SDG.

DCCI scaled up substantially its research focus on contemporary national and global economic issues spanning from energy tariff escalation, package VAT and anti-dumping duty on jute, post Brexit economic repercussion, China and investment, potential business and market integration development.

Distinguished Members,

You are aware that, throughout the year, DCCI organized a number of important events on challenges for business and Industries in seventh five-year-plan, Industry policy 2016, financial closure of large and mega power projects, energy efficiency in Industrialisation in Bangladesh, potential of Blue economy, SME women congregation, International Conference on futuristic economic perspective of Bangladesh titled New Economic Thinking: Bangladesh 2030 and Beyond as well as press conferences on pressing and contemporary issues especially VAT in national budget of FY2016-17 in order to protect the greater interests of members of DCCI and business community as a whole on the ever changing complex global business environment.

ঢাকা চেম্বার প্রদত্ত "বাংলাদেশ ২০৩০" ভিশনের সাথে সামঞ্জস্য রেখে ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ কে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করার জন্য আমাদের অর্থনীতির গতিকে আরোও বেগবান করতে কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে ডিসিসিআই "New Economic Thinking : Bangladesh 2030 and Beyond" শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স-এর আয়োজন করেছে, যেখানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এ কনফারেন্সে অংশগ্রহণকারী দেশি-বিদেশি অর্থনীতিবিদ, সরকারের নীতিনির্ধারক, বেসকাররিখাতের প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।

বাংলাদেশে বিদেশি বিনিয়োগ বৃদ্ধির পাশপাশি যৌথ বিনিয়োগ, দ্বিপাক্ষিক বাণিজ্য চুক্তি স্বাক্ষর এবং বিভিন্ন জায়গায় ছড়িয়ে ছিটিয়ে থাকা শিল্প-কারখানাগুলোকে শিল্পাঞ্চলে স্থানান্তরের লক্ষ্যে ঢাকা চেম্বার নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। এ লক্ষ্যে চলতি বছর ঢাকা চেম্বার পৃথিবীর বিভিন্ন দেশ বিশেষ করে দক্ষিণ এশিয়া, চীন, থাইল্যান্ড, এশিয়া-প্যাসিফিক অঞ্চলের অন্যান্য দেশসমূহ, সিসিপিআইটি, অস্ট্রিয়া, বেলজিয়াম থেকে আগত প্রতিনিধিদলের সাথে বাণিজ্য আলোচনায় মিলিত হয়েছে। বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগ (এফডিআই) বৃদ্ধির জন্য ঢাকা চেম্বার প্রতিনিয়ত চেষ্টা চালিয়ে যাচ্ছে। পাশপাশি বিনিয়োগ বোর্ড, পিপিপি কার্যালয়, বেপজা, বেজা এবং বাংলাদেশে ও বিদেশে অনুষ্ঠিত বিনিয়োগ বিষয়ক সেমিনার, ওয়ার্কশপে ডিসিসিআই অংশগ্রহণ করেছে।

ভদ্র মহিলা ও মহোদয়বৃন্দ

পূর্ণাঙ্গ প্রতিবেদন পেশ করার পূর্বে গত এক বছরে যাঁদের আমরা হারিয়েছি তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি। ঢাকা চেম্বারের পরিচালক জনাব মোক্তার হোসেন চৌধুরীর ছোট ভাই মোশাররফ হোসেন চৌধুরী, ঢাকা চেম্বারের প্রাক্তন সভাপতি নূরুউদ্দিন আহমেদ-এর ছেলে আশফাক আহমেদ, ঢাকা চেম্বারের প্রাক্তন পরিচালক ও চাঁদ গ্রুপের চেয়ারম্যান আলহাজ্ব সালেহ আহমেদ, ডিসিসিআই'র প্রাক্তন পরিচালক মোহাম্মদ নূরুল আলম, ঢাকা চেম্বারের প্রাক্তন সভাপতি জনাব আফতাব-উল ইসলাম ও পরিচালক জনাব কামরুল ইসলাম, এফসিএ-এর ভাই ও প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর প্রাক্তন মহাব্যবস্থাপক আনোয়ারুল ইসলাম, ঢাকা চেম্বারের প্রাক্তন পরিচালক জনাব মোঃ ইফতেখারউদ্দিন (নওশাদ)-এর শ্বশুর জামাল আহমেদ নোমানী, ঢাকা চেম্বারের নবনির্বাচিত পরিচালক ইঞ্জিনিয়ার আকবর হাকিম-এর মাতা আনোয়ারি বেগম, নবনির্বাচিত পরিচালক খন্দ. রাশেদুল আহসান এর মাতা মিসেস কামরুন্নাহার আলম, ডিসিসিআই রিভিউ এ্যাডভাইজরি বোর্ড-এর চেয়ারম্যান ড. মিজানুর রহমান শেলী-এর স্ত্রী সুফিয়া রহমান, এবং ডাচ-বাংলা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর সভাপতি হাসান খালেদ-এর মৃত্যুতে ঢাকা চেম্বার হতে গভীর শোক প্রকাশ করা হয়েছে।

গুলশানের হলি আর্টিজান রেস্টুরেন্ট-এ জঙ্গি হামলার ঘটনায় ২০জন বিদেশি নাগরিক সহ, পুলিশ কর্মকর্তা ও বাংলাদেশি নাগরিকের মৃত্যু, শোলাকিয়ায় ঈদ-উল ফিতর নামাজে জঙ্গি হামলায় নিহত এবং ফ্রান্স, জার্মানী'র মিউনিখ এবং তুরস্কের কামাল আতাতুর্ক বিমানবন্দরে জঙ্গি হামলায় নিহত হওয়ার ঘটনায় ডিসিসিআই পক্ষ হতে শোক প্রকাশ করা হয়েছে।

এছাড়াও কিংবদন্তী মুষ্টিযোদ্ধা মোহাম্মদ আলী এবং থ্যাইল্যান্ডের রাজা ভূমিবল আসুলাদেজ এবং কিউবার অবিসংবাদিত নেতা ফিদেল ক্যাস্ট্রো-এর মৃত্যুতেও ঢাকা চেম্বারের পক্ষ হতে শোকবার্তা প্রেরণ করা হয়েছে।

পাশাপাশি ডিসিসিআই হিসাব শাখার সিনিয়র অফিসার মোহাম্মদ মজিবুর রহমান, ঢাকা চেম্বারের সভাপতি মহোদয়-এর একান্ত সচিব জনাব রিয়াজ উদ্দিন খান-এর বাবা মাফসুর উদ্দিন খান, ঢাকা চেম্বারের প্রাক্তন কর্মচারী মোঃ মমতাজ আলী, ডিসিসিআই'র কর্মচারী মোঃ হারুন-উর রশিদ-এর বাবা গোলাম মোস্তফা-এর মৃত্যুতে ঢাকা চেম্বার হতে শোক প্রকাশ করা হয়েছে।

সম্মানিত সদস্যবৃন্দ

২০১৬ সালে ঢাকা চেম্বার তার কার্যক্রম ও সেবা প্রদানের মাধ্যমে দেশের বেসরকারিখাতের উন্নয়ন নিশ্চিতকরণে কার্যকর ভূমিকা পালন করেছে। এখন আমি, ঢাকা চেম্বারের কর্মকাণ্ডের বিস্তারিত বিবরণ তুলে ধরার পূর্বে ২০১৬ সালে ডিসিসিআই কতিপয় অর্জন আপনাদের সামনে তুলে ধরছি।

Alongside, to highlight the unexploited economic potentials and trend of economic advancement in line with the vision 2030 and 2041, DCCI held an International conference graced by Hon'ble Prime Minister of Bangladesh Her Excellency Sheikh Hasina and prestigious economists, strategists, policy leaders from home and aboard who portrayed and spotlighted the deep aspirations, required dynamics, mobility and crucial policy, strategy framework and resource synchronization focusing private and foreign investment mobilization in highly promising industries. It is worth mentioning that DCCI also organized another event titled 'Next Billion Dollar investment opportunities' attracting Investment in seven thrust promising sectors back in 2015.

DCCI relentlessly made effort to promote to bring in wide ranging investment through relocation, joint venture and other bilateral agreements. In pursuance of investment effort, DCCI received various Investment and trade delegations mostly from East Asian countries i.e. South Korea, China, Thailand, Asia pacific countries, CCPIT China, Austria, Belgium in several occasions alongside our local communication with PPP Office, BEZA, BIDA as well as represented Bangladesh in different global investment summit and conferences in Asia.

Ladies and Gentlemen,

Let me with a heavy heart expresse solemn condolence and pay homage on behalf of DCCI family to the departed souls who have left us during this year and sympathy to their all grieved and shocked family members.

DCCI expressed deep shock at the demise of Mr. Mosharof Hossain Chowdhury, younger brother of Mr. Muktar Hossain Chowdhury, Director, DCCI, Mr. Ashfaq Ahmed son of DCCI former President Mr. Nuruddin Ahmed, Al-Haj Saleh Ahmed, Chairman, Chand Group of Industries and Former Director, DCCI, Mohammad Nurul Alam, Former Director, DCCI and Brother in Law of Mr. Mahbubur Rahman, President, ICC-B and former President, DCCI & FBCCI, Mr. Anwarul Islam, Former General Manager, Pragoti Industries Limited and bother of Mr. Aftabul Islam, Former President, DCCI and Mr. Kamrul Islam, FCA, Director, DCCI, Mr. Jamal Ahmed Nomani, Father-in-law of Mr. Md. Iftekharuddin (Naushad), former Director of DCCI, Mrs. Anwari Begum mother of Engr. Akbar Hakim, Director (elect), DCCI, Mrs. Kamrun Nahar Alam, mother of Kh. Rashedul Ahsan, Director (elect), DCCI, Mrs. Sufia Rahman wife of Dr. Mizanur Rahman Shelley, Chairman, DCCI Review Advisory Board and Mr. Md. Hassan Khaled, President Duch-Bangla Chamber of Commercer & Industry (DBCCI).

DCCI also shared its solidarity for the members of the bereaved families who lost their beloved ones at the killing of 20 innocent and unarmed foreign and Bangladeshi nationals at Holy Artisan Restaurant in Gulshan, killing at Eid-ul-Fitr prayer gathering in Sholakia and merciless killing of innocent people through tragic gun fires and bomb explosions in France, Munich, Kemal Ataturk International Airport in Istanbul.

DCCI also shares its sympathy for the death of Boxing legend Mr. Muhammad Ali, H M King Bhumibol Asuladej, the longest monarch of Thailand and former President of Cuba and revolutionary Mr. Fidel Castro.

Dhaka Chamber also expressed deep shock at the demise of Mr. Mohammad Mojibur Rahman, Senior Officer, DCCI Accounts Department, Mr. Mafsur Uddin Khan, Father of Mr. Riaz Uddin, PS to the President, DCCI, DCCI Former Employee Mr. Md. Momtaz Ali and Mr. Ghulam Mustafa, Father of Mr. Md. Harun-Or Rashid, staff of DCCI.

Distinguished Members,

Before going into the details of our activities, I would like to share some of the activities and achievements of the Chamber in 2016.

ডিসিসিআই বিজনেস ইনস্টিটিউট (ডিবিআই) এবং নলেজ সেন্টার-এর কার্যক্রম

ডিসিসিআই বিজনেস ইনস্টিটিউট (ডিবিআই) ট্রেনিং ক্যালেন্ডার ২০১৬-১৭ প্রস্তুত ও মুদ্রণ করে ঢাকা চেম্বারের সদস্যবৃন্দের পাশাপাশি অন্যান্যদের মাঝে বিতরণ করা হয়েছে। মডুলার লার্নিং সিস্টেম ইন সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট (এমএলএস-এসসিএম)(পি)-কোর্সের ১৯তম ব্যাচ ২০১৬ সালের জানুয়ারী-জুন মাসে এবং ২০তম ব্যাচ ২০১৬ সালের জুলাই-ডিসেম্বর মাসে চালু করা হয়েছে, যেখানে যথাক্রমে ৪৩ ও ৫০জন অংশগ্রহণ করেছেন।

এএমএলস-এসসিএম(পি) এ্যাডভান্স কোর্সে যথাক্রমে ২১ ও ১৮জন অংশগ্রহণ করেছেন। এমএলএস-এসসিএম(পি) ডিপ্লোমা কোর্সে ১৪ ও ১৩জন অংশ নিয়েছেন। এ ট্রেনিং কোর্সের ক্লাস সমূহ শুক্রবার ও শনিবারে আয়োজন করা হয়, যার ফলে বিভিন্ন প্রতিষ্ঠানে চাকুরীরত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করতে পারছেন। এএমএলস-এসসিএম(পি) নিয়মিত কোর্সের কার্যক্রম ২০১৬ সালের মার্চ ও সেপ্টেম্বর মাঝে চালু করা হয়েছে। এপ্রিল, আগস্ট ও অক্টোবর মাসে অনুষ্ঠিত মডুলার পরীক্ষায় অংশগ্রহণকারী সংখ্যা ছিল যথাক্রমে ২২৩, ২৩২ এবং ১৮৪ জন। ডিবিআই আয়োজিত পরীক্ষাসমূহে আইটি, জেনেভা কর্তৃক প্রণীত নিয়ামাবলী যথাযথভাবে অনুসরণ করা হয়ে থাকে।

২০১৬ সালের জানুয়ারি থেকে সেপ্টেম্বর পর্যন্ত ১৬টি স্বলমেয়াদী ট্রেনিং কোর্স পরিচালনা করা হয়, যেখানে ২৬১ জন অংশগ্রহণ করেছে এবং প্রতি কোর্সে গড়ে ১৬.৩১ জন অংশগ্রহণ করেন। ডিসিসিআই নলেজ সেন্টার ২০১৬ সালের জানুয়ারি থেকে সেপ্টেম্বর পর্যন্ত ১৪টি দিনব্যাপী ট্রেনিং কোর্স ও ওয়ার্কশপ পরিচালনা করা হয়, যেখানে ১৮৮ জন অংশগ্রহণ করেছে এবং প্রতি কোর্সে গড়ে ১৩.৪২ জন অংশগ্রহণ করেন।

ডিবিআই কলেজ-এর কার্যক্রম

বিবিএ কলেজের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়ন করার জন্য ডিবিআই গভার্নিং বডি, স্ট্যান্ডিং কমিটি, ওয়ার্কিং কমিটি এবং ঢাকা চেম্বারের পরিচালনা পর্ষদের সাথে নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। বর্তমানে বিবিএ কলেজে ৫টি ব্যাচ চালু রয়েছে এবং ষষ্ঠ ব্যাচের শিক্ষা কার্যক্রম শুরু করার প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। নিয়মিত ক্লাস পরিচালনা করার পাশাপাশি এখানে গ্রুপ আলোচনা, গ্রুপ প্রেজেনটেশন, কেইস স্টাডি এবং অন্যান্য কার্যক্রম পরিচালনা করা হয়।

ছাত্র/ছাত্রীদের দক্ষতা ও উদ্ভাবনী শক্তি আরো বৃদ্ধির লক্ষ্যে প্রতিনিয়ত প্রচেষ্ঠা চালানো হচ্ছে। শিক্ষা কার্যক্রম, প্রশাসনিক কর্মকাণ্ড, সুযোগ-সুবিধা, শিক্ষা-বর্হিভূত কার্যক্রম এবং শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়নে বিবিএ কলেজ উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করেছে। ছাত্র/ছাত্রীদের প্রতিভা বিকাশে ক্লাস মনিটরিং কমিটি, পরীক্ষা কমিটি, বিতর্ক কমিটি, কাউন্সিলিং কমিটি এবং গণমাধ্যম ও যোগাযোগ বিষয়ক কমিটি গঠন করা হয়েছে।

কলেজের কাউন্সিলিংয় কমিটি প্রতিনিয়িত পাঠ্যক্রম বিষয়ক সমস্যা নিরসন ও নৈতিক শিক্ষা বিকাশে শিক্ষার্থীদের সাথে প্রতিনিয়ত ফোকাস গ্রুপ আলোচনার আয়োজন করে। বিবিএ কলেজের ১ম ব্যাচের ৪জন শিক্ষার্থী বাংলাদেশ ব্যাংক-এ ইন্টার্নশীপ করার সুযোগ পেয়েছে এবং বাংলাদেশ ব্যাংক-এর পক্ষ হতে এ ধরনের সুযোগ প্রদান করায় বিবিএ কলেজের পক্ষ হতে বাংলাদেশ ব্যাংক-এর গভর্নর মহোদয় কে ধন্যবাদ পত্র প্রদান করা হয়েছে।

এছাড়াও উক্ত কলেজের শিক্ষার্থীরা মার্কেন্টাইল ব্যাংক লিঃ, সিটি ব্যাংক লিঃ, ন্যশনাল ব্যাংক লিঃ, উত্তরা ব্যাংক লিঃ সহ কিছু আইটি কোম্পানীতে ইন্টার্নশীপ করার সুযোগ পেয়েছে।

এ কলেজের শিক্ষার্থীর সংখ্যা আরো বৃদ্ধির জন্য নানাবিধ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এর সাথে জড়িত সকল পেট্রন কলেজের সার্বিক উন্নয়নে সক্রিয় ভূমিকা পালন করেছেন এবং জাতীয় বিশ্ববিদ্যালয় এ কলেজ কর্তৃক বিবিএ কোর্স পরিচালনার বিষয়ে অত্যন্ত আশাবাদী।

Activities of DCCI Business Institute (DBI) and Knowledge Centre (KC)

As recommended by the Standing Committee, the DBI Training Calendar 2016-17 (April-March) was prepared, published and distributed among the target groups. Regarding Modular Learning System in Supply Chain Management MLS-SCM(P), 19th batch (January-June, 2016) and 20th batch (July-December, 2016) of Certificate Course were successfully started with forty three (43) and fifty (50) participants respectively. In addition, 21 and 18 participants have registered for Advanced Certificate and 14 and 13 participants for Diploma courses respectively in 2016. Classes are held on Fridays and Saturdays so as to enable persons on–the-job to attend the training courses conveniently on weekend. The courses help them increase their knowledge, efficiency and advance better job opportunities.

Examinations on MLS-SCM(P) Courses were also held in April, August and October, 2016 successfully. Total number of examinees were 223 modules/participants in April, 232 modules/participants in August and 184 modules/participants in October, 2016. The examinations were held strictly as per the standard guidelines of ITC, Geneva up to their full satisfaction. As to short training courses from January to September, 2016, Sixteen (16) training courses were held. In these courses 261 (two hundred and sixty one) trainees participated with an average of 16.31 participants per course. During the same period fourteen (14) daylong workshops were held by Knowledge Center and 188 (One hundred and eighty eight) trainees participated in the workshops with an average of 13.42 participants per workshop.

Activities of DBI College

DCCI Business Institute (DBI) College has been relentlessly pursuing its mission and goals as stipulated by the Governing Body, Standing Committee, Working Committee and DCCI Board of Directors since its inception. At present, 5 batches are under academic activities at a time and DBI College is taking necessary steps to welcome its 6th batch.

Besides, class lectures- individual and group presentation, case study, assignments, group discussion, exercise and other interactive methods of learning are being practiced to explore and expose students' potential. Much efforts have been taken to enhance students' standard of assimilation, analysis and creativity. Fortunately, DBI College has achieved commendable success in the fields of academics, administration, facilities, extra-curricular activities and students' affair. Accordingly, Class Monitoring Committee, Exam Committee, Debate Committee, Counseling Committee, Media and Communication Committee have been developed.

Under Counseling Committee, students are counseled regularly to resolve their issues regarding academic and morality. As a result, their self-motivation process has been improved. In addition to that four of our students of 1st batch have been selected as Interns at Bangladesh Bank and to express its gratefulness DBI College has conveyed a thanks letter to the Bangladesh Bank. Besides, other students have also got the opportunity to work as Interns at various renowned organizations, such as- Merchentile Bank Ltd., The City Bank Ltd., National Bank Ltd., Uttara Bank Ltd., & some other IT firms.

Steps have been underway to attract and retain good students in large group. All of its patrons have been proactive toward the attainment of desired goals but with a cautions disposition, even though National University has shown confidence the ability of DBI College for running the BBA Professional Programme successfully.

ডিবিআই লাইব্রেরি

ডিসিসিআই'র একটি পূর্ণাঙ্গ লাইব্রেরি রয়েছে। এটি ডিসিসিআই এবং ডিবিআই কলেজের গবেষণা ও উন্নয়নমূলক কর্মকাণ্ডের তথ্য সংগ্রহের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এ বছর ঢাকা চেম্বারের লাইব্রেরি থেকে ব্যবসায়ী সম্প্রদায়ের সদস্যবৃন্দ, গবেষক, শিক্ষার্থীবৃন্দ, ঢাকা চেম্বারে সদস্যবৃন্দ অর্থনীতি ও ব্যবসা-বাণিজ্য সম্পর্কে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করেছেন। ডিসিসিআই লাইব্রেরিতে ৫২৯৩ টি রেফারেন্স বই, ডিরেক্টরি এবং বিবিএ কোর্স সম্পর্কিত প্রয়োজনীয় বইয়ের সংগ্রহ রয়েছে। এবছর ১৫৭টি টেক্সট বই, ১০৬০টি রেফারেন্স বই, ৭৮২টি টেন্ডার ডকুমেন্ট, ২৯টি ট্রেনিং ক্যালেন্ডার সংগ্রহ করা হয়। এছাড়াও লাইব্রেরির আকাইভ শাখায় সরকারি ও বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ প্রকাশনা, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের ব্যবসায়িক জার্নাল সংরক্ষিত রয়েছে। ডিসিসিআই সদস্যবৃন্দ আন্তর্জাতিক দরপত্র সংগ্রহ করে থাকে। প্রতিদিন প্রায় ১৫-২০ জন ডিসিসিআই'র সদস্য এবং ৪০-৫০ জন শিক্ষার্থী, ৪-৬ জন ফ্যাকাল্টি মেম্বার এবং ৮-১০ জন চেম্বারের কর্মকর্তাবৃন্দ এ লাইব্রেরি ব্যবহার করে থাকেন।

বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড)-এর কার্যক্রম

২০১১ সালে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর উদ্যোগে মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এমসিসিআই) এবং চট্রগ্রাম চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর পার্টনাশিপে বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড) নামে একটি প্রকল্প গ্রহণ করা হয়, যেখানে এসএমই ফাউন্ডেশন এমওইউ পার্টনার হিসেবে যোগদান করে। বর্তমানে বিল্ড ১৮৮২ সালের ট্রাস্ট আইনের আওতায় নিবন্ধিত একটি প্রতিষ্ঠান যেটি স্বাক্ষরিত ট্রাস্ট চুক্তির আওতায় কর্মকাণ্ড পরিচালনা করছে। এটি পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি)-এর ক্ষেত্রে একটি মাইলফলক যেটি বেসরকারিখাতের উন্নয়নের জন্য পেশাগত ও আন্তর্জাতিক মানের সেবা প্রদান করছে।

সম্মানিত উপস্থিতি,

আপনারা অবগত আছেন যে, চেম্বারের এ সীমিত সম্পদের মাধ্যমে প্রয়োজনীয় বিশেষায়িত সকল সেবা প্রদান করা সম্ভব নয়। কিছু কিছু ক্ষেত্রে ডিসিসিআই দাতা সংস্থাগুলোর সহায়তায় সম্মানিত সদস্যবৃন্দের জন্য গুরুত্বপূর্ণ সেবা প্রদান করে থাকে। বিভিন্ন দাতা সংস্থার সহায়তায় প্রতিবছর ডিসিসিআই কিছু প্রকল্প বাস্তবায়নের কাজ হাতে নেয়। এ ধরনের প্রকল্পগুলোর মাধ্যমে চেম্বার অত্যন্ত ভালো মানের বিশেষায়িত সেবা প্রদান করছে যা ডিসিসিআই এককভাবে প্রদান করতে সক্ষম নয়। নিচে এমন কিছু প্রকল্পের সংক্ষিপ্তসার উপস্থাপন করা হলো ঃ

১. ২০০০ নতুন উদ্যোক্তা তৈরি (ই টু কে) ঃ

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), বাংলাদেশ ব্যাংকের সহযোগিতায় সারা দেশে "২০০০ নতুন উদ্যোক্তা তৈরি (ই টু কে)" শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করেছে। বাংলাদেশ ব্যাংকের সহায়তায় ২০১৩ সালের এপ্রিল মাস থেকে এ প্রকল্পের কার্যক্রম শুরু হয়েছে।

এ প্রকল্পের মূল লক্ষ্য হলো ঃ

১. ২০০০ নতুন উদ্যোক্তা তৈরি ও তাদের উন্নয়ন;

২. উদ্যোক্তাদের জন্য এমন একটি প্লাটফর্ম তৈরি করা যেখানে একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে উঠবে;

৩. "আইডিয়া শপ" প্রতিষ্ঠিত করার জন্য তথ্য আদান প্রদান করা এবং নতুন উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধি করা;

৪. দেশে ও বিদেশে ব্যবসায়ে গুরুত্বপূর্ণ অবদান রাখা ব্যক্তিবর্গের অনুপ্রেরণামূলক কাহিনী/ ঘটনা এবং success story নতুন উদ্যোক্তাদের সাথে শেয়ার করার মাধ্যমে তাদের আত্মবিশ্বাস গড়ে তোলা;

৫. দেশের স্বনামধন্য চেম্বার ও ট্রেড বডি, খাত-ওয়ারী এসোসিয়েশন, এনজিও এবং পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়কে উদ্যোক্তা তৈরিতে উৎসাহিত করা;

৬. দেশের শিল্প নীতিমালার পুনঃমূল্যায়ন এবং উদ্যোক্তা সহায়ক শিক্ষা কারিকুলাম প্রণয়ন;

৭. নতুন উদ্যোক্তা তৈরির মাধ্যমে চাকুরি খোঁজার প্রবনতা হ্রাস করা।

Activities of DBI Library

DCCI has a well equipped library with a collection of 5293 books, journals, magazines and publications. It helps learning and development of DBI college students and DCCI members. DCCI members use it particularly for International Tenders and consulting International Directories. A good number of users often visit the library. During 2016, 157 Text Books, 1060 Reference Books (Directories, Magazines, Journal), 782 Tender Documents, 29 Training materials have been sourced and retained in the Library. It has also an enriched archive with rare collection including government and non-government publications, National & International business and commercial Publications with space for study. On an average 15-20 business member, 40-50 students, 4-6 faculty members, 8-10 in house service and others use the library everyday during the year.

Activities of Business Initiative Leading Development (BUILD)

Business Initiative Leading Development (BUILD) was established in 2011 by the initiative of Dhaka Chamber of Commerce & Industry (DCCI) in partnership with Metropolitan Chamber of Commerce & Industry (MCCI) and Chittagong Chamber of Commerce & Industry (CCCI) to provide services to the private sector as a platform of public and private sector representative. SME Foundation has joined with BUILD as MoU partner. BUILD is now registered under the Trust Act 1882 for the purpose of carrying out its activities under the Trust Deed. It is a milestone for a Public Private Partnership (PPP) for extending professional and global level services to the private sector.

Distinguished Members,

Perhaps you are aware that with the limited resources of the Chamber, it is not possible to conduct all necessary specialized services besides rendering its traditional services. In some cases DCCI takes support from the donor organizations to render its services to the members. Every year DCCI takes some important projects with the help from donor organizations. All these projects helped the Chamber to initiate several high-profile technical activities which sometimes become beyond the capacities of DCCI individually. Some of these important projects are very briefly mentioned below:

1. Creating 2000 new Entrepreneurs (E2K)

Dhaka Chamber of Commerce & Industry (DCCI) in cooperation with Bangladesh Bank has taken up an ambitious and a mega project namely “Creation of 2000 New Entrepreneurs (E2K)” across the country. The activity of the project has started since April 2013 and the project is being operated by DCCI under the guidance of Bangladesh Bank.

The aims of the project are:

- Create and foster 2000 new entrepreneurs.
- Initiate a platform for the new and innovative entrepreneurs for network building
- Disseminate information to establish an Idea- Shop and help enhancing capacities of the new entrepreneurs.
- Share inspired stories and journeys of successful entrepreneurs.
- Encourage age-old reputed chambers, trade bodies, sectoral associations, NGOs and Public and private universities/educational institutions for creation of new entrepreneurs in the country.
- Encourage policy makers to modify education policy and curriculum for pro-entrepreneurship education system in the country.
- Reduce dependency on searching jobs and generating employment through entrepreneurship development.

নতুন উদ্যোক্তাদের যে সব সেবা প্রদান করা হবে, সেগুলো হলো ঃ

১. ২০০০ নতুন উদ্যোক্তাদের মটিভেশন, নেতৃত্ব, ব্যবসার সুযোগ ও সম্ভাবনা অনুধাবন, ব্যবসা পরিচালনা, এইচআর নীতিমালা, পণ্যের বাজারজাতকরণ এবং ব্রান্ডিং স্ট্রাটেজি নির্ধারন, নতুন নতুন প্রযুক্তি ব্যবহার, ব্যাংকিং সেবা গ্রহণ ও বিনিয়োগ এবং কর নীতিমালা সম্পর্কে প্রশিক্ষন প্রদান;

২. নতুন নতুন ব্যবসায়িক ধারণাকে আরো বাস্তবমুখী ও ব্যবসা সফল করার লক্ষ্যে গাইডলাইন প্রদান;

৩. প্রকল্পের কপিরাইট, আরজেএসসি রেজিস্ট্রেশন এবং ইন্সুরেন্স সেবা প্রদান;

৪. নিজ নিজ ব্যবসা প্রতিষ্ঠানের ওয়েবসাইট ও সফটওয়্যার তৈরি এবং প্রযুক্তি বিষয়ক অন্যান্য সহযোগিতা প্রদান;

৫. এইচআর বিষয়ক সহায়তা প্রদান এবং প্রয়োজনীয় ব্র্যান্ডিং ও মার্কেটিং নীতিমালা প্রণয়ন;

৬. বিজনেস ইনকিউবেটর স্থাপন;

৭. ঢাকা চেম্বারের হেল্প ডেস্কের মাধ্যমে তাৎক্ষণিক সেবা প্রদান;

২. এনটিএফ থ্রি বাংলাদেশ প্রজেক্ট

২০১০ সালের অক্টোবর থেকে ২০১৩ সালের জুন পর্যন্ত চলমান "দি নেদারল্যান্ডস ট্রাষ্ট ফান্ড টু (এনটিএফ টু)" নামক একটি প্রকল্পের সাফল্যের ধারাবাহিকার অংশ হিসেবে বাংলাদেশে "দি নেদারল্যান্ডস ট্রাষ্ট ফান্ড থ্রি (এনটিএফথ্রি)" প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় প্রতিষ্ঠানিক মার্কেটিং দক্ষতা উন্নয়ন, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বাংলাদেশ এসোসিয়েশন অফ সফটওয়ার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) যৌথভাবে বৈদেশিক বাণিজ্য প্রতিষ্ঠানসমূহের সাথে একযোগে কাজ করবে। এনটিএফ থ্রি প্রকল্পের আওতায় বাংলাদেশ ইতোমধ্যে আইটি এবং আইটি এ্যানেবল সার্ভিসেস খাতের ৪০টি প্রতিষ্ঠান নির্বাচন করেছে এবং নির্বাচিত প্রতিষ্ঠানগুলো টেলিযোগাযোগ, ওয়েব এবং ইমেজ প্রসেসিং সহ অন্যান্য বিষয় নিয়ে কাজ করে থাকে।

এ প্রকল্পের মূল লক্ষ্য সমূহ হলো ঃ নির্বাচিত কতিপয় খাতের উৎপাদনকারী ও রপ্তানীকারকদের আয় বৃদ্ধি এবং উন্নয়নশীল দেশগুলোতে নতুন নতুন খাত তৈরির মাধ্যমে আরো বেশি সুবিধা প্রদান, যার মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন আরো সুদৃঢ় করা, বিভিন্ন খাতের দক্ষতা উন্নয়নের মাধ্যমে রপ্তানী বৃদ্ধির জন্য নীতিমালা প্রণয়ন ও স্থানীয় স্টেকহোল্ডারদের মধ্যে মালিকানা বৃদ্ধি করা, রপ্তানির দক্ষতা বৃদ্ধি এবং সাপোর্ট সার্ভিস বাড়ানোর মাধ্যমে প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি করা এবং ব্যবসায়িক যোগাযোগ ও প্রযুক্তিগত সহযোগিতা বাড়ানো ও বাজার সম্প্রসারণের জন্য রপ্তানীকারকদের সাথে একযোগে কাজ করা।

পূর্ববর্তী প্রকল্পের সাফেল্যে এবং উদ্ভাবনের নতুন নতুন ক্ষেত্র উন্মোচন এবং তথ্য-প্রযুক্তি খাতের সংশ্লিষ্ট অন্যান্য খাতগুলোর উন্নয়নের বিষয়টি বিবেচনা করে এনটিএফ থ্রি বাংলাদেশ প্রকল্পটি যাত্রা শুরু করেছে। এ প্রকল্পের উদ্দেশ্য সমূহ হলোঃ বাংলাদেশের আইটি এবং আইটি-এ্যানাবল সার্ভিসেস খাতের রপ্তানির দক্ষতা বৃদ্ধি করা, যার মাধ্যমে এ খাত হতে আরো বেশি হারে রাজস্ব আয় করা সম্ভব হবে। প্রকল্পটির এ লক্ষ্য অর্জনে প্রথমঃ এ খাতের বাণিজ্য সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান সমূহের দক্ষতা বৃদ্ধি করা হবে, যার মাধ্যমে আইটি এবং আইটি-এনঅ্যাবল সার্ভিসেস রপ্তানীকারী প্রতিষ্ঠান সমূহকে সহায়তা প্রদান করা যাবে। দ্বিতীয়ঃ আইটি এবং আইটি-এনঅ্যাবল সার্ভিসেস খাতের প্রতিষ্ঠানসমূহের দক্ষতা বৃদ্ধি করা হবে। তৃতীয়তঃ সম্ভাবনাময় বাজারে পণ্য রপ্তানি বৃদ্ধিতে কার্যকরী যোগাযোগ স্থাপনে সহায়তা প্রদান করা হবে।

৩. সুইচ-এশিয়া-টু

সুইচ এশিয়া-টু পোগ্রামের আওতায় ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) "রিসোর্স এফিসিয়েন্সি সাপ্লাই চেইন ফর মেটাল প্রডাক্টস ইন বিল্ডিং সেক্টর ইন সাউথ এশিয়া (মেটাবিল্ড)" শীর্ষক প্রকল্প গ্রহণ করেছে, যেখানে শ্রীলংকা, নেপাল, ভারত এবং বাংলাদেশ সহ ইউরোপীয় ইউনিয়নের ৭টি কনসোরটিয়াম এবং এশিয়া অঞ্চলের পার্টনারদের সহযোগিতায় অংশগ্রহণকারী দেশগুলোতে ২০১৬-২০২০ সালের মধ্যে বাস্তবায়ন করা হবে। এ প্রকল্পের আওতায় মেটাল সেক্টরের এসএমই উদ্যোক্তাদের প্রযুক্তিগত সহয়তা প্রদানের পাশপাশি বর্জ্য ব্যবস্থাপনা, দূষণ কমানো, পরিবেশ সুরক্ষা, উৎপাদন ব্যায় কমানো এবং সম্পদের ব্যবহারের দক্ষতা উন্নয়ন করা হবে। এছাড়াও প্রকল্পে বাংলাদেশের নির্মান শিল্পে মেটাল ইন্ডাস্ট্রি-এর সাপ্লাই চেইন উন্নয়নে গুরুত্ব প্রদান করা হবে।

The Support Services to the 2000 Entrepreneurs:

- Training on: motivation, leadership, understanding business, business operation, HR policy, marketing and branding strategy, use of technology, banking, investment, revenue etc.
- Orientation for the development of new projects and ideas to make them more business oriented and profitable.
- Support services for copy right, RJSC registration and insurance etc.
- Developing business website, software and other technological solution
- HR recruitment and Necessary marketing and branding materials/policies
- Establishment of business incubator
- DCCI Help Desk for instant support from DCCI

2. NTF III Bangladesh project:

The NTF III Bangladesh project is part of the Netherlands Trust Fund phase III program and builds on the achievements of the project deployed in Bangladesh under the previous Netherlands Trust Fund phase II (NTFII) program (NTF II Bangladesh project), which took place between October 2010 and June 2013. The NTF III Project will continue to strengthen institutional marketing capacities, including the B2B capacity of the Dhaka Chamber of Commerce & Industry (DCCI) and Bangladesh Association of Software & Information Services (BASIS) and both on and offline and working with foreign trade representatives as relays for promotion. NTF III Project Bangladesh has already recruited 40 companies in selected growth segments of the IT & ITES industry, such as mobile, web and image processing among other areas. The NTFIII Bangladesh project aims to increase the income of Bangladeshi IT & ITES exporters by enhancing the competitiveness of the sector, ultimately contributing to sustainable economic development i.e. create and maintain jobs.

NTF III Bangladesh project will take into account the achievements of the previous project and also expand in new areas of intervention, taking into account the current landscape of other development projects benefiting the industry. To achieve this outcome, the project will: Firstly, improve the capacity of beneficiary Trade Support Institutions (TSIs) in providing services to export-oriented SMEs in the IT & ITES industry. Secondly, increase the export competitiveness of IT & ITES SMEs. Thirdly, the project will expand business linkages in selected target markets.

44. K. Atique-E-Rabbani, FCA, Vice President, DCCI attended the Dialogue on Role of Private Sector in SDG Implementation organized by MCCI at MCCI Auditorium.
45. Mr. S. Rumi Saifullah, Director, DCCI attended the meeting with Turkish Ambassador at Turkey Embassy.
46. K. Atique-E-Rabbani, FCA, Vice President, DCCI attended the meeting of BUILD Working Committee on Private Sector Development Policy Co-ordination at Bangladesh Bank.
47. K. Atique-E-Rabbani, FCA, Vice President, DCCI attended the Opening Ceremony of Sixth edition of Denimsandjeans.com Bangladesh show (As Special Guest) at Grand Ballroom in Hotel Radisson Blu, Dhaka.
48. Mr. Salim Akhter Khan, Director, DCCI attended the 5th Annual General meeting (AGM) of Agro Products Business Promotion Council (APBPC) at Conference Room of Business Promotion Council.
49. Mr. S. Rumi Saifullah & Director, DCCI attended the meeting with Commercial Officer of USA Embassy in Bangladesh at USA Embassy.
50. K. Atique-E-Rabbani, FCA, Vice President, DCCI attended the Utshobbd Launching Ceremony as Special Guest at Spectra Convention Centre, Dhaka.
51. Mr. S. Rumi Saifullah, Director, DCCI attended the meeting with Ms. Monnujan, Sr. Economic Advisor, Netherland Embassy at Netherland Embassy.
52. Board of Director, DCCI attended the Seminar on "Bangladesh- A Great for Energy Efficient Industry" jointly organized by DCCI & NCC at Hotel Six Season, Dhaka.
53. K. Atique-E-Rabbani, FCA, Vice President, DCCI attended the Seminar on Bangladesh and China: Bilateral and Multilateral Cooperation organized by BCCCI at CIRDAP. Auditorium.

সমঝোতা স্মারক স্বাক্ষর (এম ও ইউ)

ব্যবসায়ী সমাজ তথা দেশের উন্নয়নের স্বার্থে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক চেম্বার ও প্রতিষ্ঠানের সাথে প্রতিবছর সমঝোতা চুক্তি (এম ও ইউ) স্বাক্ষর করে থাকে। গত বছর চেম্বারের দায়িত্বভার গ্রহণের পরপরই বিশ্বের বিভিন্ন সংস্থার সাথে ইতোমধ্যে ডিসিসিআই এর স্বাক্ষরিত সমঝোতা স্মারকসমূহ পুনরুজ্জীবিত করার উদ্যোগ গ্রহণ করি, ফলে ঐ সকল দেশসমূহের সাথে দ্বিপাক্ষিক বাণিজ্যিক সম্পর্ক আরো দৃঢ় হয়েছে। এরই ধারাবাহিকতায় এ বছর আরো ৪টি সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। নিচে এ সকল চুক্তিসমূহের তালিকা উপস্থাপন করা হলোঃ

১। ঢাকা চেম্বার এবং একাডেমি অফ কমার্স অফ ইউনান প্রদেশ (এসিওয়াইপি)-এর মধ্যকার সমঝোতা চুক্তি স্বাক্ষর।

২। ডিসিসিআই এবং সাইউ এশিয়ান এসোসিয়েশন ফর রিজিওন্যাল কো-অপারেশন-এর মধ্যকার সমঝোতা চুক্তি স্বাক্ষর।

৩। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং চায়না কাউন্সিল ফর দি প্রমোশন অফ ইন্টারন্যাশনাল ট্রেড বেইজিং সাব কাউন্সিল-এর মধ্যকার সমঝোতা চুক্তি স্বাক্ষর।

৪। ডিসিসিআই এবং চায়না কাউন্সিল ফর দি প্রামোশনাল অফ ইন্টারন্যাশনাল ট্রেড-এর মধ্যকার সমঝোতা চুক্তি স্বাক্ষর।

ডিসিসিআই বাণিজ্য প্রতিনিধি দলের বিদেশ গমন

২০১৬ সালে ডিসিসিআই বেশ কিছু বাণিজ্যিক দলের বিদেশ সফরে নেতৃত্ব দিয়েছে। তার মধ্যে উল্লেখযোগ্যে প্রতিনিধি দলের তালিকা নিম্নে দেয়া হলোঃ

১। ডিসিসিআই ভারপ্রাপ্ত সভাপতি জনাব হুমায়ুন রশিদ, মাননীয় বাণিজ্যমন্ত্রীর সফরসঙ্গী হিসেবে ভারতের কালকাতায় অনুষ্ঠিত "গ্লোবাল বিজনেস সামিট"-এ যোগদান করেন।

২। ডিসিসিআই সভাপতি জনাব হোসেন খালেদ আইটি কর্তৃক চীনের বেইজিং-এ অনুষ্ঠিত সিআইএফটিআইএফ বিষয়ক কনফারেন্সে যোগদান করেন।

৩। ডিসিসিআই সভাপতি জনাব হোসেন খালেদ এবং উর্ধ্বতন সহ-সভাপতি জনাব হুমায়ুন রশিদ থাইল্যান্ডের ব্যাংককে অনুষ্ঠিত "বাংলাদেশ ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট এক্সপো-২০১৬"-তে যোগদান করেন।

৪। ডিসিসিআই সভাপতি জনাব হোসেন খালেদ শ্রীলংকার রাজধানী কলম্বোতে অনুষ্ঠিত "শ্রীলংকান ন্যাশনাল ট্রেড পোর্টাল অ্যান্ড সিঙ্গেল ওয়েন্ডো বেস্ট প্যাকটিস ফোরাম"-এ যোগদান করেন।

৫। ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি জনাব হুমায়ুন রশিদ শ্রীলংকার রাজধানী কলম্বোতে অনুষ্ঠিত "৫ম জয়েন্ট ইকোনোমিক কমিশন"-এর সভায় যোগদান করেন।

৬। ডিসিসিআই সহ-সভাপতি খ. আতিক-ই-রাব্বানী, এফসিএ মরক্কোর রাজধানী ক্যাসাব্ল্যাঙ্কাতে অনুষ্ঠিত "টিপিও নেটওয়ার্ক ওয়ার্ল্ড কনফারেন্স অ্যান্ড এ্যাওয়ার্ডস" শীর্ষক অনুষ্ঠনে যোগদান করেন।

৭। ডিসসিআই সভাপতি জনাব হোসেন খালেদ প্রধানমন্ত্রীর সফর সঙ্গী হিসেবে হাঙ্গেরী সফর করেন।

৮। ডিসিসিআই পরিচালক জনাব আসিফ এ চৌধুরী এবং পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ সহ ঢাকা চেম্বারের সদস্যবৃন্দ মালয়েশিয়ায় অনুষ্ঠিত ক্ল্যাং ইন্টারন্যাশনাল ট্রেড ফেয়ার-এ যোগদান করেন।

জাতীয় নীতিমালা ও বিভিন্ন জাতীয় ইস্যুতে ডিসিসিআই'র সুপারিশমালা

জাতীয় নীতি ও গুরুত্বপূর্ণ জাতীয় ইস্যুতে বেসরকারিখাতের প্রতিনিধি হিসেবে সরকারের নিকট গঠনমূলক মতামত/সুপারিশমালা প্রেরণ ডিসিসিআই এর কার্যক্রমের অন্যতম একটি অংশ। ডিসিসিআই জাতীয় বাজেট ২০১৬-২০১৭ তে অন্তর্ভূক্তির জন্য বেশ কিছু সুপারিশমালা এনবিআর এ প্রেরণ করে। এ ছাড়াও বেশ কিছু জাতীয় ও আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ বিষয়ে ডিসিসিআই সুপারিশমালা বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগে প্রেরণ করেছে যার তালিকা নিচে উপস্থাপন করা হলোঃ

১। রপ্তানি নীতি ২০১৫-১৮-উপর সুপারিশ প্রেরণ।

২। আমদানি নীতি ২০১৫-১৬-এর উপর সুপারিশ প্রেরণ।

৩। পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জাতীয় সিএসআর নীতি প্রণয়নে সুপারিশ প্রেরণ।

৪। আধুনিক ও শিল্পবান্ধব "শিল্প নীতি ২০১০" প্রণয়নে সুপারশ প্রেরণ।

৫। "বাংলাদেশ চিনি (রাস্তাঘাট উন্নয়ন উপকর) আইন-২০১৫"-এর খসড়া নীতি অনুমোদনে সুপারিশ প্রেরণ।

৬। খসড়া টেক্সটাইল আইন-২০১৬-তে সুপারশ প্রেরণ।

DCCI MOU in 2016

DCCI signs MoUs with various national and international organizations including Chambers, Public & Private Trade Promotion Organizations for sharing collaboration in order to benefiting the business and economy as a whole. DCCI signed 4 MOUs in 2016 with different national and international organizations. The list of singed MoUs between Dhaka Chamber of Commerce & Industry (DCCI) and Counter Party are noted below:

1. DCCI and Academy of Commerce of Yunnan Province (ACYP)
2. DCCI and South Asian Association for Regional Cooperation (SARCO)
3. DCCI and China Council for the Promotion of International Trade Beijing Sub-Council
4. DCCI and China Council for the Promotion of International Trade (CCPIT)

DCCI Trade Delegation to Abroad

In 2016 several business delegations from DCCI visited foreign Trade Bodies. Some of the important delegations are mentioned below:

1. DCCI Acting President Mr. Humayun Rashid attended Bengal Global Business Summit, Kolkata, India as an entourage of Hon'ble Commerce Minister Mr. Tofail Ahmed.
2. DCCI President Mr. Hossain Khaled attended the CIFTIF organized by ITC in Beijing, China.
3. DCCI President Mr. Hossain Khaled and Senior Vice President Mr. Humayun Rashid attended "Bangladesh Trade and Investment Expo 2016" at Bankok, Thailand.
4. DCCI President Mr. Hossain Khaled attended Sri Lanka National Trade Portal and Single Window Best Practices Forum at Colombo, Sri Lanka.
5. DCCI Senior Vice President Mr. Humayun Rashid attended 5th Joint Economic Commission meeting at Colombo, Sri Lanka.
6. DCCI Vice President Mr. K. Atique-E-Rabbani, Vice President attended TPO Network World Conference and Awards organized by ITC at Marrakech, Morocco.
7. DCCI President Mr. Hossain Khaled attended Hon'ble Prime Minister BD Entourage at Hungery.
8. DCCI Director Mr. Asif A Chowdhury and along with BoDs attended Klang Fair, Malaysia.

DCCI's Comments/Recommendations on several National Policies/Issues

One of the major functions of DCCI is to send comments/recommendations/suggestions to the Government on behalf of its constituencies to incorporate in the national policies and important national issues. DCCI sent proposals to NBR for inclusion in the National Budget 2016-17. The Chamber has also forwarded comments on various national and international issues. These are listed below:

1. DCCI comment on Export Policy 2015-2018
2. DCCI Comment on Import Policy 2015-2018
3. DCCI Comment on formulating National CSR policy by MoF
4. DCCI Comment on Industrial Policy 2010 to make it modernized and investment friendly.
5. "বাংলাদেশ চিনি (রাস্তাঘাট উন্নয়ন উপকর) আইন-২০১৫" এর খসড়া নীতিগত অনুমোদন
6. DCCI Comment on Draft Textile Law 2016

২০১৬ সালে প্রকাশনা সমূহ

ডিসিসিআই'র গবেষণা শাখার সহযোগিতায় জনসংযোগ শাখা এ বছর বেশ কিছু প্রকাশনা বের করেছে। এগুলো হলো ঃ

Introducing DCCI-2016
Tax Guide 2016-17
DCCI Monthly Review
Brochures for DCCI Trade Delegation to abroad
Annual Report-2016.

স্ট্যান্ডিং কমিটির কার্যক্রম

ডিসিসিআই এর ২৩ টি স্ট্যান্ডিং কমিটির প্রতিটিতে একজন করে পরিচালকের নেতৃত্বে সারা বছর কার্যক্রম পরিচালনা করেছে। ২০১৬ সালে স্ট্যান্ডিং কমিটিগুলো প্রায় ৬৭ টি বৈঠক করে এবং এ সকল বৈঠকে বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ও পরামর্শ গৃহীত হয়। স্ট্যান্ডিং কমিটির নতুন আহবায়ক ও সহ-আহবায়কদের অংশগ্রহণে একটি সমন্বয় সভা ডিসিসিআইতে অনুষ্ঠিত হয়। স্ট্যান্ডিং কমিটিগুলোর বিশদ কার্যাবলী এ রিপোর্ট এর আলাদা এক অধ্যায়ে বর্ণিত আছে। কমিটিগুলোর সমন্বয়কারী পরিচালক, আহবায়ক এবং সহ-আহবায়কগণকে বছরব্যাপি তাদের অকৃত্রিম সহযোগিতা প্রদানের জন্য আমি তাদের আন্তরিক ধন্যবাদ জানাই।

ডিসিসিআইতে এ বছর আটটি (৮)টি বোর্ড সভা ও একটি (১)টি জরুরী সভা অনুষ্ঠিত হয়েছে যাতে ব্যবস্থাপনা ও আর্থিক বিষয় ছাড়াও ডিসিসিআইকে আরো কার্যকরভাবে পরিচালনার লক্ষ্যে গৃহীত নীতি বিষয়ক আলোচনা অনুষ্ঠিত হয়। উক্ত সভাগুলো ডিসিসিআই এর প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণে ও সুশৃংখল কার্যক্রম পরিচালনায় সহায়তা করেছে।

সামাজিক উন্নয়ন কার্যক্রম

২০১৬ সালে ডিসিসিআই নানাবিধ সামাজিক কল্যাণমূলক কাজের সাথে জড়িত ছিল। এ বছর ডিসিসিআই'র সামাজিক কার্যক্রমের অংশ হিসেবে দেশের উত্তারাঞ্চলের মানুষের শীতের কষ্ট লাঘবের লক্ষ্যে এবছর ডিসিসিআই নীলফামারি চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, দিনাজপুর চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, কুড়িগ্রাম চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, রংপুর চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, লালমনিরহাট চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর প্রতিনিধিদের কাছে শীত বস্ত্র হস্তান্তর করে। এছাড়া ঢাকা ও এর আশেপাশের মানুষের শীতের কষ্ট লাঘবের জন্য আঞ্জুমান মফিদুল ইসলাম, ঢাকা মহানগর সমিতি (ঢাকা সমিতি), ঢাকা শিল্পনগরী শিল্প মালিক বহুমুখী সমবায় সমিতি লিঃ, মেসবাহউল উম্মা এবং ডিসিসিআই ফাউন্ডেশন-এর প্রতিনিধিদের নিকটও শীত বস্ত্র হস্তান্তর করা হয়েছে।

ডিসিসিআই'র সদস্যপদ

ডিসিসিআই'র সম্মানিত সদস্যবৃন্দ আমাদানি, রপ্তানি, ম্যানুফেকচারিং, ব্যাংকিং, ইন্স্যুরেন্স, জাহাজ নির্মাণ, রিয়েল এস্টেট এবং এসএমই খাতের সাথে সম্পৃক্ত। দেশের ব্যবসা-বাণিজ্য পরিচালনায় নানাবিধ সীমাবদ্ধতা এবং রাজনৈতিক অস্থিতিশীলতা সত্ত্বেও ২০১৬ সালের নভেম্বর মাস পর্যন্ত ৫২৮ জন নতুন সদস্য নিবন্ধিত হয়েছেন, ১৩৫ জন সদস্য তাদের সদস্যপদ পূনরুদ্ধার করেছেন এবং ২৮৮৫ জন সদস্য তাদের সদস্যপদ নবায়ন করেছেন; যা থেকে প্রতীয়মান হয় যে, এবছর সদস্য সংখ্যা বৃদ্ধিতে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে।

ডিসিসিআই এর আর্থিক অবস্থার হিসাব

আমার বক্তৃতা শেষ করার আগে আমি ডিসিসিআই এর আর্থিক অবস্থার উল্লেখযোগ্য দিকগুলো তুলে ধরতে চাই। এ বার্ষিক রিপোর্টে অর্ন্তভূক্ত অডিটরস রিপোর্ট হতে দেখা যায়, এ বছর চেম্বারের আয়ের পরিমাণ দাঁড়িয়েছে ১৫,২০,৩৮,১৩৮ টাকা, যা পূর্ববর্তী বছরে ছিল ১২,৫১,৫০,২৪০ টাকা, অর্থ্যাৎ ২০১৬ সালে পূর্ববর্তী বছরের তুলনায় আয় বৃদ্ধি পেয়েছে ২,৬৮,৮৭,৮৯৮ টাকা বা ২১.৪৮%। এ আয় মূলতঃ সদস্যদের চাঁদা, ভবন ভাড়া, সুদ এবং অন্যান্য উৎস থেকে অর্জিত হয়েছে। পক্ষান্তরে, ২০১৬ সালে মোট খরচ হয়েছে ৭,১৮,৮০,৪৪৯ টাকা, যা পূর্ববর্তী বছরে ছিল ৬,১৯,৩২,১৯৮ টাকা, অর্থাৎ তুলনামূলক ভাবে খরচ বৃদ্ধি পেয়েছে ৯৯,৪৮,২৫১ টাকা বা ১৬.০৬%। ফলতঃ ২০১৬ সালে ব্যয়াতিরিক্ত আয় হয়েছে ৮,০১,৫৭,৬৮৯ টাকা, যা পূববর্তী বছরে ছিল ৬,৩২,১৮,০৪২ টাকা অর্থাৎ ব্যয়াতিরিক্ত আয় বৃদ্ধি পেয়েছে ১,৬৯,৩৯,৬৪৭ টাকা বা ২৬.৮০%।

Publications in the year 2016

Research and Development Department of DCCI in cooperation with Public Relation Department of DCCI has prepared the following Publications in 2016.

Introducing DCCI-2016
Tax Guide 2016-17
DCCI Monthly Review
Brochures for DCCI Trade Delegation to abroad
Annual Report-2016.

Standing Committee activities and Board Meetings

A total of Twenty Three (23) Standing Committees, each headed by a Director who acted as 'Coordinating Director' of the committee worked throughout the year. In the year 2016 about 67 meetings of these Standing Committees were recorded, where lots of important suggestions and recommendations came out. A meeting with the newly assigned convener and co-conveners of all the Standing Committees of DCCI was also held. The detailed of the activities of the Standing Committees have been included in a separate chapter of this annual report. I would like to take the privilege to thank all Coordinating Directors, Conveners, Co-Conveners of all the Standing Committees for their whole–hearted cooperation and efforts throughout the year.

A total of eight (08) Board Meetings and One (01) emergency meetings of the Board of Directors, DCCI were held to discuss managerial & financial issues along with suggesting policy issues to run the Chamber efficiently. It also helped to take administrative decisions to streamline disciplinary activities of the Chamber.

Social Welfare Activities

During the year 2016 DCCI has carried out various social welfare activities. As a part of its CSR activities, DCCI handed over blanket to the representatives of Nilphamari Chamber of Commerce and Industry, Dinajpur Chamber of Commerce and Industry, Kurigram Chamber of Commerce and Industry, Rangpur Chamber of Commerce and Industry, Chapai Nawabganj Chamber of Commerce and Industry, Lalmonirhat Chamber of Commerce and Industry for cold wave stricken distressed people of North Bengal and Jamalpur District. DCCI has also distributed warm clothes to the Anjuman Mufidul Islam, Dhaka Mahanagari Samity (Dhaka Samity), Dhaka Shilpo Nagori Shilpo Malik Bahomukhi Samobai Samity Ltd., Misbahul Ummah Trust and DCCI Foundation to distribute these to the distressed people living in Dhaka and its surrounding.

Membership Enrollment

DCCI has been supported by a large number of members engaged in business in the area of export, import, manufacturing, banking, insurance, shipping, services, real estate and SMEs. During the year, 528 new members were enrolled, 135 companies revived their membership and 2885 members have renewed their membership during 2016 which shows a significant increase in membership of the Chamber.

DCCI Accounts

Before concluding my speech, I would like to highlight some salient features of the financial position of the Chamber. It appears from the Auditors' Report of the Chamber as incorporated in this Annual Report that the income of the Chamber of this year (2016) is Taka 15,20,38,138 as against Tk. 12,51,50,240 in the previous year (2016) leading to an increase of Tk. 2,68,87,898 i.e., 21.48 percent. The income has accrued from membership subscription, building rent, interest and other sources. On the other hand, total expenditure during the year 2016 stands at Tk. 7,18,80,449 as against Tk. 6,19,32,198 in the previous year (2015) resulting in a increased of Tk. 99,48,251 i.e., 16.06 percent. Thus excess of income over expenditure during the year 2016 is Tk. 8,01,57,689 which was Tk. 6,32,18,042 in the previous year leading to an increase of Tk. 1,69,39,647 i.e., 26.80 percent.

চেম্বারের মোট তহবিল বা সঞ্চয় পূববর্তী বছরের ৪৯,৪১,৫৮,৬০৬ টাকা থেকে ৬,৭৩,০৩,৪৯৩ টাকা অর্থাৎ ১৩.৬২% বৃদ্ধি পেয়ে এ বছরে ৫৬,১৪,৬২,০৯৯ টাকায় দাঁড়িয়েছে। এতে প্রতীয়মান হয় যে, ২০১৬ সালে চেম্বারের আর্থিক অবস্থার উল্লেখযোগ্য উন্নতি সাধিত হয়েছে।

সম্মানিত সদস্যবৃন্দ

দেশের একমাত্র আইএসও সনদপ্রাপ্ত চেম্বার হিসেবে দেশে ও বিদেশে ঢাকা চেম্বার তার সম্মানিত সদস্যবৃন্দ ও সর্বোপরি দেশের ব্যবসায়ী সমাজের জন্য উন্নত সেবার মান অক্ষুন্ন রেখে চলেছে। এখন, দেশে ও বিদেশে ঢাকা চেম্বার বাংলাদেশের সবচেয়ে গতিশীল ও স্বনামধন্য চেম্বার হিসেবে স্বীকৃতি লাভ করেছে। আমি আশা করি চেম্বার ভবিষ্যতেও তার এ সুনাম ধরে রাখতে সক্ষম হবে।

সম্মানিত সদস্যবৃন্দ

২০১৬ সাল আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল, কারণ এ বছর আমরা সরকারি, বেসরকারি সংস্থাসহ আন্তর্জাতিক বিভিন্ন সংস্থার সাথে আরো ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপন করতে সক্ষম হয়েছি। তথাপি, ডিসিসিআই'র কর্মকাণ্ডে বেসরকারিখাতের উন্নয়নের দিকটিকে আমি বেশি সর্বাধিক গুরুত্ব দিতে চেষ্টা করেছি।

আমি আমার পূর্বসূরীদের নিকট থেকে চেম্বারকে গতিশীল ও কার্যকর রাখার জন্য গুরুত্বপূর্ণ পরামর্শ পেয়েছি। আমার মেয়াদকালে অনেক অগ্রগতি সাধন করতে পেরেছি। বিশ্বের বিভিন্ন দেশে প্রতিনিধিদল প্রেরণের মাধ্যমে আমরা বিশ্ব আঙ্গিনায় ঢাকা চেম্বারের ইমেজকে সুদৃঢ় করতে পেরেছি।

আজ ডিসিসিআই'র সভাপতি হিসেবে আমার শেষ কার্যদিবস। আমি আপনাদের নিশ্চিত করতে চাই যে, ডিসিসিআই এর কার্যক্রমের সাথে আমার সম্পৃক্ততা ও সহযোগিতা সব সময় অব্যাহত থাকবে এবং বেসরকারীখাতের উন্নয়নের জন্য আমি সবসময় সচেষ্ট থাকব। আমার মেয়াদে আমরা ব্যবসা-বাণিজ্য উন্নয়নে যতটুকু অবদান রাখতে পেরেছি, সে কৃতিত্ব আপনাদের সকলের।

আমি ডিসিসিআই সচিবালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে ধন্যবাদ জানাই। কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ নিজ নিজ স্থানে দায়িত্বশীলতা ও নিষ্ঠার সাথে কাজ করে ডিসিসিআই এর ভাবমূর্তি উজ্জ্বল করছেন এবং জাতীয় ও আন্তর্জাতিক সংস্থাগুলোর সাথে সম্পর্ক বজায় রাখতে সাহায্য করছেন। এবছর চেম্বার সচিবালয় থেকে আমি সর্বাত্নক সহযোগিতা পেয়েছি যার স্বীকৃতি দেয়া প্রয়োজন।

আমার বক্তব্য শেষ করার পূর্বে আমি ডিসিসিআই'র নবনির্বাচিত সভাপতি, ঊর্ধ্বতন সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালনা পর্ষদ কে আন্তরিক অভিনন্দন জানাই যারা ২০১৭ সালে চেম্বারের আরো সাফল্যের জন্য আমার চেয়ে বেশি প্রচেষ্টা চালিয়ে যাবে। আমি আমার পূর্বসূরীগণকে এবং উত্তরসূরীগণকে ধন্যবাদ জানাই। পাশাপাশি চেম্বারের উত্তরোত্তর উন্নয়নের প্রয়োজনে যে কোন ধরনের সহযোগিতা প্রদানে আবারো আমার প্রত্যয় ব্যক্ত করছি।

আমি আপনাদের সকলকে ধৈর্য্যের সাথে আমার বক্তৃতা শোনার জন্য আবারও ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

আল্লাহ হাফেজ।

হোসেন খালেদ
সভাপতি, ডিসিসিআই।

ডিসেম্বর ২২, ২০১৬ইং।

The overall savings of the Chamber during the year in the form of cash at Bank, cash in hand and fixed deposits increased to Tk. 56,14,62,099 from Tk. 49,41,58,606 in the previous year reflecting an increase of Tk. 6,73,03,493 or 13.62 percent. It is evident from the above statistics that the financial condition of the Chamber has improved substantially in 2016.

Respected Members,

As a first ISO Certified Chamber of the country, DCCI maintains its high quality of services to its esteemed members as well as business community both at home and abroad. Today, the Chamber has been recognized as one of the most active and reputed trade organizations both in national and international arena. The Chamber would like to maintain the same standard in future also which will not be possible without your whole-hearted support and cooperation.

Distinguished Members,

DCCI has marked a vibrant and successful year. We have undertaken and align our course of actions to ensure greater interest of inclusive private sector development

Today it is my last day as the President of DCCI. I would like to promise that I will always remain in touch with the Chamber and engage my effort for the continuous development of DCCI in the years to come.

I also acknowledge with thank the relentless effort, sincerity, credential of all officials of the Secretariat in performing their duties to uphold the image of the Chamber in home and abroad.

Before concluding my speech, I want to congratulate the newly elected President, Senior Vice President, Vice President and Directors of DCCI who, i believe, will work harder and bring more value in 2017 to glorify and elevate the DCCI into new height.

I would like to extend my heartfelt thanks to all of my predecessors and successors once again and pledge to render any support required for the restless development journey of DCCI and make it the torch bearer of business community.

Before wrapping up, i would reiterate the DCCI's maxim: the Best of Bangladesh is Business our spirit to march forward. To uphold this, we would appreciate much the cooperation from the honorable members of DCCI.

I thank you all once again for your presence to grace this occasion.

Allah Hafez

Hossain Khaled
President, DCCI

Date: 22/12/2016

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর ৫৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর ৫৪তম বার্ষিক সাধারণ সভা বিগত ১২ ডিসেম্বর, ২০১৫ইং (২৮ অগ্রহায়ণ, ১৪২২ বাংলা), শনিবার বিকাল ০৩ঃ০০ ঘটিকায়, ডিসিসিআই অডিটোরিয়াম (৬ষ্ঠ তলা), ঢাকা চেম্বার ভবন, (৬৫-৬৬ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০)-এ অনুষ্ঠিত হয়।

৫৪তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সদস্যবৃন্দ

ক্রমিক নং	প্রতিনিধির নাম		প্রতিষ্ঠানের নাম
১।	জনাব আহমেদ হোসেন মজুমদার	-	মেসার্স পারভীন ট্রেডিং কর্পোরেশন
২।	জনাব হায়দার আহমদ খান, এফসিএ	-	মেসার্স আহমেদ খান অ্যান্ড কোং
৩।	মিসেস লিলি হক	-	মেসার্স চয়ন প্রকাশন
৪।	জনাব সাধন চন্দ্র দাস	-	মেসার্স মিশু ট্রেডার্স
৫।	জনাব মোঃ মাজহারুল ইসলাম	-	মেসার্স হসপিটাল ফিজিশিয়ান নিউজ নেটওয়ার্ক
৬।	খন্দকার শহীদুল ইসলাম	-	মেসার্স মাহবুবা খন্দকার
৭।	ক্যাপ্ট. মোঃ নুরুল হক (অবঃ)	-	মেসার্স শেল্টার কনস্ট্রাকশনস লিঃ
৮।	জনাব খুরশেদ আলী মোল্লা	-	মেসার্স আলী ব্রাদার্স
৯।	জনাব এম আনওয়ারুল হক	-	মেসার্স টিপারা আয়রন অ্যান্ড টিন ফ্যাক্টরী লিঃ
১০।	জনাব এ কে মোঃ শামসুদ্দিন	-	মেসার্স ওয়ারেস কর্পোরেশন লিমিটেড
১১।	জনাব এম এ বাতেন	-	মেসার্স সি এন আর ফ্যাশন
১২।	জনাব এম এ হামিদ	-	মেসার্স দিগন্ত এডভারটাইজিং
১৩।	জনাব এম আবু হোরায়রাহ্	-	মেসার্স সালমান রেফ্রিজারেশন
১৪।	জনাব আলমগীর হোসেন	-	মেসার্স ইন্টারন্যাশনাল বুক এজেন্সিস লিঃ
১৫।	জনাব মোঃ রমজান আলী	-	মেসার্স হক প্লাস্টিক সেন্টার
১৬।	জনাব রমিজউদ্দিন ফকির	-	মেসার্স লাকী ট্রেডিং এজেন্সী
১৭।	জনাব মোঃ জাহিদ হোসেন	-	মেসার্স রিভারি পাওয়ার অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং লিমিটেড
১৮।	জনাব এস এম আরিফুল ইসলাম	-	মেসার্স শেখ ফ্যাশন
১৯।	জনাব এম এস সেকিল চৌধুরী	-	মেসার্স টিসিবিএল গ্রুপ
২০।	মেজর (অবঃ) মোঃ ইয়াদ আলী ফকির	-	মেসার্স ইয়াদ লিমিটেড
২১।	জনাব মহসিন উদ্দিন আহমেদ	-	মেসার্স মারসাল ট্রেড ইন্টারন্যাশনাল
২২।	জনাব মোঃ আনোয়ার হোসেন	-	মেসার্স ভাসটেক লিঃ
২৩।	জনাব আবসার করিম চৌধুরী	-	মেসার্স ফজল ওয়্যার এন্ড মেটাল ইন্ডাষ্ট্রিজ
২৪।	জনাব মোঃ আলাউদ্দিন	-	মেসার্স আজাদ স্প্রিং কোং
২৫।	জনাব সাইদুর রহমান	-	মেসার্স ইয়ন এনিমেল হেলথ প্রোডাক্টস লিঃ
২৬।	জনাব আব্দুল হক, এফসিএ	-	মেসার্স এ হোসেন এন্ড কোং
২৭।	জনাব মোঃ শাহীন হোসেন	-	মেসার্স ট্রাম্প ইঞ্জিনিয়ারিং লিমিটেড
২৮।	জনাব তাওহীদুল ইসলাম	-	মেসার্স আনোয়ার গ্যালভানাইজিং লিঃ
২৯।	জনাব আল মামুন কবির	-	মেসার্স আনোয়ার ইন্টিগ্রেটেড স্টীল প্ল্যান্ট লিঃ
৩০।	জনাব মোঃ সাখায়েত উল্লাহ	-	মেসার্স রিলায়েবল কর্পোরেশন

ক্রমিক নং	প্রতিনিধির নাম		প্রতিষ্ঠানের নাম
৩১।	জনাব এম এ মোমেন	-	মেসার্স টোকা ইংক (বাংলাদেশ) লিঃ
৩২।	মিসেস নাসরিন আনোয়ার চৌধুরী	-	মেসার্স মাহমুদা হ্যান্ডিক্র্যাফ্টস
৩৩।	জনাব মোঃ ওমর গনি	-	মেসার্স আনোয়ার সিমেন্ট শীট লিঃ
৩৪।	জনাব আসিফ এ চৌধুরী	-	মেসার্স আলম ইন্টারন্যাশনাল টি.সি. (বিডি) লিঃ
৩৫।	জনাব আবুল হোসেন	-	মেসার্স ফজিলা কর্পোরেশন
৩৬।	জনাব মোঃ আলাউদ্দিন মালিক	-	মেসার্স এভিন্স গার্মেন্টস
৩৭।	জনাব মোহাম্মদ শাহজাহান খান	-	মেসার্স এস এস শিপিং এন্ড ট্রেডিং লিঃ
৩৮।	জনাব সেলিম আখতার খান	-	মেসার্স এসেট ডেভেলপমেন্টস এন্ড হোল্ডিংস লিমিটেড
৩৯।	জনাব হুমায়ুন রশিদ	-	মেসার্স এনার্জিপ্যাক পাওয়ার জেনারেশন লিমিটেড
৪০।	জনাব আফতাব-উল ইসলাম	-	মেসার্স আইওই (বাংলাদেশ) লিমিটেড
৪১।	জনাব সালাহ্উদ্দিন আব্দুল্লাহ্	-	মেসার্স রেমফ্রি অ্যান্ড সন লিমিটেড
৪২।	জনাব আসিফ ইব্রাহীম	-	মেসার্স নিউএইজ এ্যাপারেল্স লিমিটেড
৩৩।	জনাব হোসেন খালেদ	-	মেসার্স এ জি অটোমোবাইলস লিমিটেড
৪৪।	জনাব এ কিউ এম শহিদুজ্জামান	-	মেসার্স আনোয়ার ইস্পাত লিমিটেড
৪৫।	জনাব সুমন তালুকদার	-	মেসার্স এস এস বিজনেস কর্পোরেশন লিঃ
৪৬।	সৈয়দ তানভীর	-	মেসার্স ক্যালিপজো লিঃ
৪৭।	জনাব মোহাম্মদ গোলাম মোস্তফা	-	মেসার্স এস এস ট্রেড লিংক ইন্টারন্যাশনাল (প্রাঃ) লিঃ
৪৮।	জনাব মোঃ বেল্লাল হোসেন	-	মেসার্স জেমকন সিটি লিঃ
৪৯।	জনাব সামির সাত্তার	-	মেসার্স সাত্তার অ্যান্ড কোং
৫০।	জনাব মোঃ রুবেল	-	মেসার্স জেন জুট লিমিটেড
৫১।	জনাব মোঃ শাহবুদ্দিন	-	মেসার্স ওয়ালটন হাইটেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড
৫২।	মিস্ শামসুন নাহার	-	মেসার্স আব্দুর রহমান
৫৩।	মিসেস কাজী মুন্নী	-	মেসার্স রিফাত এন্টারপ্রাইজ
৫৪।	জনাব মোঃ মামুনুর রহমান	-	মেসার্স এক্সপোপ্রো
৫৫।	জনাব এম এ মালেক	-	মেসার্স পেডরোলো এন কে লিমিটেড
৫৬।	জনাব রাশেদ আলী	-	মেসার্স দয়াল এন্টারপ্রাইজ
৫৭।	জনাব আব্দুস সালাম	-	মেসার্স ইন্টারন্যাশনাল ট্রেডিং কোম্পানী
৫৮।	জনাব ওসামা তাসীর	-	মেসার্স ফোর উইংস লিঃ
৫৯।	জনাব নাসিরুদ্দিন এ ফেরদৌস	-	মেসার্স ধানমন্ডি ডেল অ্যান্ড কোম্পানী
৬০।	জনাব এ কে মিজানুর রহমান, এফসিএ	-	মেসার্স শফিক মিজান রহমান এন্ড অগাস্টিন
৬১।	ইঞ্জি. শামসুজ্জোহা চৌধুরী	-	মেসার্স ইউনিক লিভিং লিঃ
৬২।	জনাব আবু বকর্ মোঃ সিদ্দিক	-	মেসার্স অল-টেক মেশিনারি
৬৩।	জনাব নাজির হোসেন	-	মেসার্স এন এইচ ইন্টারন্যাশনাল
৬৪।	শেখ মোঃ ওয়ালিউল ইসলাম	-	মেসার্স রুটস সোর্সিং ইন্টারন্যাশনাল লিঃ
৬৫।	জনাব মাসুক হোসেন	-	মেসার্স মাসুক হোসেন
৬৬।	জনাব এম সাখাওয়াত হোসেন	-	মেসার্স বিকন এক্সিম (বাংলাদেশ) লিঃ
৬৭।	জনাব মোঃ রায়হান আলী খান	-	মেসার্স ক্রিয়েটিভ মার্কেটিং কোম্পানী
৬৮।	জনাব মোসাদ্দেক আহসান	-	মেসার্স বিয়ন্ড টেকনোলজিস

ক্রমিক নং	প্রতিনিধির নাম		প্রতিষ্ঠানের নাম
৬৯।	জনাব ইমরান আহমেদ	-	মেসার্স নবাব অ্যান্ড সন্স
৭০।	জনাব রফিকুল ইসলাম চৌধুরী	-	মেসার্স দেশ ট্রেডিং করপোরেশন
৭১।	জনাব মোঃ মোশাররফ হোসেন	-	মেসার্স নাবির ট্রেডার্স
৭২।	সৈয়দ আলমাস কবীর	-	মেসার্স মেট্রোনেট বাংলাদেশ লিমিটেড
৭৩।	জনাব দ্বীন মোহাম্মদ	-	মেসার্স দ্বীন মোহাম্মদ
৭৪।	জনাব এম এ রাজ্জাক	-	মেসার্স মুন এন্টারপ্রাইজ
৭৫।	জনাব মোঃ শহিদ হোসেন	-	মেসার্স এস বি ডিস্ট্রিবিউশন লিঃ
৭৬।	জনাব নূর হোসেন	-	মেসার্স এঞ্জেল করপোরেশন
৭৭।	জনাব সাখাওয়াত হোসেন	-	মেসার্স বেঙ্গল জুট এন্ড বাল্ব এজেন্সিজ
৭৮।	জনাব মোহাঃ ইফতেখারউদ্দিন (নওশাদ)	-	মেসার্স ইন-উইন এন্টারপ্রাইজ
৭৯।	জনাব মোঃ রেজাউল কবির খান	-	মেসার্স কৃষিবিদ ফার্ম লিমিটেড
৮০।	সৈয়দ মোয়াজ্জম হোসেন	-	মেসার্স এস এম এইচ ইঞ্জিনিয়ারিং এন্ড ট্রেডিং কোম্পানী
৮১।	জনাব মাহাবুব আনাম	-	মেসার্স মাহাবুব অ্যান্ড এসোসিয়েটস
৮২।	মিসেস্ সুরাইয়া আলম	-	মেসার্স সুরাইয়া ফ্যাশন
৮৩।	জনাব টি. আই. এম নূরুল কবির	-	মেসার্স স্পিনোভেশন লিঃ
৮৪।	জনাব মোঃ রুহুল আমিন	-	মেসার্স রয়েল ইন্সপেকশন ইন্টারন্যাশনাল লিমিটেড
৮৫।	জনাব দাতা মাগফুর	-	মেসার্স দাতা এন্টারপ্রাইজেস লিমিটেড
৮৬।	জনাব হোসেন আখতার	-	মেসার্স আনোয়ার এক্সপোর্ট এন্ড ইম্পোর্ট কোং
৮৭।	জনাব এ রশিদ	-	মেসার্স সিমুরা ইন্টারন্যাশনাল লিমিটেড
৮৮।	জনাব মোঃ আব্দুল হান্নান	-	মেসার্স সেনটিরা এন্টারপ্রাইজ
৮৯।	জনাব রফিকুল ইসলাম খান, এফসিএ	-	মেসার্স সান চেরি বডি ফ্যাশনস মেনুফেকচারিং লিঃ
৯০।	জনাব মোঃ রাশেদুল করিম মুন্না	-	মেসার্স ক্রিয়েশন (প্রাঃ) লিঃ
৯১।	ইঞ্জিনিয়ার মোঃ নুরুল হুদা	-	মেসার্স আইকন হাউজিং অ্যান্ড বিল্ডার্স লিঃ
৯২।	আলহাজ্ব মোঃ আহসানুল হক (আহসান)	-	মেসার্স আপন ট্রেড ইন্টারন্যাশনাল
৯৩।	জনাব এম এন তালুকদার	-	মেসার্স লিংকন ইম্পেক্স ওভারসীজ
৯৪।	মির্জা জহির আলী	-	মেসার্স পেগাসাস ইন্টারন্যাশনাল ট্রেডিং কোং
৯৫।	জনাব মোঃ রাসেল	-	মেসার্স আজাদ স্পিনিং কোং লিঃ
৯৬।	জনাব এম এ রশিদ শাহ সম্রাট	-	মেসার্স মক্কা ট্যুরস্ অ্যান্ড ট্রাভেলস্
৯৭।	জনাব মোঃ ইকরাম ঢালি	-	মেসার্স সীমা প্যাকেজিং অ্যান্ড এক্সেসরিজ
৯৮।	জনাব এম এস সিদ্দিকী	-	মেসার্স বাংলা কেমিক্যাল
৯৯।	জনাব মোঃ নুরুজ্জামান দিপু	-	মেসার্স দি বেঙ্গল প্রিন্টিং ওয়ার্কস
১০০।	জনাব নূরনবী	-	মেসার্স আনোয়ার ল্যান্ডমার্ক লিঃ
১০১।	জনাব মোতাহার হোসেন (মাহবুব আলম)	-	মেসার্স এ ওয়ান ট্রেডিং কোং
১০২।	জনাব মোঃ মাহমুদ হোসেন	-	মেসার্স এ্যাথেনা'স ফার্নিচার অ্যান্ড হোম ডেকর
১০৩।	জনাব কামরুল ইসলাম, এফসিএ	-	মেসার্স মাসনূনস লিঃ
১০৪।	আলহাজ্ব আব্দুস সালাম	-	মেসার্স হাজী আব্দুল হালিম এন্ড সন্স

ক্রমিক নং	প্রতিনিধির নাম		প্রতিষ্ঠানের নাম
১০৫।	জনাব মোঃ সবুর খান	-	মেসার্স ডেফোডিল কম্পিউটারস্ লিঃ
১০৬।	জনাব এ কে ডি খায়ের মোহাম্মদ খান	-	মেসার্স খায়ের এন্টারপ্রাইজেস
১০৭।	জনাব মোক্তার হোসেন চৌধুরী	-	মেসার্স ইউনিগ্লোব ট্রাভেলস
১০৮।	জনাব নেসার মাকসুদ খান	-	মেসার্স ম্যাক্স রিনিউয়্যাবল এ্যানার্জী কোং লিঃ
১০৯।	জনাব নান্না মিয়া	-	মেসার্স নিপা ইন্টারন্যাশনাল
১১০।	খ. আতিক-ই-রাব্বানী, এফসিএ	-	মেসার্স দি কম্পিউটারস লিমিটেড
১১১।	জনাব মামুন আকবর	-	মেসার্স এএমএ মেডিক্যাল লিমিটেড
১১২।	খন্দকার আব্দুল মুক্তাদির	-	মেসার্স শাবাব ফেব্রিক্স লিঃ
১১৩।	জনাব খায়ের উদ্দিন	-	মেসার্স আনোয়ার জুট স্পিনিং মিলস লিঃ
১১৪।	জনাব মোঃ শোয়েব চৌধুরী	-	মেসার্স এস এস ভিশন লিমিটেড
১১৫।	জনাব নৃপেন চন্দ্র সাহা	-	মেসার্স আনোয়ার সিল্ক মিলস লিঃ
১১৬।	জনাব এস.এম. মুসফিকুর রহমান	-	মেসার্স মেহমুদ ইন্ডাস্ট্রিজ (প্রাঃ) লিঃ
১১৭।	জনাব শফিকুল আমিন	-	মেসার্স হোসেন ডাইং প্রিন্টিং মিলস্ লিঃ
১১৮।	জনাব সলিম সোলাইমান	-	মেসার্স মাসকো ইন্টারন্যাশনাল
১১৯।	জনাব এম বশির উল্লাহ ভূঁইয়া	-	মেসার্স শ্যাডো ইন্টারন্যাশনাল
১২০।	জনাব এ আই এম হাসানুল মজিদ	-	মেসার্স তানজিনা ফ্যাশন লিঃ
১২১।	জনাব মোঃ হাবিব উল্লাহ তুহিন	-	মেসার্স নাইস ট্রেড লাইনারস
১২২।	জনাব মোঃ মোস্তফা	-	মেসার্স সজন ইন্টারন্যাশনাল প্রাঃ লিঃ
১২৩।	জনাব হোসেন এ সিকদার	-	মেসার্স কোহিনুর লেদার প্রোডাক্টস লিঃ
১২৪।	জনাব মোঃ কামালউদ্দিন মালিক	-	মেসার্স ইম্পেরিয়াল প্লাষ্টিক ইন্ডাষ্ট্রিজ
১২৫।	জনাব মোঃ দেলোয়ার হোসেন	-	মেসার্স মিরপুর ডায়াগনস্টিক সেন্টার লিমিটেড
১২৬।	জনাব তোফাজ্জেল হোসেন তালুকদার	-	মেসার্স সাজু এন্টারপ্রাইজ
১২৭।	জনাব নূর নবী টিটো	-	মেসার্স বসতবাড়ী রিয়েল এস্টেট লিমিটেড
১২৮।	জনাব মোঃ মনিরুজ্জামান খান	-	মেসার্স খান এভিয়েশন
১২৯।	ইঞ্জিঃ এম আনিসুজ্জামান ভূঁইয়া রানা	-	মেসার্স জামান কনস্ট্রাকশন
১৩০।	জনাব এ কে এম দেলোয়ার হোসেন	-	মেসার্স ক্রাউন মেলামাইন ইন্ডাষ্ট্রিজ লিঃ
১৩১।	আলহাজ্ব আব্দুল আজিজ সরকার	-	মেসার্স আরি-আরা গ্রুপ অব ইন্ডাষ্ট্রিজ
১৩২।	জনাব এনামুল হক পাটোয়ারী	-	মেসার্স জুট অ্যান্ড ব্যাগস এক্সপোর্ট কর্পোরেশন
১৩৩।	জনাব মোঃ বদরুল আলম	-	মেসার্স ইন্সটা ডেভেলপমেন্ট লিঃ
১৩৪।	জনাব মোঃ আবুল কাসেম	-	মেসার্স কাবা ট্রেডিং কোং
১৩৫।	জনাব এস. কে বাদল	-	মেসার্স মিনার হাউজিং লিঃ
১৩৬।	ইঞ্জি. মোঃ আল আমিন	-	মেসার্স প্যারাডাইজ ডেভেলপমেন্ট অ্যান্ড কনস্ট্রাকশনস লিঃ
১৩৭।	সৈয়দ তাজুল বাশার তপু	-	মেসার্স কনসার্টেড সলিউশন
১৩৮।	জনাব মোঃ মঈন উদ্দিন	-	মেসার্স প্রিমিয়ার লিজিং অ্যান্ড ফাইন্যান্স লিমিটেড
১৩৯।	জনাব মোঃ নেসার	-	মেসার্স এ-ওয়ান পলিমার লিমিটেড
১৪০।	জনাব নাসিম আহমেদ	-	মেসার্স আনোয়ার সিমেন্ট লিমিটেড

ক্রমিক নং	প্রতিনিধির নাম		প্রতিষ্ঠানের নাম
১৪১।	জনাব এ রশিদ	-	মেসার্স মেগ নেট সিস্টেম্স
১৪২।	জনাব সেলিম জাহাঙ্গীর চৌধুরী	-	মেসার্স মারস্ ইন্টারন্যাশনাল
১৪৩।	জনাব আশিক খান	-	মেসার্স চাঁদনী টেক্সটাইল মিলস্ লিমিটেড
১৪৪।	জনাব এম. এ. মান্নান	-	মেসার্স বেটা বাংলাদেশ লিঃ
১৪৫।	জনাব এস এম মাহবুবুর রহমান	-	মেসার্স মানহা ট্রেডার্স
১৪৬।	জনাব মোঃ নেয়ামত উল্লাহ মজুমদার	-	মেসার্স ইনোভা ইন্টারন্যাশনাল
১৪৭।	জনাব দিদারুল আলম মজুমদার	-	মেসার্স মেডি রোম লিঃ
১৪৮।	জনাব সাইদুল হক	-	মেসার্স রেসা বেনারসী কুটির
১৪৯।	জনাব মোঃ আতিকুল হাসান	-	মেসার্স ফুড ইম্পোরিয়াম
১৫০।	জনাব মোঃ নজরুল ইসলাম	-	মেসার্স আলেয়া কর্পোরেশন
১৫১।	জনাব আব্দুর রহিম	-	মেসার্স জাওয়াদ ড্রাগ হাউজ
১৫২।	জনাব জনাব মোঃ শফিকুল হাসান	-	মেসার্স বনানী মেডিকেল স্টোর

সভার শুরুতে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর মহাসচিব জনাব এ এইচ এম রেজাউল কবির বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান এবং চেম্বারের সভাপতি, ঊর্ধ্বতন সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালকমণ্ডলীর সদস্যগণকে মঞ্চে আসন গ্রহণের জন্য বিনীত অনুরোধ জানান। সবার আসন গ্রহণের পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে চেম্বারের ইমাম হাফেজ ক্বারী মোঃ আব্দুস সাত্তার পবিত্র কালাম-ই-পাক থেকে তেলাওয়াত করেন। অতঃপর ডিসিসিআই সভাপতি জনাব হোসেন খালেদ এর সভাপতিত্বে ৫৪তম বার্ষিক সাধারণ সভার কার্যক্রম শুরু হয়।

এ পর্যায়ে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে মহাসচিব মহোদয় ৫৪তম বার্ষিক সাধারণ সভার নোটিশ পাঠ করার মাধ্যমে সভার কার্যক্রম পরিচালনা করেন। গত এক বছরে দেশে-বিদেশে বিভিন্ন বরেণ্য ব্যক্তিবর্গ যাঁরা ইন্তেকাল করেছেন তাঁদের মধ্যে ডিসিসিআই'র প্রতিষ্ঠাকালীন সদস্য নাজিম উদ্দিন আহমেদ; ডিসিসিআই'র প্রাক্তন সহ-সভাপতি মোঃ ইসমাইল হোসেন মিয়া; ডিসিসিআই'র প্রাক্তন পরিচালক এম এ মোহাইমেন সালেহ; ডিসিসিআই'র প্রাক্তন পরিচালক মোহাম্মদ শহীদ উল্লাহ; ডিসিসিআই-এর আই সি টি স্ট্যান্ডিং কমিটির আহবায়ক ও বেসিস সভাপতি জনাব শামীম আহসান এর বাবা মোঃ আব্দুল্লাহ খোকন; ডিসিসিআই'র প্রাক্তন পরিচালক জনাব মোঃ হাবিব উল্লাহ (হাবিব) এর ভাই মোঃ আব্দুল্লাহ খোকন; ডিসিসিআই'র সহ-সভাপতি জনাব মোঃ শোয়েব চৌধুরী'র চাচাতো ভাই সৈয়দ সিদরাতুল আমিন; ডিসিসিআই পরিচালক জনাব আসিফ এ চৌধুরী'র চাচা হাসান হায়দার চৌধুরী; ডিসিসিআই'র প্রাক্তন পরিচালক মোঃ ইফতেখারউদ্দিন (নওশাদ) এর ভাই রাফিউদ্দিন বাবলু; ডিসিসিআই'র প্রাক্তন পরিচালক জনাব রফিকুল ইসলাম খান, এফসিএ এর স্ত্রী; ডিসিসিআই'র প্রাক্তন পরিচালক জনাব আহমেদ হোসেন মজুমদার এর বোন; ডিসিসিআই'র সদস্য এনামুল হক পাটোয়ারী এর স্ত্রী; মাননীয় বিদ্যুৎ, জ্বালানী ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ, এমপি এর মাতা হাসিনা হামিদ; ডিসিসিআই'র উপ-সচিব (হিসাব) জনাব মোঃ হাবিবুর রহমান এর বাবা মোহাম্মদ সিরাজুল ইসলাম; প্রাণ-আরএফএল গ্রুপের সিইও মেজর জেনারেল (অবঃ) আমজাদ খান চৌধুরী; হাওয়াই বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এবং আমেরিকান প্রবাসী বাংলাদেশী বৈজ্ঞানিক ড. মাকসুদুল আলম; আধুনিক সিঙ্গাপুরের জনক লি কুয়ান ইউ; ডিসিসিআই এর কর্মচারী জনাব আব্দুল করিম এর স্ত্রী; এবং পবিত্র হজ্জ পালনের সময় সৌদি আরবের মীনায় দূর্ঘটনায় শাহাদাত বরণকৃত মুসলমানগণ সহ সকলের নাম উল্লেখ করেন এবং চেম্বারের ইমাম হাফেজ ক্বারী মোঃ আব্দুস সাত্তার মরহুম সকলের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও মোনাজাত পরিচালনা করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে চেম্বারের মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম পরিচালনা করেন।

আলোচ্যসূচি-১ঃ গত ১০ ডিসেম্বর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর ৫৩তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;

ঢাকা চেম্বারের মহাসচিব মহোদয় বিগত ৫৩তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের লক্ষ্যে সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে ৫৩তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পঠিত বলে গণ্য করা হয়। জনাব এম এস সেকিল চৌধুরী, স্বত্বাধিকারী, মেসার্স টিসিবিএল গ্রুপ উক্ত কার্যবিবরণী সদয় অনুমোদনের জন্য প্রস্তাব করেন এবং তা সমর্থন করেন জনাব মোঃ রমজান আলী, স্বত্বাধিকারী, মেসার্স হক প্লাস্টিক সেন্টার। অতঃপর সর্বসম্মতিক্রমে ৫৩তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়।

আলোচ্যসূচি-২ঃ ২০১৫ সালের বার্ষিক প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন;

ডিসিসিআই সভাপতি জনাব হোসেন খালেদ ২০১৫ সালের বার্ষিক প্রতিবেদন সভায় উপস্থাপনপূর্বক সকলকে অবহিত করেন যে, বিগত বছরগুলোর মত এবছরও বার্ষিক প্রতিবেদনে ২০১৫ প্রকাশ করা হয়েছে। বক্তব্যের শুরুতে তিনি ঢাকা চেম্বারের স্বনামধন্য ব্যবসায়ী ব্যক্তিত্ব এবং দেশ-বিদেশের বরেণ্য ব্যক্তিবর্গ যারা বিগত বছর ইন্তেকাল করেছেন তাঁদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন এবং ডিসিসিআই'র প্রতিষ্ঠাকালীন ১২ জন সদস্যের অন্যতম জনাব নাজিম উদ্দিন আহমেদ এর নাম পুনরায় স্মরণ করে মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি গভীর শ্রদ্ধা নিবেদন করে মুরুব্বীদের স্মরণ করেন এবং মুরুব্বীদের মাঝে যারা অসুস্থ আছেন তাঁদের সুস্থতা কামনা করেন। তিনি বলেন যে, ডিসিসিআই এর অন্যতম প্রতিষ্ঠাতা, বিশিষ্ট শিল্পপতি এবং অনবদ্য এক ব্যবসায়ী নেতা ও চেম্বারের মুরুব্বী আলহাজ্ব আনোয়ার হোসেন অদ্যকার সভায় উপস্থিত থাকার যথেষ্ট ইচ্ছা ছিল, কিন্তু অসুস্থতা ও শারীরিকভাবে দূর্বল থাকায় তিনি (আলহাজ্ব আনোয়ার হোসেন) উপস্থিত হতে পারেননি।

এছাড়া ডিসিসিআই এর প্রাক্তন সভাপতি জনাব এ টি এম ওয়াজীউল্লাহ এবং জনাব এ রব চৌধুরী, পরিচালক জনাব ওসমান গনি প্রমুখ অসুস্থ আছেন; মাত্র কিছুদিন পূর্বে সহ-সভাপতি জনাব মোঃ শোয়েব চৌধুরী ডিসিসিআই অফিসে কাজে থাকা অবস্থায় স্ট্রোক করেন, এখনও পুরোপুরি সুস্থ হয়ে উঠেননি, বিধায় তাঁরাও উপস্থিত হতে পারেননি। তিনি সকলের আশু আরোগ্য কামনায় সবার জন্য দোয়া করার অনুরোধ জানান।

সভাপতি মহোদয় তাঁর বক্তব্যে বলেন যে, গত ২০১৫ সালে ডিসিসিআই ২৭টি সেমিনার আয়োজন করেছে যা সরকারি, বেসরকারি এবং বিদেশি সকল মহলের আস্থা ও সুনাম অর্জন করেছে। ডিসিসিআই প্রতিদিন সরকারি, আধাসরকারি এবং প্রাইভেট প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত প্রায় ৩টি সভায় প্রতিনিধিত্ব করেছে। সভাপতি মহোদয় জানান, ২০১৫ সালে চেম্বারের আয় বেড়েছে, অপরপক্ষে ব্যয় কমেছে, বিধায় বিগত সময়ের তুলনায় আর্থিক অবস্থার উন্নতি হয়েছে। এফডিআরসমূহ সুরক্ষিত আছে। তিনি বলেন যে, ২০১৫ সালে চেম্বারের কর্মকাণ্ডের মধ্যে অন্যতম হলোঃ ৩টি গুরুত্বপূর্ণ সংবাদ সম্মেলন; নতুন বিনিয়োগ; ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার লক্ষ্য অর্জন; এসডিজি সফলতা অর্জনে ডিসিসিআই এর ধারণাপত্র- ২০৩০ সালের মধ্যে বাংলাদেশ ৩০তম রাষ্ট্রে উন্নীত, ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত ইত্যাদি সকল কর্মকাণ্ড ব্যবসায়ী সমাজের সাথে সম্পৃক্ত বিধায় ডিসিসিআই এর অন্যতম ধারক ও বাহক। ২০১৫ সালে ডিসিসিআই প্রকাশনা কর্মকাণ্ডের মধ্যে অন্যতম হলোঃ ট্যাক্স গাইড প্রকাশ, ঢাকার বাণিজ্যিক ইতিহাস এর বাংলা ভার্ষন এবং চেম্বারের অন্যান্য নিয়মিত প্রকাশনা সমূহ। এসব প্রকাশনায় প্রায় ২০ লক্ষ টাকা খরচ হলেও স্পন্সরশীপ এর মাধ্যমে সম্পূর্ণ ব্যয় সমন্বয়ের পরও বেশ কিছু আয়ও হয়েছে। এ জন্য তিনি বিশেষ করে প্রাণ গ্রুপ, শাবাব ফ্রেব্রিকস, আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ ইত্যাদি প্রতিষ্ঠানের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি জানান ডিসিসিআই মাসিক রিভিউ ও অন্যান্য প্রকাশনা নিয়মিত প্রকাশ হচ্ছে এবং তিনি এসব প্রকাশনা আগামী দিনে ডিজিটাল আঙ্গিকে প্রকাশ করার অভিপ্রায় ব্যক্ত করেন। তাই ডিসিসিআই এর ডিজিটাল প্রকাশনা এবং ওয়েবসাইট উন্নয়নের মাধ্যমে সদস্যবৃন্দকে সেবা প্রদান করার ব্যাপারে অঙ্গীকারাবদ্ধ। এ ছাড়া প্রতি বছর অন্ততঃ চেম্বারের ১০% ভাগ সদস্যের ব্যবসায়িক কর্মকাণ্ড ই-কমার্সের আওতায় আনার চেষ্টা করা এবং এ ব্যাপারে বেসিস ঢাকা চেম্বারকে সহযোগিতা করবে বলে অভিমত ব্যক্ত করেন। আর্থ-সামাজিকভাবে উন্নয়নের জন্য ডিজিটাল বাংলাদেশ এর মাধ্যমে সরকার বিভিন্নভাবে সহযোগিতা করছে। ২০১৬ সালের মধ্যে ক্ষুদ্র ও মাঝারী শিল্পসমূহ ই-কমার্সের মাধ্যমে যেমন উদ্যোক্তা সৃষ্টি; এসএমই তে সুযোগ, সাপ্লাই চেইন, ভ্যালু চেইন ইত্যাদির মাধ্যমে প্রতিবছর অন্ততঃ ৪০০/৫০০ সদস্যের ব্যবসায়িক কর্মকাণ্ড ই-কমার্স এর আওতায় আনা একান্ত আবশ্যক বলে তিনি জানান।

সভাপতি মহোদয় ডিসিসিআই এর সক্ষম আর্থিক হিসাব ইতোমধ্যেই উল্লেখ করেছেন তবে ডিসিসিআই এর ৫৮তম বর্ষ উদযাপন এবং এখানে ব্যবসায়িক সমাজ ছাড়াও অন্যান্য ব্যক্তি বা প্রতিষ্ঠান যারা বাংলাদেশের মাটি ও মানুষের সাথে সম্পৃক্ত তাদের যথাযথভাবে সম্মান দেয়া হয়েছে। একটি বিশেষ অনুষ্ঠানে যদিও সম্মানিত সকল সদস্যবৃন্দকে সম্পৃক্ত করা সম্ভব নয় বিধায় দুঃখ প্রকাশ করে আগামীতে আরো বড় অনুষ্ঠান করার প্রতিশ্রুতি দেন। উক্ত অনুষ্ঠানে ৫ জন স্বনামধন্য ব্যক্তিকে সম্মানিত করা হয়েছে, তারা হলেনঃ ক্রিকেটে মাশরাফি বিন মর্তুজা, হিমালয় পর্বত বিজয়িনী ওয়াসফিয়া নাসরিন নিশাত মজুমদার; শিক্ষা ক্ষেত্রে হাফিজ জি এ সিদ্দিকী যিনি নর্থ সাউর্থ বিশ্ববিদ্যালয় এর প্রাক্তন উপাচার্য, আমার দেশ আমার পণ্য-এর প্রতিষ্ঠাতা মিসেস সাদেকা রহমান সেজুঁতি এবং প্রাণ গ্রুপ-এর চেয়ারম্যান মরহুম আমজাদ খান চৌধুরী। বিস্তারিত আলোচনান্তে ২০১৫ সালের বার্ষিক প্রতিবেদন অনুমোদনের জন্য পেগাসাস ইন্টারন্যাশনাল ট্রেডিং কোং-এর স্বত্ত্বাধিকারী মির্জা জহির আলী প্রস্তাব করেন এবং দিগন্ত এডভারটাইজিং-এর স্বত্ত্বাধিকারী জনাব এম এ হামিদ উক্ত প্রস্তাব সমর্থন করেন।

আলোচ্যসূচি-৩ঃ ২০১৪-২০১৫ অর্থ বছরের হিসাব এবং নিরীক্ষা প্রতিবেদন (Audit Report) অনুমোদন;

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে মহাসচিব ২০১৪-২০১৫ অর্থ বছরের হিসাব নিরীক্ষা প্রতিবেদন বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে বিস্তারিত আলোচনার পর মিসেস কাজী মুন্নি, মেসার্স রিফাত এন্টারপ্রাইজ এর প্রস্তাবে এবং মিসেস সামছুন নাহার, মেসার্স আব্দুর রহমান এর সমর্থনে ২০১৪-২০১৫ অর্থবছরের নিরীক্ষা প্রতিবেদন বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

আলোচ্যসূচি-৪ঃ ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের পরিচালক এবং ২০১৬ সালের জন্য সভাপতি, ঊর্ধ্বতন সহ-সভাপতি ও সহ-সভাপতি পদে নির্বাচনের ফলাফল ঘোষণা;

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে মহাসচিব নির্বাচন বোর্ডের চেয়ারম্যান জনাব সালাহ্উদ্দিন আব্দুল্লাহ-কে মঞ্চে আসন গ্রহণের জন্য অনুরোধ জানান। এ পর্যায়ে ডিসিসিআই এর যে সকল সম্মানিত সদস্য অবসর গ্রহণ করেন, মহাসচিব তাদের নাম ঘোষণা করেন যথাক্রমে জেনারেল শ্রেণি থেকে সর্বজনাব হুমায়ুন রশিদ; মোঃ সবুর খান; নেসার মাকসুদ খান; রিজওয়ানুর রহমান; এবং এসোসিয়েট শ্রেণি থেকে জনাব মোঃ শোয়েব চৌধুরী ও আলহাজ্ব আবদুস সালাম। অতঃপর নির্বাচন বোর্ডের চেয়ারম্যান মহোদয় ২০১৬, ২০১৭ এবং ২০১৮ সালের জন্য পরিচালক হিসেবে জেনারেল শ্রেণি থেকে সর্বজনাব হুমায়ুন রশিদ; কামরুল ইসলাম, এফসিএ; সেলিম আখতার খান; মামুন আকবর এবং এসোসিয়েট শ্রেণি থেকে সর্বজনাব মোঃ আলাউদ্দিন মালিক ও রিয়াদ হোসেন নির্বাচিত হয়েছেন বলে ঘোষণা করেন। অতঃপর নির্বাচন বোর্ডের চেয়ারম্যান ২০১৬ সালের জন্য সভাপতি পদে জনাব হোসেন খালেদ; ঊর্ধ্বতন সহ-সভাপতি পদে জনাব হুমায়ুন রশিদ এবং সহ-সভাপতি পদে খ. আতিক-ই-রাব্বানি, এফসিএ নির্বাচিত হয়েছেন বলে ঘোষণা করেন। উপস্থিত সম্মানিত সদস্যগণ করতালির মাধ্যমে নবনির্বাচিত পর্ষদ সদস্যবৃন্দ এবং সভাপতি, ঊর্ধ্বতন সহ-সভাপতি ও সহ-সভাপতিকে অভিনন্দন জানান।

নির্বাচন বোর্ডের চেয়ারম্যান জনাব সালাহ্উদ্দিন আব্দুল্লাহ্ নির্বাচন বিধিমালা ও নির্বাচন তফসিল অনুযায়ী স্বচ্ছ নির্বাচন প্রক্রিয়ায় সুষ্ঠুভাবে পরিচালনায় আন্তরিক সহযোগিতার জন্য নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ডের সম্মানিত সদস্যবৃন্দ, পর্ষদের সদস্যবৃন্দ এবং চেম্বারের কর্মকর্তা/কর্মচারীদের একনিষ্ঠ ও নিরলস দায়িত্ব পালনের জন্য সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করে বিধি মোতাবেক নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ডের বিলুপ্তি ঘোষণা করেন। সভাপতি মহোদয় নির্বাচন বোর্ড এবং নির্বাচন আপীল বোর্ডের চেয়ারম্যান এবং সদস্যগণকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে পুষ্পস্তবক দিয়ে শুভেচ্ছা জ্ঞাপন করেন। এ পর্যায়ে মহাসচিব মহোদয় নব-নির্বাচিত সভাপতি, ঊর্ধ্বতন সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালকবৃন্দকে মঞ্চে আসন গ্রহণের জন্য অনুরোধ জানান।

আলোচ্যসূচি-৫ঃ ২০১৫ - ২০১৬ অর্থ বছরের জন্য নিরীক্ষক (Auditor) নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণ;

মহাসচিব মহোদয় ২০১৫-২০১৬ অর্থ বছরের জন্য নিরীক্ষক নিয়োগ বিষয়ে মেসার্স এ. কাসেম এন্ড কোং, মেসার্স আহমেদ অ্যান্ড আখতার; এবং মেসার্স আতিক খালেদ চৌধুরী থেকে তিনটি আবেদন পত্র প্রাপ্তির বিষয়টি উল্লেখ করেন। তিনি আরো উল্লেখ করেন, মেসার্স এ কাসেম এন্ড কোং বিগত নয় বছর যাবৎ ঢাকা চেম্বারের নিরীক্ষক হিসেবে সন্তোষজনকভাবে কাজ করছে। বিস্তারিত আলোচনার পরে এ কাসেম অ্যান্ড কোং-কে নিরীক্ষা ফি ৬৫,০০০/- টাকা এবং ১৫% ভ্যাট ৯,৭৫০/- টাকাসহ মোট ৭৪,৭৫০/-

টাকা পারিশ্রমিক ধার্য করে ২০১৫-২০১৬ অর্থবছরের নিরীক্ষক হিসেবে নিয়োগের জন্য প্রস্তাব করেন জনাব এম আবু হোরায়রাহ, মেসার্স সালমান রেফ্রিজারেশন এবং জনাব আবসার করিম চৌধুরী, মেসার্স ফজল ওয়্যার এন্ড মেটাল ইন্ডাষ্ট্রিজ এ প্রস্তাব সমর্থন করেন। অতঃপর সভায় সর্বসম্মতিক্রমে এ প্রস্তাব গৃহীত হয়।

এ পর্যায়ে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর পুনঃনির্বাচিত সভাপতি জনাব হোসেন খালেদ বলেন, ২০১৫ সাল আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল, কারণ এ বছর আমরা সরকারি, বেসরকারি সংস্থাসহ আন্তর্জাতিক বিভিন্ন সংস্থার সাথে আরো ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপন করতে সক্ষম হয়েছি। তথাপি, ডিসিসিআই'র কর্মকাণ্ডে বেসরকারি খাতের উন্নয়নের দিকটিকে সর্বাধিক গুরুত্ব প্রদান করা হয়েছে। আমি আমার পূর্বসূরীদের নিকট থেকে চেম্বারকে গতিশীল ও কার্যকর রাখার জন্য গুরুত্বপূর্ণ পরামর্শ পেয়েছি যা চেম্বারের উন্নয়নে বিশেষ ভূমিকা রেখেছে। এছাড়া বিভিন্ন দেশে আমাদের প্রতিনিধিদলের স্বতঃস্ফূর্ত ও কার্যকরী অংশগ্রহণ বিশ্ব আঙ্গিনায় ঢাকা চেম্বারের ইমেজকে আরো সুদৃঢ় করেছে। এজন্য আমি তাদের সকলকে ধন্যবাদ জানাই।

আমি ডিসিসিআই'র নবনির্বাচিত ঊর্ধ্বতন সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালনা পর্ষদকে আন্তরিক অভিনন্দন জানাই এবং আশা করি আমার সম্মানিত সহকর্মীবৃন্দ ২০১৬ সালে চেম্বারের ধারাবাহিক সাফল্যের জন্য বিশেষ অবদান রাখবেন। আমি ডিসিসিআই সচিবালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে ধন্যবাদ জানাই। চেম্বারের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ নিজ নিজ স্থানে দায়িত্বশীলতা ও নিষ্ঠার সাথে কাজ করে ডিসিসিআই এর ভাবমূর্তি উজ্জ্বল করছেন এবং জাতীয় ও আন্তর্জাতিক সংস্থাগুলোর সাথে সম্পর্ক বজায় রাখতে সাহায্য করেছেন।

আমার বক্তব্য শেষ করার পূর্বে ডিসিসিআই'র সভাপতি হিসেবে ২০১৬ সালের জন্য আমাকে পুনঃনির্বাচিত করায় সবাইকে বিশেষ কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই এবং আমি আপনাদের নিশ্চিত করতে চাই যে, ডিসিসিআই এবং বেসরকারীখাতের উন্নয়নের জন্য সকল প্রয়োজনীয় কার্যক্রম দায়িত্ব ও নিষ্ঠার সাথে পরিচালনা করব। এ ব্যাপারে পূর্বের ন্যায় সকল সম্মানিত পরিচালক ও সদস্যবৃন্দের নিকট সহযোগিতা ও দোয়া কামনা করছি। আমি আপনাদের সকলকে ধৈর্য্যের সাথে আমার বক্তব্য শোনার জন্য আবারও ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

পরিশেষে সদ্য বিদায়ী সভাপতি চেম্বারের সার্বিক উন্নতি কামনা করে ও ইংরেজী নববর্ষের শুভেচ্ছা জানিয়ে সকলকে আপ্যায়নে আমন্ত্রণ জানান এবং ৫৪তম বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এ এইচ এম রেজাউল কবির)
মহাসচিব

(হোসেন খালেদ)
সভাপতি

ঢাকা চেম্বারের সেবা প্রদানের অগ্রদূত হিসেবে স্মরণীয় ও বরণীয় ব্যক্তিদের সংক্ষিপ্ত জীবনী

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র পরিচালনা পর্ষদ-এর সিদ্ধান্ত অনুযায়ী ৫৪তম বার্ষিক সাধারণ সভার বার্ষিক প্রতিবেদনে ঢাকা চেম্বারের সেবা প্রদানের অগ্রদূত হিসেবে যাদের নাম স্মরণীয় এবং বরণীয় তাদের সম্মানার্থে সংক্ষিপ্ত জীবনী উপস্থাপন করা হলো। এতে যদি কোনো তথ্য বা উপাত্ত বাদ পড়ে থাকে তা আগামী বার্ষিক প্রতিবেদনে সংশোধিত আকারে প্রকাশ করা হবে।

মরহুম আলহাজ্ব হাফেজ মনির হোসেন

আলহাজ্ব হাফেজ মনির হোসেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র একজন প্রতিষ্ঠাতা সদস্য। তিনি চেম্বারের প্রতিষ্ঠালগ্ন থেকে তাঁর ইন্তেকাল পর্যন্ত চেম্বারের নানাবিধ কর্মকাণ্ডের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত থেকে দেশের শিল্প, বাণিজ্য ও অর্থনৈতিক উন্নয়নে সক্রিয় ভূমিকা পালন করেছেন। তিনি ছিলেন ধর্মপরায়ণ, দেশদরদী, সমাজসেবক ও গরীবের বন্ধু। তিনি বিভিন্ন সময়ে চেম্বারের পরিচালক পদে অধিষ্ঠিত থেকে দেশের ব্যবসা-বাণিজ্য, শিল্পের উন্নয়নে আজীবন কাজ করেছেন। তিনি বাংলাদেশের প্রথম উদ্যোক্তা, যিনি চীনের সঙ্গে যৌথ উদ্যোগে শিল্প স্থাপন করেন। ১৩ এপ্রিল, ১৯৯১ সালে ৭৮ বৎসর বয়সে বার্ধক্যজনিত কারণে তিনি ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহে---- রাজিউন)।

মরহুম আলহাজ্ব নাজির হোসেন

আলহাজ্ব নাজির হোসেন পুরাতন ঢাকার লালবাগে ১৯৩০ সালে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি বিভিন্ন সমাজসেবামূলক কাজে ওতোপ্রোতভাবে সম্পৃক্ত ছিলেন। লালবাগ বস্ত্র বিতান, লালবাগ ক্ষুদ্র ও কুটির শিল্প ইত্যাদি ব্যবসা প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসেবে তিনি ১৯৭৩ সাল থেকে ঢাকা চেম্বারের বিভিন্ন কর্মকাণ্ডে জড়িত থেকে দেশের শিল্প-বাণিজ্য ও অর্থনৈতিক উন্নয়নে বিশেষ ভূমিকা রেখেছেন। তিনি ১৯৯১-৯২ এবং ১৯৯৬ সালে ঢাকা চেম্বারের পরিচালক ছিলেন। জনাব নাজির হোসেন ছিলেন একজন নিবেদিতপ্রাণ সমাজ সেবক। তিনি আজাদ মুসলিম ওয়েলফেয়ার কমপ্লেক্স-এর প্রতিষ্ঠাতা সভাপতি, বাংলাদেশ রেড ক্রিসেন্ট-এর আজীবন সদস্য, ফিরোজা বারী পঙ্গু ও শিশু হাসপাতালের চেয়ারম্যানসহ বাংলাদেশ শিশু ওয়েলফেয়ার পরিষদ, সরকারি শিশু সনদ ইত্যাদি সমাজকল্যাণ প্রতিষ্ঠানে একনিষ্ঠভাবে নিবেদিত প্রাণ হিসেবে কাজ করেছেন। তিনি শুধু সমাজ সেবকই নন, একজন সু-সাহিত্যিক হিসেবেও সুপরিচিত ছিলেন। তাঁর বইগুলোর মধ্যে কিংবদন্তির ঢাকা, দেশ দেশান্তর, সমবায় সংগ্রাম সাধনা ইত্যাদি উল্লেখযোগ্য।

মরহুম ফজলুল করিম চৌধুরী

জনাব ফজলুল করিম চৌধুরী ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য। তিনি পুরোনো ঢাকার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি ছিলেন একজন বিশিষ্ট ব্যবসায়ী ও শিল্পপতি। বিভিন্ন সময় তিনি ডিসিসিআই'র পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। মরহুম ফজলুল করিম চৌধুরী দেশের ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণে ও শিল্পোন্নয়নে বিশেষ অবদান রেখেছেন। ঢাকা চেম্বারের অগ্রযাত্রায় এবং সার্বিক কর্মকাণ্ডে মরহুমের বলিষ্ঠ নেতৃত্ব ও কর্ম প্রচেষ্টা ব্যবসায়ী ও শিল্পপতিবৃন্দ শ্রদ্ধাভরে স্মরণ করবে। জনাব ফজলুল করিম চৌধুরী ২১ মে, ১৯৯৮ তারিখে হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহে----রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বৎসর।

মরহুম নুরউদ্দিন আহমেদ

জনাব নুরউদ্দিন আহমেদ ডিসিসিআই, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) এবং ঢাকা ক্লাবের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। দেশের শীর্ষস্থানীয় বেসরকারি সংগঠনসমূহের প্রধান হিসেবে দায়িত্ব পালনকালে তিনি দেশের ব্যবসা-বাণিজ্য ও শিল্পের উন্নয়নে অনবদ্য অবদান রেখেছেন। তিনি আন্তর্জাতিক পরিমণ্ডলে দেশের ভাবমূর্তি উজ্জ্বল ও ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণসহ দ্বি-পাক্ষিক বাণিজ্য সম্প্রসারণে অবদান রেখে গেছেন। মরহুম নুরউদ্দিন আহমেদ ছিলেন একাধারে একজন সাংবাদিক, চিন্তাবিদ, ব্যবসায়ী ও সমাজসেবক। ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি তিনি সামাজিক, সাংস্কৃতিক কর্মকাণ্ড, শিক্ষা বিস্তারে অবদানসহ দুঃস্থ মানবতার সেবায় নিয়োজিত ছিলেন। ঢাকা চেম্বারের ব্যাপ্তি, বহুমুখী কার্যক্রম, ব্যবসায়ী সম্প্রদায়ের মধ্যে সেবা প্রদানের নতুন নতুন দিগন্ত উন্মোচন এবং সর্বোপরি চেম্বারের ভাবমূর্তি বৃদ্ধি ও সংরক্ষণে মৃত্যুর পূর্ব মুহূর্ত পর্যন্ত তিনি অক্লান্ত পরিশ্রম করে গেছেন। বর্তমান সময়ের বিশ্বায়নের নিত্য নব-প্রযুক্তি উদ্ভাবনের নতুন প্রজন্মের মেধা, ধীশক্তি ও প্রজ্ঞার প্রয়োজন তিনি অনুধাবন করেছিলেন এবং ঢাকা চেম্বারের নেতৃত্বে বিভিন্ন স্রোতধারা থেকে প্রতিশ্রুতিশীল এবং সম্ভাবনাময় নতুন নেতৃত্ব শ্রেণী তৈরি করে তিনি স্মরণীয় হয়ে আছেন। মরহুম নুরউদ্দিন আহমেদ ঢাকা চেম্বারের মাসিক প্রকাশনা ডিসিসিআই রিভিউ এ্যাডভাইজরী বোর্ডের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান। মৃত্যুর পূর্ব মুহূর্তে পর্যন্ত তিনি এ দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করেন। মরহুমের বলিষ্ঠ নেতৃত্ব ও কর্মপ্রচেষ্টা সকলেই শ্রদ্ধাভরে স্মরণ করবে। নুরউদ্দিন আহমেদ ২৩ মে, ২০০০ সালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে----- রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭০ বছর।

মরহুম আবু নাসের আহম্মদ

জনাব আবু নাসের আহম্মদ ঢাকা চেম্বারের প্রতিষ্ঠাতা সদস্যগণের মধ্যে অন্যতম। তিনি ঢাকা শহরের এক আদি ও মুসলিম (সরদার) পরিবারে জন্মগ্রহণ করেন। বাল্যকাল থেকেই তিনি উন্নয়নমূলক কর্মকাণ্ড ও পরবর্তীকালে শিল্প-বাণিজ্যে বিশেষভাবে জড়িত হয়ে পড়েন। তিনি ১৯৬০-৬১ কার্যকালে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি নির্বাচিত হন এবং ঢাকা চেম্বারের নেতৃবৃন্দের অনুরোধে দেশের ব্যবসা-বাণিজ্যে বিশেষ অবদান রাখার জন্য আশির দশকে আবারো ঢাকা চেম্বারের পরিচালকের দায়িত্ব পালন করেন। তিনি মেসার্স ক্রীন ফিল্ম ডিস্ট্রিবিউটর লিঃ এর চেয়ারম্যান ছিলেন এবং চলচ্চিত্র প্রযোজনা পরিবেশনা ও প্রদর্শক হিসেবে বিশেষ খ্যাতি লাভ করেন। মরহুম আবু নাসের আহম্মদ ব্যক্তিগত জীবনে ধর্মপরায়ণ ছিলেন। তিনি বহুবিধ জনহিতকর সামাজিক, সাংস্কৃতিক, ধর্মীয় ও শিক্ষামূলক প্রতিষ্ঠানের সঙ্গে বিশেষভাবে জড়িত ছিলেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি চেম্বারের নানাবিধ কর্মকাণ্ডের সঙ্গে ওত-প্রোতভাবে জড়িত থেকে দেশের শিল্প ও বাণিজ্যিক উন্নয়নে সক্রিয় ভূমিকা পালন করেন। জনাব আবু নাসের আহম্মদ ১৫ জুন, ১৯৮৬ সালে ঢাকার সোহরাওয়ার্দী হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে-----রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৯ বৎসর।

মরহুম এম ইউনুস, এফসিএ

জনাব এম ইউনুস, এফসিএ ১৯৩৮ সালের ১৪ মে, কুমিল্লা জেলার মুরাদনগর থানার পাহাড়পুর গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৮৪ ও ১৯৯৩ সালে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতির দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি এফবিসিসিআই এর পরিচালকের দায়িত্ব পালন সহ এর বিভিন্ন কর্মকাণ্ডে সক্রিয়ভাবে জড়িত ছিলেন। তিনি দেশের একজন বিশিষ্ট চার্টার্ড একাউন্ট্যান্টস এবং ইউনুস অ্যান্ড কোম্পানীর ফাউন্ডার পার্টনার ছিলেন। তিনি দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্ট অব বাংলাদেশ (আই সি এ বি) এবং দি সাউথ এশিয়ান ফেডারেশন অব একউন্ট্যান্টস (সাফা) এর সভাপতির দায়িত্ব পালন করেন। তিনি বিভিন্ন সংগঠনের প্রধান হিসেবে দায়িত্ব পালনকালে দেশের ব্যবসা-বাণিজ্য ও শিল্পের উন্নয়নে অনবদ্য অবদান রাখেন। মরহুম এম ইউনুস, এফসিএ ছিলেন একজন চিন্তাবিদ, ব্যবসায়ী ও সমাজ সেবক। ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি সামাজিক-সাংস্কৃতিক কর্মকাণ্ডে ও শিক্ষা বিস্তারে বিভিন্ন অবদানসহ দুঃস্থ মানবতার সেবায় তিনি সর্বদা নিয়োজিত ছিলেন। ঢাকা চেম্বারের বর্তমান ব্যাপ্তি, বহুমুখী কার্যক্রম ও ব্যবসায়ী সম্প্রদায়ের মধ্যে সেবা প্রদানের নতুন নতুন দিগন্ত উন্মোচন এবং সর্বোপরি চেম্বারের ভাবমূর্তি বৃদ্ধি ও রক্ষায় মরহুম এম ইউনুস, এফসিএ আন্তরিকভাবে সচেষ্ট ছিলেন। সর্বজন শ্রদ্ধেয় এম ইউনুস, এফসিএ ৩০ ডিসেম্বর, ২০০৮ সালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে-----রাজিউন)।

মরহুম ইয়াহিয়া আহমেদ বাওয়ানী

জনাব ইয়াহিয়া আহমেদ বাওয়ানী ১৯২৫ সালের ১৬ জুলাই বর্তমান মিয়ানমারের (পূর্বনাম বার্মা) রেঙ্গুনে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। মরহুম ইয়াহিয়া আহমেদ বাওয়ানী ১৯৬১-৬২ সাল মেয়াদে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতির দায়িত্ব পালন করেন। তিনি বিভিন্ন সংগঠনের প্রধান হিসেবে দায়িত্ব পালনকালে দেশের ব্যবসা-বাণিজ্য ও শিল্পের উন্নয়নে অনবদ্য অবদান রেখেছেন। একজন সফল ব্যবসায়ী হওয়া সত্ত্বেও তিনি ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি সামাজিক ও শিক্ষা বিস্তারে অবদান রেখেছেন। তিনি আল বাওয়ানী ফাউন্ডেশন, ঢাকা রিফিউজি রিহ্যাবিলিটেশন অ্যান্ড ফিন্যান্স করপোরেশন এবং লালবাগ মাদ্রাসা এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান। মরহুম ওয়াই এ বাওয়ানী লতিফ বাওয়ানী জুট মিল, আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিলসহ অনেক ব্যবসা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা। তিনি জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের প্রতিষ্ঠাতা সংগঠক। আহমেদ বাওয়ানী একাডেমী এবং ঢাকায় বাওয়ানী উচ্চ বিদ্যালয় তিনি স্থাপন করেন। মরহুমের এই অবদান ঢাকা চেম্বারের সকল সদস্যবৃন্দ শ্রদ্ধাভরে স্মরণ করবে। মরহুম ইয়াহিয়া আহমেদ বাওয়ানী ১২ জানুয়ারি, ২০০৯ সালে পাকিস্তানের করাচিতে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে------রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৪ বছর।

মরহুম আলহাজ্ব মুখলেছুর রহমান

জনাব মুখলেছুর রহমান ১৯২৮ সালে ১৮ এপ্রিল নরসিংদীর এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মৌলভী আশরাফ আলী ১৯১৯ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রিধারী এবং পরবর্তীতে তৎকালীন সরকারের শিক্ষা বিভাগের উচ্চ পদে আসীন ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালে ১৯৫২ সালে তিনি ভাষা আন্দোলনে সক্রিয় ভূমিকা পালন করেন। বাগেরহাট কলেজে অধ্যাপনা দিয়ে তাঁর কর্মজীবন শুরু হয়। অতঃপর দীর্ঘদিন চট্টগ্রাম চেম্বারে সেক্রেটারি হিসেবে কর্মরত থেকে চেম্বারের প্রভূত উন্নয়ন সাধনে ভূমিকা রাখেন। ১৯৬৭-৬৮ সালে ব্যবসার জগতে প্রবেশ করেন। তিনি দেশের ব্যবসা-বাণিজ্য খাতের উন্নয়নের জন্য ব্যাপক ভূমিকা রাখতে শুরু করেন।

১. বাজেট ২০১৬-১৭ তে অন্তর্ভূক্তির জন্য ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) কর্তৃক প্রণীত সুপারিশমালা

ঢাকা চেম্বার প্রতি বছরের মত এবারও নিজস্ব সদস্যদের নিকট থেকে প্রাপ্ত বাজেট প্রস্তাবনার আলোকে চেম্বারের ট্যাক্সেশন সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি এবং গবেষণা ও উন্নয়ন শাখা বিশ্লেষণপূর্বক বাস্তবভিত্তিক আয়কর, আইন ও বিধি সংক্রান্ত ১৫টি, আয়কর সংক্রান্ত ১৫টি, আমদানি ও সম্পূরক শুল্ক নীতি, আইন ও বিধি সংক্রান্ত ৮টি, আমদানি ও সম্পূরক শুল্ক সংক্রান্ত ৪৮টি, মূল্য সংযোজন কর নীতি, আইন ও বিধি সংক্রান্ত ৩টি এবং মূল্য সংযোজন কর সংক্রান্ত ৩টি সহ সর্বমোট ৯২টি প্রস্তাব প্রণয়ন করেছে, যা ইতোমধ্যে বিগত ১ মার্চ, ২০১৬ তারিখে সফ্টকপিসহ জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করা হয়।

১. **চেম্বার ও ট্রেড বডির উপর কর প্রত্যাহারঃ** দেশের চেম্বার সমূহ মূলত অলাভজনক প্রতিষ্ঠান, বিধায় এ ধরনের প্রতিষ্ঠানসমূহ আয় ও লাভের পরিমাণ অত্যন্ত কম। চেম্বারগুলো তাদের আয়ের একটি বড় অংশ ব্যবসায়ীদের সাহায্যার্থে গবেষণা, প্রকাশনা প্রভৃতি খাতে ব্যয় করে থাকে। **কিন্তু বর্তমানে চেম্বার এবং ট্রেড বডিসমূহের সুদ বা মুনাফা আয় এবং ব্যবসা আয়ের উপর কর আরোপ করা হয়েছে** (এস.আর.ও. নং ২১০-আইন-আয়কর/২০১২, তারিখ ঃ ০১-০৭-২০১৩ ইং)। **এ ধরণের করারোপের ফলে বেসরকারিখাত কর্তৃক গৃহীত উন্নয়ন ও জনকল্যাণমূলক কর্মকাণ্ড সার্বিকভাবে বাধাগ্রস্ত হচ্ছে।** চেম্বারের সকল ধরনের আয়কে পূর্বের ন্যায় অলাভজনক সেবামূলক প্রতিষ্ঠান হিসেবে কর মুক্ত ঘোষণা করার জন্য সুপারিশ করা হয়েছে।

২. **প্যাকেজ ভ্যাটঃ** অর্থনীতিতে মোট দেশজ উৎপাদনের (জিডিপি) ৩০ শতাংশের বেশি অবদান রাখে অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্প (MSME) খাত। বেসরকারিখাতের ৭৫% ব্যবসা-প্রতিষ্ঠান এ খাত সংক্রান্ত। দেশের কর্মসংস্থানের ৭৫% হয় SME খাতের মাধ্যমে এবং শিল্পখাতে কর্মসংস্থানের ৮০ শতাংশই SME ভিত্তিক। তাই বর্তমানে SME উদ্যোক্তাদের কথা বিবেচনা করে ২০২১ সাল পর্যন্ত নিম্নলিখিত হারে "প্যাকেজ ভ্যাট" নির্ধারণ করার সুপারিশ করা হয়েছে।

		প্রস্তাব	বর্তমান
ক)	ঢাকা ও চট্রগ্রাম সিটি কর্পোরেশন এলাকা	১৫,০০০/-	১৪,০০০/-
খ)	অন্যান্য সিটি কর্পোরেশন এলাকা	১২,০০০/-	১০,০০০/-
গ)	জেলা শহরের পৌর এলাকা	৮,০০০/-	৭,২০০/-
ঘ)	দেশের অন্যান্য এলাকা	৪,০০০/-	৩,৬০০/-

এই হার পরবর্তীসময়ে প্রতি বছর **২০২১ সাল পযর্ন্ত ১০% হারে** বৃদ্ধি করার প্রস্তাব করা হয়েছে।

৩. **Electronic Cash Register (ECR) : ECR** কার্যক্রম বাস্তবায়ন করার পূর্বে সংশ্লিষ্ট Software-টি পরীক্ষিত ও সম্পূর্ণ হওয়ার সুপারিশ করা হয়েছে। অন্যথায় এ অপরিপূর্ণ উদ্যোগ ভ্যাট প্রদানে ব্যবসায়ীদের জন্য জটিলতা সৃষ্টি করবে, যা কাঙ্ক্ষিত লক্ষ্য ও রাজস্ব ব্যবস্থাপনাকে ব্যাহত করবে।

৪. **অপ্রকাশিত ও অঘোষিত আয় :** প্রচলিত আয়কর ব্যবস্থার ত্রুটির কারণে ব্যক্তি ও প্রতিষ্ঠান পর্যায়ে আয়কর রিটার্ন জমা দেয়ার ক্ষেত্রে প্রায় করযোগ্য আয়ের বিভিন্ন উৎস অপ্রকাশিত থাকায় সরকারের কাঙ্ক্ষিত রাজস্ব আদায় হ্রাস পায়। ত্রুটিপূর্ণ এই ব্যবস্থার উন্নয়নের সুপারিশ করা হয়েছে, যা অপ্রকাশিত আয়ের প্রবণতাকে নিরুৎসাহিত করবে।

৫. **Tax Cardঃ** ঢাকা চেম্বারের প্রস্তাবনার প্রেক্ষিতে বিগত কয়েক বছর ধরে করদাতাদের সম্মানার্থে সীমিতভাবে Tax Card প্রদান শুরু করেছে। এ লক্ষ্যে Tax Card প্রদানের আওতা বাড়ানোর উদ্যোগ দ্রুত বাস্তবায়ন সহ Tax Card কে Smart Card এ রূপান্তর করার প্রস্তাব করা হয়েছে, যা ব্যবসীয়দের ব্যবসা সংক্রান্ত সকল তথ্য সংরক্ষণ করবে এবং রাষ্ট্রীয় পর্যায়ে ব্যবসায়ের সকল কর্মকাণ্ডের প্রক্রিয়াকে সহজীকরণ করবে।

৬. **করদাতার আওতা বৃদ্ধিঃ** মোট জনসংখ্যার প্রায় ৩ কোটি মানুষ করযোগ্য আয়সীমার মধ্যে থাকলেও মাত্র ১১ লক্ষের কিছু বেশি করদাতা নিয়মিত কর প্রদান করে। তাই রাজস্ব আদায়ের লক্ষ্যে যুক্তিসঙ্গত ভাবে কর হার বৃদ্ধি করার পাশাপাশি করদাতার আওতা বৃদ্ধি করার জোরালো সুপারিশ করা হয়েছে।

৭. **Import Substitute Industry এর সুরক্ষাঃ** আমদানি বিকল্প শিল্প গড়ে তোলা, স্থানীয় শিল্পের সংরক্ষণ এবং সম্প্রসারণের লক্ষ্যে Finished Products আমদানির ক্ষেত্রে সর্বোচ্চ শুল্ক হার আরোপের পাশাপাশি প্রয়োজনীয় হারে সম্পূরক শুল্ক আরোপ/বৃদ্ধি করার প্রস্তাব করা হয়েছে। সেই সাথে শিল্পের কাঁচামাল আমদানির উপর যাতে কোনক্রমেই চূড়ান্ত পণ্যের ন্যায় Duty বা Tax আরোপ করা না হয়, সে ব্যাপারে আরো যত্নশীল হওয়ার অনুরোধ করা হয়েছে। যদি আমদানির উপর ট্যারিফ কমিয়ে এবং সব ধরণের সম্পূরক শুল্ক প্রত্যাহার করে ১৫% ভ্যাট আরোপ করা হয়, তা দেশিয় Import Substitutitute Industry কে ক্ষতিগ্রস্ত করবে।

৮. **Port Charges, Demurrage & Penalties নির্ধারণঃ** বর্তমানে আমদানি-রপ্তানি কার্যক্রমে বিভিন্ন দীর্ঘসূত্রীতার কারণে অতিরিক্ত **Port Charges, Demurrage & Penalties** বহন করায় ব্যবসায়ীদের **cost of doing business** বৃদ্ধি পাচ্ছে যা বিদেশী মুদ্রায় **Steve Doering Agency** সমূহকে প্রদান করায় ব্যবসায়ীদের ক্ষতির মুখোমুখী হতে হয়। তাই সকল ধরণের **Port Charges, Demurrage & Penalties** সহনশীল পর্যায়ে পূনঃনির্ধারণ করার প্রস্তাব করা হয়েছে।

৯. **Automobile এবং Automotive শিল্পঃ** আমদানি নির্ভর প্রায় ১০ হাজার কোটি টাকার Automotive শিল্পের উন্নয়নের জন্য এ শিল্পকে Import Substitute শিল্প হিসেবে স্বীকৃতি এবং এ শিল্পের বিকাশের জন্য বিশেষ প্রণোদনার প্রস্তাব করা হয়েছে। এতে দেশ আমদানি বিকল্প গাড়ি উৎপাদনের পাশাপাশি মটর পার্টস রপ্তানিতেও সক্ষম হবে। শিল্প মন্ত্রণালয়ের অধীনে D-8 সভার আলোচনা সাপেক্ষে Automobile শিল্পের জন্য যে Policy Guideline এবং Roadmap গ্রহণ করা হয়েছিল, তা বাস্তবায়ন করার প্রস্তাব করা হয়েছে।

বর্তমানে বাংলাদেশে Brand New Passanger Car, Completely Built Unit (CBU) অবস্থায় মূল্যায়নের ক্ষেত্রে Glass Guide ব্যবহার করা হয়, যা শুধুমাত্র যুক্তরাজ্যের বাজারের জন্য প্রযোজ্য। যেমনঃ রেঞ্জ রোভার, জাগুয়ার ও মিনি গাড়ির ক্ষেত্রে তাদের দেশিয় বাজারে নির্দেশিকা হিসাবে ব্যবহার হয়ে থাকে, যা অন্যান্য বাজারের ক্ষেত্রে বা রপ্তানির মূল্যের দামের ক্ষেত্রে প্রতিফলিত করে না। তাই Brand New Passanger Car, Completely Built Unit (CBU) অবস্থায় মূল্যায়নের ক্ষেত্রে Glass Guide ব্যবহার বন্ধ/প্রত্যাহার করার প্রস্তাব করা হয়েছে এবং এই সময়সাপেক্ষ ও ব্যয়বহুল প্রক্রিয়ার পরবর্তীতে Manufacturer এর মূল্যতালিকা/Invoice এবং/অথবা Manufacturer Owned Trading Company এর মূল্যতালিকা/Invoice গ্রহণ করার প্রস্তাব করা হয়েছে। এক্ষেত্রে সঠিক মূল্যমান নিশ্চিত করে ফি এর মাধ্যমে ঢাকা চেম্বার এই ধরণের যাচাই-বাছাই এবং তথ্যানুসন্ধানের কাজ করার প্রস্তাব করা হয়েছে। যেখানে সরকার কিংবা আমদানিকারক কারও কোন ধরণের লোকসান হবে না।

১০. **ঔষধ শিল্পঃ** স্থানীয় **API** উৎপাদনকারীদের সুরক্ষা ও রপ্তানিমুখী ঔষধ শিল্পের সমৃদ্ধির জন্য আমদানিকৃত API পণ্যের উপর ৩০% সম্পূরক শুল্ক আরোপ করার প্রস্তাব করা হয়েছে, যা **WTO TRIPS** এর আওতায় ২০৩৩ সাল পর্যন্ত আন্তর্জাতিক বাজার বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে।

১১. **ষ্টিল ও রি-রোলিং খাতঃ** এ খাতে বিদ্যমান আমদানি শুল্ক বজায় রাখার প্রস্তাব করা হয়েছে, কারণ ষ্টিল রি-রোলিং খাত একটি গুরুত্বপূর্ণ ও ক্রমবর্ধমান শিল্প। এই শিল্পের স্থানীয় উপযোগিতা অবকাঠামোগত উন্নয়নে ও আবাসন খাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এখাতে প্রায় ৪০০ এর অধিক স্থানীয় উৎপাদনকারী প্রতিষ্ঠান সৃষ্টি হয়েছে, যা দেশিয় প্রয়োজন মেটাতে সক্ষম। এ শিল্পের কাঁচামাল বিলেটস্ (**Billet**) এর চাহিদা এখনও বহুলাংশে আমদানি নির্ভর। তাই এ শিল্পের অগ্রগতি, স্থানীয় অবকাঠামো উন্নয়ন ও আবাসন খাতের সমৃদ্ধির স্বার্থে বর্তমান অর্থবছরে বিদ্যমান আমদানি শুল্ক (যা ৭০০০ টাকা প্রতি টন) আগামী অর্থবছরেও বজায় রাখার প্রস্তাব করা হয়েছে।

এছাড়া, এখাতে স্থানীয় শিল্পের সুরক্ষা ও বিকাশের স্বার্থে **'SAFTA'** অন্তর্ভুক্ত জিরো ট্যারিফ পণ্য তালিকা হতে **Billet** এর অন্তর্ভূক্তি প্রত্যাহার করার প্রস্তাব করা হয়েছে।

১২. **আবাসন খাত:** জমি বা গৃহ সম্পত্তি বিক্রয়ের ক্ষেত্রে বিক্রয়মূল্যের উপর বিদ্যমান ৪% **Gain Tax** সহ মোট ১১% **Tax** ও **Registration Fee** চার্জ করা হয়। এ ছাড়াও ফ্লাটের আকার ভেদে সর্বোচ্চ ৪.৫% ভ্যাট চার্জ করা হয়। এ খাতের সমৃদ্ধি ও ফ্লাট ক্রয়-বিক্রয়ের সুবিধার্থে **Gain Tax** হ্রাস করে যোক্তিকীকরণ এবং **Registration Fee, Stamp Duty** প্রত্যাহার করে **Transfer Fee** আরোপ করার প্রস্তাব সহ ভ্যাট ১% থেকে ২.৫% এ পুনর্নির্ধারণ করার প্রস্তাব করা হয়েছে।

১৩. **Anti-Dumping, Countervailing & Safeguard Measures:** বর্তমানে দেশিয় পণ্যের বাজার সুরক্ষায় Anti-Dumping, Countervailing & Safeguard Measures এর সঠিক প্রয়োগ না থাকায় সরকার বিপুল পরিমাণ রাজস্ব হারাচ্ছে। তাই উৎপাদনমুখী ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে বাঁচাতে এবং রাজস্ব বাড়াতে ট্র্যারিফ কমিশনকে আরো শক্তিশালী করার প্রস্তাব করা হয়েছে।

১৪. **আয়কর আইন ১৯৮৪ ও বিধি সংক্রান্ত প্রস্তাবঃ**

১৪.১ ধারা ১৬ সিসিসি অনুসারে কোম্পানি শ্রেণির করদাতার ২০১৫-২০১৬ করবর্ষে ০.৩০ শতাংশ হারে সর্বনিম্ন কর আরোপের বিধান করা হয়েছে। কোম্পানির মোট প্রাপ্তির উপর ভিত্তি করে এ সর্বনিম্ন কর আরোপ করা হয়। উক্ত করবর্ষে লাভ লোকসান নির্বিশেষে এ করের পরিমাণ সংশ্লিষ্ট করবর্ষে মোট প্রাপ্তির ০.৩০ শতাংশের কম হবে না, যা আয়কর আইনের পরিপন্থী। আয়কর আইন অনুসারে আয়ের উপর আয়কর পরিশোধ করতে হয়। তাই ১৬ সিসিসি বিলোপ করার জন্য প্রস্তাব করা হয়েছে।

১৪.২ ধারা ৩০ (এম) এর অধীনে ব্যাংক বহির্ভূত চ্যানেলের মাধ্যমে লেনদেন ৫০ হাজার টাকার পরিবর্তে ১ লক্ষ টাকা করার প্রস্তাব করা হয়েছে। ক্ষুদ্র ব্যবসায়ীগণ নন-ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে প্রচুর পরিমাণ লেনদেন করে থাকেন এতে ক্ষুদ্র লেনদেন বৃদ্ধি পাবে।

১৪.৩ ৫২এএ ধারা অনুযায়ী "অন্যান্য সেবার" ক্ষেত্রে উৎসে কর কতর্নের হার ১০%। উৎসে কর কর্তনের যে বিধান বর্তমানে চালু আছে তা করদাতা এবং ব্যবসা প্রতিষ্ঠানের জন্য বিরাট বোঝা স্বরুপ। তাই "অন্যান্য সেবার" ক্ষেত্রে উৎসে কর কর্তনের হার ৫% পর্যন্ত হ্রাস করে এটাকে **Final Assessment** হিসেবে গণ্য করার প্রস্তাব করা হয়েছে।

১৪.৪ মামলার জট কমানোর জন্য বিকল্প বিরোধ নিস্পত্তি (ADR) মাধ্যমে যে সকল বিষয় গুলো নিস্পত্তি হয়ে যায়, তা করদাতা বা আয়কর কর্তৃপক্ষ কেউ চ্যালেঞ্জ করতে না পারার বিধান (আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ১৫২ও এবং আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১৫২পি) থাকলেও আয়কর কর্তৃপক্ষ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১২০ ধারার ক্ষমতা প্রয়োগ করে নিস্পত্তি হওয়া বিষয়ের উপর পূণরায় নোটিশ জারি করে। যা ADR এর মূল উদ্দেশ্যকে বাধাগ্রস্থ করে। তাই মামলার জট কমানোর জন্য ADR এর মাধ্যমে নিস্পত্তিকৃত কর মামলাগুলোর সাথে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ১২০ সমন্বয় করার প্রস্তাব করা হয়েছে এবং কার্যকরী **ADR Process** এর জন্য সকল **Stakeholder (Judiciary, NBR, Business Community, Consumer)**-দের নিয়ে, বেসরকারিখাতের প্রতিনিধিদের সমন্বয়ে একটি **ADR Panel** গঠন করার প্রস্তাব করা হয়েছে।

১৪.৫ আয়কর আইন ১৯৮৪ রুল ২৫ এর অধীনে আয়কর রিটার্ন ফরমে ৬ নং পৃষ্ঠায় করদাতার নিজের, স্ত্রী/ স্বামীর (রিটার্ন দাখিলকারী না হলে), নাবালক ও নির্ভরশীল সন্তানদের পরিসম্পদ ও আয় উপরি উক্ত বিবরণীতে প্রদর্শন করতে হবে। কিন্তু উক্ত রিটানের ৫নং পৃষ্ঠা (আইটি ১০বি) তে ১ হতে ১৮ পর্যন্ত যে কলাম রয়েছে সেখানে স্ত্রী/ স্বামীর (রিটার্ন দাখিলকারী না হলে), নাবালক ও নির্ভরশীল সন্তানদের সম্পদ ও আয় দেখানোর কোন কলাম নেই। ফলে করদাতার উক্ত করবর্ষের মোট সম্পদ এবং পূর্ববর্তী করবর্ষের সম্পদের সমন্বয়ে জটিলতা দেখা দেয়। ফলে কর নির্ধারনে অনিয়ম পরিলক্ষিত হয়। এ জটিলতা নিরসনের প্রস্তাব করা হয়েছে।

১৪.৬ মূসক আইন ১৯৯১, ধারা (২) এর (ঙঙঙঙ) এ যেভাবে **Export** এর সংজ্ঞা দেয়া আছে, আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এ সেভাবে **Export** এর সুস্পষ্ট ব্যাখ্যাসহ সংজ্ঞা দেয়ার প্রস্তাব করা হয়েছে।

১৫ আয়কর সংক্রান্ত সুনির্দিষ্ট প্রস্তাব

১৬.১৫ ব্যক্তি শ্রেণির করঃ বর্তমানে জীবন যাত্রার ব্যয় বৃদ্ধি ও ব্যাপক মূল্যস্ফীতির কারণে মানুষের মৌলিক চাহিদাসমূহ মেটানো কষ্টকর হয়ে দাঁড়িয়েছে। এমতাবস্থায় ঢাকা চেম্বারের পক্ষ হতে ২০১৬-১৭ অর্থবছরের জন্য ব্যক্তি শ্রেণির করদাতার কর মুক্ত আয়ের সীমা সর্বোচ্চ ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা হতে বাড়িয়ে ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, মহিলা করদাতা ও বয়স্ক নাগরিক (৬৫ বৎসর) করদাতার ক্ষেত্রে কর মুক্ত আয়ের সীমা ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা থেকে বাড়িয়ে ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা এবং প্রতিবন্ধী করদাতার ক্ষেত্রে করমুক্ত আয়ের সীমা ৩,৭৫,০০০/- (তিন লক্ষ পচাঁত্তর হাজার) টাকা থেকে বাড়িয়ে ৪,২৫,০০০/- (চার লক্ষ পচিঁশ হাজার) টাকা করার প্রস্তাব করা হয়েছে।

১৬.১৬ এলাকাভেদে ২০১৬-২০১৭ অর্থবছরের জন্য ন্যূনতম আয়করের হার ৩,০০০, ২,০০০, ১,০০০ টাকা নির্ধারণ করার প্রস্তাব করা হয়েছে।

১৬.১৭ অতিক্ষুদ্র, মাঝারি ও ক্ষুদ্র শিল্প উদ্যোক্তা **(MSME)** রপ্তানিকারক বা প্রতিষ্ঠানের জন্য অগ্রীম আয়কর সম্পূর্ণ রহিতকরন এবং প্রতিষ্ঠানের বা মালিকের আয়কর বার্ষিক নিট রপ্তানির সর্বোচ্চ ৩% মোট আয় **(Gross Income)** ধরে নিষ্পন্ন করার জন্য প্রস্তাব করা হয়েছে।

১৬.১৮ ব্যক্তি পর্যায়ে করদাতাদের ক্ষেত্রে আয়করের হার মোট আয়ের উপর ভিত্তি করে ১০% থেকে ৩০% পর্যন্ত বিদ্যমান। জীবনযাত্রার ব্যয় ও মূল্যস্ফীতির সাথে সমন্বয় রেখে, আগামী অর্থবছরে ব্যক্তিখাতের আয়ের উপর ভিত্তি করে আয়করের হার ৫% এবং ২০% এ হ্রাস করে যৌক্তিককরণের প্রস্তাব করা হয়েছে।

অন্যদিকে, বর্ধনশীল Cost of Doing Business ও মূল্যস্ফীতির কারণে প্রাতিষ্ঠানিক করহার বিদ্যমান সর্বোচ্চ ৪৫% থেকে ৩৫% পর্যন্ত হ্রাস করে যৌক্তিকীকরণের প্রস্তাব করা হয়েছে।

১৬.১৯ Engineering, Procurement and Construction (EPC) ব্যবসার ক্ষেত্রে ৫% Cash incentive প্রদান করার প্রস্তাব করা হয়েছে।

১৬.২০ Merchant Bank এর ক্ষেত্রে কর্পোরেট করের হার ৩৭.৫% থেকে হ্রাস করে ৩৫% করার অনুরোধ করছি। Brokerage Operations এর ক্ষেত্রে কর্পোরেট করের হার ৩৫% থেকে হ্রাস করে ৩০% করার প্রস্তাব করা হয়েছে।

১৬.২১ **Corporate Social Responsibilityঃ** সামাজিক দায়বদ্ধতা বা Corporate social Responsibility (CSR) এ ব্যয়কৃত অর্থ সম্পূর্ণ আয়করমুক্ত করতে হবে। CSR এর জন্য আলাদা একটি অনুমোদিত খাত রাখার প্রস্তাব করা হয়েছে।

১৬.২২ **Financial Reporting Act (FCA)** একটি ভালো উদ্যোগ হলেও এই আইন এখন প্রয়োগ করা হলে ৯৯% ব্যবসায়ী এই আইনের আওতায় **Non-Compliant** হিসাবে পরিগণিত হবে। এই আইন প্রয়োগের পূর্বে, এই আইনের প্রয়োগ ও ব্যবহার সর্ম্পকে ব্যবসায়ীদের মাঝে আরো সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন। তাই কার্যকারী **Financial Reporting Eco-System** প্রতিষ্ঠা করার পর এই আইন প্রয়োগ করার প্রস্তাব করা হয়েছে।

১৬.২৩ পুঁজিবাজার তালিকাভুক্ত কোম্পানি হতে প্রাপ্ত লভ্যাংশ আয় ৩০০০০ টাকা পর্যন্ত করমুক্ত করার প্রস্তাব করা হয়েছে।

১৬.২৪ **General Purchase** এবং **Sales** এর উপর উৎস কর ৫% থেকে হ্রাস করে ২.৫% পূণঃনির্ধারন করে **Final Assessment** হিসাবে গণ্য করার প্রস্তাব করা হয়েছে।

১৬.২৫ **'Advisory & Consultancy'** সেবার ক্ষেত্রে উৎসে কর প্রয়োগের হার ৩০% যা ১০% এ হ্রাস করে যৌক্তিককরণের প্রস্তাব করা হয়েছে।

১৬.২৬ সরকার ঘোষিত নতুন পে স্কেলে অনেক সরকারি কর্মকর্তা ও কর্মচারী বিদ্যমান আয়কর সীমার আওতায় এসেছে। এ ক্ষেত্রে সরকারের রাজস্বের পরিমাণ বৃদ্ধির লক্ষ্যে সরকারি কর্মকর্তা ও কর্মচারীর আয়করের আওতা বৃদ্ধি করার প্রস্তাব করা হয়েছে।

১৬ শুল্ক সংক্রান্ত সুনির্দিষ্ট প্রস্তাব

১৭.১৬ দেশের অভ্যন্তরীণ শিল্প-পণ্যসমূহের সুরক্ষার জন্য বছর-ভিত্তিক পর্যালোচনাপূর্বক সম্পূরক শুল্ক আরোপ করা যেতে পারে। স্থানীয় শিল্পের সংরক্ষণ, আমদানি বিকল্প শিল্প গড়ে তোলা এবং সম্প্রসারণের লক্ষ্যে **Finished Products** এর ক্ষেত্রে সর্বোচ্চ শুল্ক হার আরোপের পাশাপাশি প্রয়োজনীয় হারে সম্পূরক শুল্ক আরোপ/বৃদ্ধি করার প্রস্তাব করা হয়েছে।

১৭.১৭ বিদ্যুৎ ও জ্বালানী খাতের উন্নয়নের জন্য মূলধনী যন্ত্রপাতি আমদানির ক্ষেত্রে বিদ্যমান রেয়াতি শুল্কহার আগামী অর্থবছরেও বজায়ে রাখার প্রস্তাব করা হয়েছে।

১৭.১৮ শুল্ক কাঠামোতে ঘন ঘন পরিবর্তন আনয়নের ফলে দেশের সাবলীল শিল্পোন্নয়নে বাধার সৃষ্টি হয় এবং আমদানিকারক ও ভোক্তাশ্রেণি ক্ষতিগ্রস্ত হয়ে থাকেন। বাজেট ঘোষণার পর S.R.O জারিকরণের মাধ্যমে শুল্ক করের হার হ্রাস/বৃদ্ধিকরণ যথাসম্ভব পরিহার করার প্রস্তাব করা হয়। দীর্ঘমেয়াদি রাজস্ব ব্যবস্থাপনা ও রাজস্ব বৃদ্ধির লক্ষে, দীর্ঘমেয়াদি শুল্ক কাঠামো (ন্যূনতম ৫ বছর) তৈরি করার প্রস্তাব করা হয়েছে।

১৭.১৯ **আমদানিকারক ও উৎপাদকগণের স্বার্থ সংরক্ষণঃ** আমদানিকারক ও একই পণ্যের স্থানীয় উৎপাদকগণের স্বার্থ বিপরীতমূখী। এমনকি যেখানে এক শিল্পের কাঁচামাল অপর শিল্পের উৎপাদিত পণ্য। এদের স্বার্থের মধ্যে সমন্বয় সাধন করে শুল্কহার নির্ধারণের জন্য সরকারি ও বেসরকারি প্রতিনিধি নিয়ে একটি জাতীয় পর্যায়ের কমিটি করার প্রস্তাব করা হয়েছে। এর মাধ্যমে উভয় পক্ষের বক্তব্য শোনার ব্যবস্থা করা সম্ভব হবে। উদাহরণস্বরূপ Liquid Glucose, Urea Liquid Resins, Carbon Rods, Poultry Breeder Machines, Particle Board, Boiler, Transformer ইত্যাদি বিশেষভাবে উল্লেখযোগ্য। এদের স্বার্থের মধ্যে সমন্বয় সাধন করে শুল্কহার নির্ধারণের জন্য সরকারি ও বেসরকারি প্রতিনিধি নিয়ে **Tariff Commission** এর আওতায় একটি **Special Task Force** গঠন করার প্রস্তাব করা হয়েছে।

১৭.২০ **আন্তর্জাতিক দরপত্রে কর সমতা বিধানঃ** আন্তর্জাতিক দরপত্রে অংশগ্রহণের ক্ষেত্রে দেশি ও বিদেশি উদ্যোক্তা/বিনিয়োগকারীদের মধ্যে কর সমতা বিধান করতে হবে। উল্লেখ্য আন্তর্জাতিক দরপত্রে অংশ নেওয়া বিদেশি প্রতিষ্ঠানের আমদানি শুল্ক সরকার পরিশোধ করায় দেশের প্রতিষ্ঠানগুলো মূল্য প্রতিযোগিতায় পিছিয়ে পড়ে এবং এতে দেশিয় শিল্পগুলো একধরনের করবৈষম্যের শিকার হচ্ছে। এই ধরনের সকল করবৈষম্য দূর করে সকল ক্ষেত্রে কর সমতা বিধান করার প্রস্তাব করা হয়েছে।

১৭.২১ **পাট পণ্য রপ্তানি খাতে Duty Draw Back পদ্ধতি সহজীকরণঃ** পাটপণ্য রপ্তানি খাতে গ্যাস ও বিদ্যুৎ বিলের উপর Duty Draw Back দেয়ার বিধান থাকলেও বর্তমানে DEDO Office কার্যক্রমটি স্থগিত করে রেখেছে। পাটপণ্য রপ্তানির ক্ষেত্রে ব্যাংক থেকে সাধারণত Secondary Buyer এর উপর PRC ইস্যু করায় DEDO Office, Duty Draw Back কার্যক্রম বন্ধ করে রেখেছে, যা আইনের পরিপন্থী। তাই DEDO Office এর হয়রানি এবং জটিলতা দূর করে কার্যক্রমটি পুনরায় চালু করার প্রস্তাব করা হয়েছে।

১৭ মূসক সংক্রান্ত সুনির্দিষ্ট প্রস্তাব

১৭.১ নতুন ভ্যাট আইনের অষ্টম অধ্যায়ে, ধারা ৬৩ এ টার্নওভার কর আরোপ ও আদায়ে তালিকাভুক্ত বা তালিকাভুক্তি যোগ্য ব্যক্তি তাহার অর্থনৈতিক কার্যক্রমের টার্নওভারের উপর ৩% হারে টার্নওভার কর প্রদান করার বিধান করা হয়েছে। এই নতুন আইনে টার্নওভার কর সম্পর্কে কোনো সুস্পষ্ট নির্দেশনা না থাকায় ক্ষুদ্র উদোক্তাদের পক্ষে টিকে থাকা কষ্টসাধ্য হবে। শুধু তাই নয় অধিকাংশ সময় টার্নওভার আশানুরূপ না হলেও আইনের কারণে ব্যবসায়ীদের বাধ্যতামূলক ভাবে টার্নওভার কর প্রদান করতে হবে। যা ব্যবসায়ীদের উপর বোঝা সৃষ্টি করবে। তাই নতুন এবং বিদ্যামান আইনে, যেকোনো করযোগ্য পণ্য সরবরাহকারীর বা করযোগ্য সেবা প্রদানকারীর বার্ষিক টার্নওভার এক কোটি টাকার নিম্নে হইলে তাহাকে বার্ষিক টার্নওভারের ওপর ২% হারে টার্নওভার কর প্রদান করার প্রস্তাব করা হয়েছে। এই হারে টার্নওভার প্রদান করলে ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ ব্যবসা প্রতিষ্ঠান ভ্যাট প্রদানে অধিক উৎসাহিত হবে, যা সরকারের রাজস্ব বহুগুন বাড়িয়ে দিবে।

১৭.২ শিল্প বা ব্যবসা প্রতিষ্ঠান একটি করবর্ষের জন্য সরকারের পক্ষ থেকে একবারই নিরীক্ষা করার প্রস্তাব করা হয়েছে। বর্তমানে সরকারি নিরীক্ষা সংস্থা স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা দপ্তর, মূসক গোয়েন্দা ও নিরীক্ষা দপ্তর এবং সংশ্লিষ্ট মূসক কমিশনারেটের নিরীক্ষা দল পৃথক ভাবে একাধিক বার শিল্প সমূহের মূসক সংশ্লিষ্ট হিসাব নিরীক্ষা করে। প্রস্তাবিত ব্যবস্থা গৃহীত হলে নিরীক্ষা আপত্তির হয়রানি এবং এ সংক্রান্ত মামলার সংখ্যা হ্রাস পাবে।

১৭.৩ মূসক আইনে বিদ্যমান মূল্য ঘোষণা এবং মূসক দপ্তর কর্তৃক তা অনুমোদনের বিধান সম্পূর্ণ প্রত্যাহার ও রহিত করার প্রস্তাব করা হয়েছে। যে মূল্যে পণ্য বিক্রয় করা হবে, তার উপরেই মূসক প্রদান করতে হবে; এই বিধান প্রয়োগ করার প্রস্তাব করা হয়েছে। মূসক সহ যে কোন কর ব্যবসার উপজাত। কর কর্তৃপক্ষ যদি পণ্যের মূল্য নির্ধারণ করে দেয় এবং সেই মূল্য রেশন শপের মত শিল্প বা ব্যবসা প্রতিষ্ঠানে অনুসরণ করতে হয়, তাহলে মূসক হয়ত থাকবে কিন্তু কোন ব্যবসায়িক কার্যক্রম শ্লথ হয়ে যাবে।

১৭.৪ **Advanced Trade VAT (ATV)**ঃ বাণিজ্যিকভাবে আমদানিকৃত সকল Finshed Products এর ক্ষেত্রে আমদানি পর্যায়ে প্রদেয় ১৫% হারে মূসক ছাড়াও ৪% অগ্রিম Trade VAT আদায়ের বিধান রয়েছে। এই Advanced Trade VAT কে চুড়ান্ত হিসেবে গণ্য করে এবং পরবর্তী সময়ে পাইকারি ও খুচরা বিক্রয় পর্যায়ে নতুন কোন VAT আরোপ না করার প্রস্তাব করা হয়েছে।

২. শিল্পনীতি-২০১০ সংশোধনের মাধ্যমে যুগোপযোগী করার লক্ষ্যে ডিসিসিআই-এর প্রস্তাবসমূহ

ক্রমিক নং	প্রস্তাব	বিদ্যমান অবস্থা	যুক্তি
১	শিল্পনীতিকে গেজেট আকারে প্রকাশ করে এর আইনগত অবস্থান দৃঢ় করা যেতে পারে।	বর্তমানে শিল্প নীতি গেজেট আকারে প্রকাশ করা নেই।	শিল্পনীতির পরিপূর্ণ বাস্তবায়নের জন্য এ নীতিমালাকে আইনী সমর্থন দিয়ে গেজেট আকারে প্রকাশ করে এর আইনগত অবস্থান দৃঢ় করা যেতে পারে।
২	শিল্পনীতিতে অনেক প্রতিশ্রুতি রয়েছে যা বাস্তবায়নে অন্যান্য মন্ত্রণালয়/সংস্থা/দপ্তর/এজেন্সি এর সাথে সমন্বয়ের প্রয়োজন। আর এজন্য একটি কাঠামো প্রতিষ্ঠা করতে হবে।	বিদ্যমান শিল্পনীতির প্রতিশ্রুতিসমূহ বাস্তবায়নে অন্যান্য মন্ত্রণালয়/সংস্থা/দপ্তর/এজেন্সি এর সাথে সমন্বয়ের অভাব পরিলক্ষিত হয়।	এতে করে শিল্পনীতির প্রতিশ্রুতিসমূহের বাস্তবায়ন অনেকটা সহজ হবে।
৩	পরিবহন শিল্পের জন্য একটি পৃথক অধ্যায় থাকতে পারে যেখানে এখাতের প্রতি বিশেষ করে রেল, সড়ক ও নৌ-পরিবহনে বিরাজমান সমস্যার প্রতি বিশেষ নজর থাকবে। তাছাড়া নৌপথে কন্টেইনার পরিবহন সুবিধার উপর গুরুত্ব দেয়া উচিত যাতে এটি শিল্প উন্নয়নের ক্ষেত্রে একটি দক্ষ পরিবহন ব্যবস্থা হিসেবে গড়ে উঠতে পারে। নদীর পাশে কন্টেইনার সুবিধা যেমন Inland Container Port (ICP) গড়ে তোলার ক্ষেত্রে বেসরকারি খাতকে উৎসাহিত করা যেতে পারে। একই সাথে PPP মডেলে দক্ষ যোগাযোগ এবং যাতায়াত ব্যবস্থা গড়ে তোলার প্রচেষ্টা নেয়া দরকার। একই সাথে নৌ-পথে চলাচল নিরাপদ করার স্বার্থে নৌ-টহল গার্ড (Internal Riverine Guard) সৃষ্টি করে যাত্রীবাহী নৌযানের নিরাপদ চলাচল নিশ্চিত করার ব্যবস্থা করা যেতে পারে।	বিদ্যমান শিল্পনীতিতে পরিবহন শিল্প নিয়ে পৃথক কোন অধ্যায় নেই।	এতে পরিবহন শিল্পের প্রভূত উন্নয়ন নিশ্চিত করা সম্ভব হবে।

ক্রমিক নং	প্রস্তাব	বিদ্যমান অবস্থা	যুক্তি
৪	বিদেশে অবস্থানরত বাংলাদেশীদের বিনিয়োগ উৎসাহিত করতে একটি পৃথক অধ্যায় থাকতে পারে যেখানে এনআরবি বিনিয়োগ কৌশল ও বিনিয়োগ খাত সম্পর্কে উল্লেখ থাকবে। এ ব্যাপারে দেশের চেম্বার সমূহের সাথে পররাষ্ট্র মন্ত্রণালয় ও দূতাবাস সমূহের যোগাযোগ রাখার ব্যবস্থা রাখা যেতে পারে।	বিদ্যমান শিল্পনীতিতে এনআরবি বিনিয়োগ কৌশল ও বিনিয়োগ খাত সম্পর্কে পৃথক কোন অধ্যায় নেই।	এতে বিদেশে অবস্থানরত বাংলাদেশীরা বিনিয়োগে উৎসাহিত হবে।
৫	**অধ্যায় ৪** এ উল্লেখিত রাষ্ট্রায়ত্ব শিল্প সংস্কার এবং সরকারি-বেসরকারি অংশীদারিত্ব প্রস্তাবগুলো আরো স্বচ্ছ হওয়া প্রয়োজন (ধারা ৪.১ থেকে ৪.৬)। প্রাইভেটাইজেশন কমিশনকে আরো সক্রিয় করা দরকার। শিল্পনীতিতে প্রাইভেটাইজেশন কমিশনের অধীনে বিরাষ্ট্রীয়করণ সম্পর্কিত সুস্পষ্ট কর্মসূচীর উল্লেখ থাকা বাঞ্ছণীয়। বেসরকারি বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে বেসরকারিকরণ কমিশনের সাথে দেশের চেম্বারসমূহের প্রাতিষ্ঠানিক যোগাযোগ ব্যবস্থা প্রতিষ্ঠা প্রয়োজন।	**অধ্যায় ৪** এ উল্লেখিত রাষ্ট্রায়ত্ব শিল্প সংস্কার এবং সরকারি-বেসরকারি অংশীদারিত্ব প্রস্তাবগুলো সুস্পষ্টভাবে উল্লেখ করা নেই।	এতে করে প্রাইভেটাইজেশন কমিশনকে আরো সক্রিয় করা সম্ভব হবে।
৬	**ধারা ২.৩৮** শিল্পনীতিতে রুগ্ন শিল্পের সুস্পষ্ট সংজ্ঞা অন্তর্ভূক্ত করা প্রয়োজন।	**ধারা ২.৩৮** বিদ্যমান নীতিতে রুগ্ন শিল্পের কোন সুস্পষ্ট সংজ্ঞা দেয়া নেই।	এতে রুগ্ন শিল্প সম্পর্কে একটি সুস্পষ্ট ধারণা পাওয়া সম্ভব হবে।
৭	**ধারা ২.৩৮ (সংশোধন)** কোন শিল্প যাতে রুগ্ন না হয় সে ব্যাপারে মনিটরিং ব্যবস্থা জোরদার করা দরকার। এ লক্ষ্যে একটি ***রুগ্ন শিল্প কমিশন*** গঠন করা হবে। যে সকল শিল্প রাজনৈতিক সমস্যা, এনার্জি বা বিদ্যুৎ সংযোগের অভাবে রুগ্ন হয়ে পড়েছে সেগুলো পুনরায় চালুর ব্যবস্থা গ্রহণসহ তাদের ঋণ কোন ডাউন পেমেন্ট ছাড়া পুনঃতফশীলিকরণের সুযোগ দেয়া হবে। জবাবদিহিতাসহ বাস্তব অবস্থা পর্যালোচনান্তে এ সকল শিল্প পুনরুদ্ধারে সরকারি এবং বেসরকারি বিনিয়োগ বিবেচনা করা যেতে পারে।	**ধারা ২.৩৮** রুগ্ন শিল্পের সমস্যা থেকে দেশকে পরিত্রাণ পেতে যথাযথ পদক্ষেপ নেয়া হবে। এ লক্ষ্যে রুগ্ন শিল্প আইন প্রণয়নের উদ্যোগ নেয়া হবে। যে সব রুগ্ন শিল্প পুনরায় চালু করার সুযোগ বা সম্ভাবনা নেই, সেগুলো সনাক্ত করা হবে।	রুগ্ন শিল্প কমিশন গঠন করা হলে এ শিল্পের উদ্যোক্তাদের পুনরায় উজ্জীবিত করা সম্ভব হবে।

ক্রমিক নং	প্রস্তাব	বিদ্যমান অবস্থা	যুক্তি
৮	**ধারা ২.৩৯ (সংশোধন)** দেউলিয়াত্ব রোধকল্পে এবং কোন কারণে দুরবস্থায় পতিত শিল্প প্রতিষ্ঠান পুনর্বাসনের লক্ষ্যে অগ্রিম পদক্ষেপ গ্রহণে জাতীয় বাজেটে বিশেষ বরাদ্দের মাধ্যমে ব্যাংকিং খাতকে উৎসাহ প্রদান করা হবে। তবে দেউলিয়াত্বেও জবাবদিহিতা নিরূপণ স্বচ্ছ থাকতে হবে।	**ধারা ২.৩৯** দেউলিয়াত্ব রোধকল্পে এবং কোন কারণে দুরবস্থায় পতিত শিল্প প্রতিষ্ঠান পুনর্বাসনের লক্ষ্যে অগ্রিম পদক্ষেপ গ্রহণে ব্যাংকিং খাতকে উৎসাহ প্রদান করা হবে।	দেউলিয়াত্ব রোধকল্পে এবং কোন কারণে দুরবস্থায় পতিত শিল্প প্রতিষ্ঠান পুনর্বাসনের লক্ষ্যে অগ্রিম পদক্ষেপ গ্রহণে জাতীয় বাজেটে বিশেষ বরাদ্দের মাধ্যমে ব্যাংকিং খাতকে উৎসাহ প্রদান করা হলে তা ফলপ্রসূ হবে।
৯	**ধারা ২.৩৭ (সংশোধন)** দেশে ইকো-ট্যুরিজম শিল্পের প্রসারে গতি সৃষ্টি করতে সরকার ***বাংলাদেশ পর্যটন নীতি অনুসরণ করে*** পর্যটন কর্পরেশনের মাধ্যমে বিশ্ব ইকো-ট্যুরিজম মার্কেটিং প্রসারের ক্ষেত্র তৈরি করবে। তাছাড়া, ইকো-ট্যুরিজম শিল্পের প্রসারে পিপিপি অনুসরণ অগ্রাধিকার পেতে পারে।	**ধারা ২.৩৭ (সংশোধন)** দেশে ইকো-ট্যুরিজম শিল্পের প্রসারে গতি সৃষ্টি করতে সরকার বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের মাধ্যমে বিশ্ব ইকো-ট্যুরিজম মার্কেটিং প্রসারের ক্ষেত্র তৈরি করবে।	ইকো-ট্যুরিজম শিল্পের প্রসারে বাংলাদেশ পর্যটন নীতি অনুসরণ করা দরকার।
১০	**ধারা ২.৪৫** বস্ত্রখাতের সরকারি মালিকানাধীন বস্ত্রকলগুলোর পরিচালনা পদ্ধতির মৌলিক সংস্কার কাজ **কোন কর্তৃপক্ষ করবে তা সুস্পষ্ট করে উল্লেখ করা যেতে পারে।** বস্ত্র কলগুলোর পরিচালনা পদ্ধতির সংস্কারে মালিক-শ্রমিক সম্পর্ক উন্নয়নের লক্ষ্যে শ্রমিকদের প্রাতিষ্ঠানিক অংশগ্রহণ বিবেচনা করা যেতে পারে।	**ধারা ২.৪৫** বস্ত্রখাতের সরকারি মালিকানাধীন বস্ত্রকলগুলোর পরিচালনা পদ্ধতির মৌলিক সংস্কার করে বস্ত্রকলগুলো চালু রাখার ব্যবস্থা করা হবে। এই ক্ষেত্রে পাবলিক-প্রাইভেট পার্টনারশীপকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।	এতে অস্পষ্টতা হ্রাস পাবে।
১১	**অধ্যায়-৩ ঃ সংজ্ঞা ও শ্রেণি বিন্যাস ঃ** শিল্পনীতিতে ৯ (নয়) ধরনের শিল্পের সংজ্ঞা দেয়া হয়েছে। প্রতিটি ক্ষেত্রে কোন একটি মানদণ্ডের ভিত্তিতে একটি কর্মকাণ্ড সেই ক্যাটাগরির অন্তর্ভূক্ত হলেও আর একটি ক্যাটাগরিতে উর্ধ্বতন ক্যাটাগরির সমপর্যায় ভূক্ত হলে তাকে উর্ধ্বতন ক্যাটাগরির অন্তর্ভূক্ত করা হবে শিল্পনীতিতে এমন বিধান রাখা হয়েছে। ***এ ধরনের সংজ্ঞা শিল্পের শ্রেণি বিন্যাসের ক্ষেত্রে ভুল বোঝা বুঝি সৃষ্টি করতে পারে। কাজেই এ সব ক্ষেত্রে সংশ্লিষ্ট শিল্পকে উচ্চতর শ্রেণিতে অন্তর্ভূক্ত না করে নিম্নতর শ্রেণিতে অন্তর্ভূক্ত বলে গণ্য করা যেতে পারে।***	শিল্পনীতিতে ৯ (নয়) ধরণের শিল্পের সংজ্ঞা দেয়া হয়েছে, সেগুলো হলো ঃ বৃহৎ, মাঝারী, ক্ষুদ্র, মাইক্রো, কুটির, হাইটেক, সংরক্ষিত, অগ্রাধিকার এবং নিয়ন্ত্রিত শিল্প। প্রতিটি ক্ষেত্রে কোন একটি মানদণ্ডের ভিত্তিতে একটি কর্মকাণ্ড সেই ক্যাটাগরির অন্তর্ভূক্ত হলেও আর একটি ক্যাটাগরিতে উর্ধ্বতন ক্যাটাগরির সমপর্যায় ভূক্ত হলে তাকে উর্ধ্বতন ক্যাটাগরির অন্তর্ভূক্ত করা হবে শিল্পনীতিতে এমন বিধান রাখা হয়েছে।	এতে অস্পষ্টতা দূর হবে।

ক্রমিক নং	প্রস্তাব	বিদ্যমান অবস্থা	যুক্তি
	এ ক্ষেত্রে সার্বিকভাবে সংশ্লিষ্ট শিল্পের অবদান বিবেচনায় ক্যাটাগরীভূক্ত করার বিধান করা যেতে পারে।		
১২	বাংলাদেশ ব্যাংক, বাণিজ্যিক ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, এসএমই ফাউন্ডেশন, এনবিআর এ সকল ক্ষেত্রে শিল্পের একই সংজ্ঞা ব্যবহার করা প্রয়োজন।	বর্তমানে বিভিন্নভাবে শিল্পের সংজ্ঞা ব্যবহৃত হচ্ছে।	শিল্পের একটি স্বতন্ত্র সংজ্ঞা থাকলে তার বি-বিধান বাস্তবায়ন সহজ হবে।
১৩	**ধারা ২.৪১ (সংযোজন)** চালু সরকারি পাটকলগুলোর অতীতের অব্যবস্থাপনা দূরীভূত করে সংস্কার কার্যক্রম এর মাধ্যমে পুনরায় লাভজনক করার কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে। দেশিয় এ শিল্পকে পরিবেশ-বান্ধব দেশজ উৎপাদের প্রধানতম কাঁচামাল এবং বিশ্বে রপ্তানি বৃদ্ধির হাতিয়ার হিসেবে পৃষ্ঠপোষকতা দিতে হবে।	**ধারা ২.৪১** চালু সরকারি পাটকলগুলোর অতীতের অব্যবস্থাপনা দূরীভূত করে সংস্কার কার্যক্রম এর মাধ্যমে পুণরায় লাভজনক করার প্রচেষ্টা নেয়া হবে।	চালু সরকারি পাটকলগুলোর অতীতের অব্যবস্থাপনা দূরীভূত করে সংস্কার কার্যক্রম এর মাধ্যমে পুনরায় লাভজনক করার কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হলে উদ্যোক্তারা উৎসাহিত হবেন।
১৪	**ধারা ৩.১০.৪** অগ্রাধিকারপ্রাপ্ত শিল্পসমূহের তালিকা রপ্তানি নীতির সাথে সঙ্গতিপূর্ণ হওয়া উচিত।	অগ্রাধিকারপ্রাপ্ত শিল্পসমূহের তালিকা পরিশিষ্ট-২ এ পরিবেশিত হয়েছে।	এতে আলাদা দুই নীতির সাথে সামঞ্জস্য থাকবে।
১৫	**ধারা ৩.১১.১** **নিয়ন্ত্রিত শিল্পঃ** অন্যান্য মন্ত্রণালয়/ কমিশন হতে অনুমোদন/অনাপত্তিপত্র ইত্যাদি গ্রহণ সংক্রান্ত জটিলতা পরিহার করা উচিত এবং বাস্তবায়ন প্রক্রিয়া দ্রুত ও স্বচ্ছ হওয়া উচিত।	প্রাকৃতিক/খনিজ সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকল্পে, দেশের স্বার্থে সেবামূলক/বিনোদনমূলক কিছু শিল্প স্থাপনের বিষয়ে সরকারের যথাযথ সিদ্ধান্ত ও ব্যবস্থা গ্রহণকল্পে এবং জাতীয় নিরাপত্তা ও সংস্কৃতির প্রতি হুমকির কারণ হতে পারে বা অর্থনীতি ক্ষতিগ্রস্ত হতে পারে এমন সকল শিল্প সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের/ কমিশনের (যেমনঃ সংস্কৃতি/ধর্ম মন্ত্রণালয়, বিটিআরসি ইত্যাদি) অনুমোদন/অনাপত্তি গ্রহণ সাপেক্ষে বেসরকারিখাতে স্থাপন করা যাবে।	অযথা হয়রানি দূর করা গেলে বেসরকারিখাত দেশের উন্নয়নে অংশগ্রহণে আরো বেশি উৎসাহিত হবে।
১৬	**অধ্যায় -৪ (সংযোজন)** ..... এছাড়া ক্ষেত্র বিশেষে শেয়ার অফলোডের মাধ্যমে কোম্পানী আইন ১৯৯৪-এর আওতায় *বা নতুন কোন কোম্পানী আইন প্রণীত হলে তার আওতায়*	**অধ্যায় -৪** **ধারা ৪.৩** রাষ্ট্রায়ত্ত শিল্পে ব্যবস্থাপনা উন্নয়নের জন্য সরকার সর্বাত্মক প্রচেষ্টা চালাবে এবং এই সব শিল্প খাতের	নতুন কোম্পানী আইন প্রণীত হচ্ছে যা এ নীতিতে অন্তর্ভূক্ত থাকা প্রয়োজন।

ক্রমিক নং	প্রস্তাব	বিদ্যমান অবস্থা	যুক্তি
	অথবা অন্য কোন আইনী প্রক্রিয়ায় সরকারি ও দেশি-বিদেশি বেসরকারি অংশীদারিত্বে লিমিটেড কোম্পানীতে রূপান্তরের বিষয়টিও সরকার বিবেচনা করবে।	প্রতিযোগিতামূলক ক্ষমতা সৃষ্টির উদ্দেশ্যে প্রযুক্তি বা ব্যবস্থাপনা উন্নয়নে চুক্তিভিত্তিক সহযোগিতা প্রদানে দেশি বা বিদেশি সহযোগী বা বিনিয়োগকারীকে আমন্ত্রণ জানানো যেতে পারে। এছাড়া ক্ষেত্র বিশেষে শেয়ার অফলোডের মাধ্যমে কোম্পানী আইন ১৯৯৪-এর আওতায় অথবা অন্য কোন আইনী প্রক্রিয়ায় সরকারি ও দেশি-বিদেশি বেসরকারি অংশীদারিত্বে লিমিটেড কোম্পানীতে রূপান্তরের বিষয়টিও সরকার বিবেচনা করবে।	
১৭	**ধারা ৫.১** পরিশিষ্ট-৫ এ প্রদর্শিত উন্নত ও অনগ্রসর এলাকার তালিকাটি পুনরায় বিবেচনা করা যেতে পারে। কারণ সময়ের সাথে সাথে পরিস্থিতি অনেক পরিবর্তন হয়েছে।	**ধারা ৫.১** দেশে সুষম উন্নয়ন নিশ্চিত করতে আমদানীকৃত মূলধনী যন্ত্রপাতির উপর শুল্ককর সুবিধার জন্য এলাকা বিভাজন তথা উন্নত ও অনগ্রসর এলাকার একটি তালিকা থাকবে (পরিশিষ্ট-৫) এবং সেই অনুযায়ী প্রনোদনা প্যাকেজ থাকবে।	পরিশিষ্ট-৫ এ প্রদর্শিত উন্নত ও অনগ্রসর এলাকার তালিকাটি পুনরায় বিবেচনা করা যেতে পারে। কারণ সময়ের সাথে সাথে পরিস্থিতি অনেক পরিবর্তন হয়েছে।
১৮	**ধারা ৫.২** জাতীয় সংসদে পাশ হওয়া অর্থনৈতিক অঞ্চল আইন-২০১০ অনুযায়ী দেশের বিভিন্ন অঞ্চলে দ্রুত অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার তাগিদ শিল্প নীতিতে থাকা দরকার।	৫.২ শিল্পায়নে সবচেয়ে পশ্চাৎপদ ও অনুন্নত দেশের উত্তরাঞ্চলের জেলা সমূহে (বৃহত্তর রংপুর, দিনাজপুর, রাজশাহী) শিল্প স্থাপনে ব্যাপক অবকাঠামোগত সুবিধা সৃষ্টিসহ প্রণোদনার ব্যবস্থা করা হবে। এসব এলাকায় অর্থনৈতিক অঞ্চল স্থাপন করা হবে।	
১৯	**ধারা ৫.৪ (২)** যেহেতু এ উপ-ধারাটি প্রতি বছর জাতীয় বাজেটে প্রকাশিত অর্থ বিল এর সাথে সরাসরি সম্পৃক্ত, তাই এক্ষেত্রে ***"প্রতি বছর জাতীয় বাজেটে প্রকাশিত অর্থ বিল অনুযায়ী পরিবর্তন হতে পারে"*** মর্মে সংশোধন করা দরকার	**ধারা ৫.৪ (২)** (২) এলাকা ভেদে বিদ্যমান কর অবকাশ সুবিধা নির্দিষ্ট সময়ের জন্য অব্যাহত রাখার উদ্যোগ নেয়া হবে; ৩০/০৬/২০১১ সালের মধ্যে বাণিজ্যিক উৎপাদনে যাবে এরূপ শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে যে সব কর অবকাশ সুবিধা রয়েছে, সেগুলো হলোঃ	

ক্রমিক নং	প্রস্তাব	বিদ্যমান অবস্থা	যুক্তি
		(ক) তিন পার্বত্য জেলা ব্যতীত ঢাকা ও চট্টগ্রাম বিভাগে স্থাপিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রথম দু'বছর আয়ের ১০০% ভাগ, পরবর্তী দু'বছর ৫০% ও শেষ (৫ম) বছর ২৫% ভাগ কর অবকাশ। (খ) রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল ও রংপুর বিভাগ এবং তিন পার্বত্য জেলায় স্থাপিত শিল্প প্রতিষ্ঠাগুলোর জন্য ৭ (সাত) বছর মেয়াদী কর অবকাশের মধ্যে প্রথম তিন বছর কর অবকাশের হার ১০০%, পরবর্তী ৩ বছর ৫০% ও শেষ বছরে (৭ম বছর) ২৫%।	
২০	**ধারা ৫.৬ (সংশোধন)** স্থানীয় ভিত্তিক শিল্প প্রতিষ্ঠানের চাহিদার দিকটি মাথায় রেখে সরকার (৫) ধাপ বিশিষ্ট আমদানি শুল্ক কাঠামোর ব্যবস্থা করেছে।	স্থানীয় ভিত্তিক শিল্প প্রতিষ্ঠানের চাহিদার দিকটি মাথায় রেখে সরকার ৪ ধাপ বিশিষ্ট আমদানি শুল্ক কাঠামোর ব্যবস্থা করেছে। ভবিষ্যতেও শুল্ক কর কাঠামো প্রণয়নকালে সরকার এই দিকটি বিবেচনায় রেখে বিশেষ শুল্ক সুবিধা প্রদানের বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবে।	বর্তমানে ৫ ধাপ বিশিষ্ট আমদানি শুল্ক কাঠামো বিদ্যমান আছে, তাই এখানে সংশোধন প্রয়োজন।
২১	**ধারা ৫.৭** স্থানীয়ভাবে উৎপাদিত দ্রব্যাদির আমদানির উপর শুল্ক ও কর এবং আমদানিকৃত কাঁচামালের উপর আরোপিত শুল্ক ও করের বৈষম্য এমনভাবে নির্ধারন করা যেতে পারে যাতে তা স্থানীয় শিল্প সহায়ক হয়।	**ধারা ৫.৭** স্থানীয়ভাবে উৎপাদিত দ্রব্যাদি আমদানির উপর আরোপিত শুল্ক ও কর হার এসব দ্রব্য উৎপাদনে ব্যবহৃত আমদানিকৃত কাঁচামালের উপর আরোপিত শুল্ক ও কর হার থেকে বেশি হবে।	স্থানীয়ভাবে উৎপাদিত দ্রব্যাদির আমদানির উপর শুল্ক ও কর এবং আমদানিকৃত কাঁচামালের উপর আরোপিত শুল্ক ও করের বৈষম্য এমনভাবে নির্ধারণ করা দরকার যাতে তা স্থানীয় শিল্প সহায়ক হয়।
২২	**ধারা ৫.৭ (গ)** শিক্ষা প্রতিষ্ঠানে ব্যবহৃত ইন্টারনেট সার্ভিস **আইসিটি নীতি অনুযায়ী সকল প্রকার শুল্ক ও কর হতে অব্যাহতি প্রাপ্ত হবে;** এ বিষয়টি উল্লেখ থাকা দরকার।	**ধারা ৫.৭ (গ)** শিক্ষা প্রতিষ্ঠানে ব্যবহৃত ইন্টারনেট সার্ভিস-এর ক্ষেত্রে প্রণোদনা হিসেবে শুল্ক রেয়াতি সুবিধা ব্যবস্থা নেয়া হবে;	এতে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ আইসিটি সম্পর্কে আধুনিক শিক্ষা প্রদানে উৎসাহিত হবে এবং সরকারের ডিজিটাল বাংলাদেশ তৈরির কাজও বেগবান হবে।

ক্রমিক নং	প্রস্তাব	বিদ্যমান অবস্থা	যুক্তি
২৩	**ধারা ৫.৭ (ঘ)** ক্ষুদ্র ও কুটির শিল্পের জন্য বিদ্যমান প্ল্যান্ট, মেশিনারিজ ও ইকুইপমেন্ট এর উপর কর অব্যাহতি এবং বিনিয়োগকৃত মূলধনের সীমাঃ এ বিষয় শিল্পনীতিতে নির্দিষ্টভাবে উল্লেখ না করে জাতীয় বাজেটে ঘোষিত এবং পরবর্তীতে অর্থ বিল-এ অন্তর্ভূক্ত বিধান অনুযায়ী এ সব সুবিধা প্রাপ্য হবে শিল্পনীতিতে এভাবে উল্লেখ করা যেতে পারে। কারণ এ সুবিধাগুলো প্রতি বছরই কিছু না কিছু পরিবর্তিত হয়।	**ধারা ৫.৭ (ঘ)** ক্ষুদ্র ও কুটির শিল্পের জন্য বিদ্যমান কর অব্যাহতির সুবিধা অব্যাহত থাকবে। কুটির শিল্পের সুবিধা গ্রহণের জন্য প্ল্যান্ট, মেশিনারিজ ও ইকুইপমেন্টে বিনিয়োগকৃত বর্তমান মূলধন পনের লক্ষ টাকা থেকে ৬৭ শতাংশ বৃদ্ধি করে অনধিক পঁচিশ লক্ষ টাকায় সম্প্রসারণ করা হবে। একই সাথে কুটির শিল্পের সুবিধা ভোগী প্রতিষ্ঠান কর্তৃক অপর কোন মুসক নিবন্ধিত স্থানীয় উৎপাদকের ব্রান্ড পণ্য সাব-কন্ট্রাক্টিং এর মাধ্যমে উৎপাদন বৃদ্ধি করা সংক্রান্ত বিদ্যমান শর্ত বিলুপ্ত হবে। উপরন্তু, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের কাঙ্খিত বিকাশ নিশ্চিত করতে মুসকের বার্ষিক টার্নওভারের সীমা ৪০ লক্ষ টাকা হতে বৃদ্ধি করে ৬০ লক্ষ টাকায় সম্প্রসারণ করা হবে;	যেহেতু প্রতি বছরই এ সুবিধাগুলো কিছু না কিছু পরিবর্তিত হয় তাই এভাবে সংশোধন করা যেতে পারে।
২৪	**ধারা ৫.১০** প্রাথমিক সাধারণ শেয়ারের ক্ষেত্রে অনাবাসী বাংলাদেশিদের জন্য সংরক্ষিত অংশ বর্তমানের ১০% থেকে বৃদ্ধি করে ১৫% করা যেতে পারে।	**ধারা ৫.১০** অনাবাসীরা বাংলাদেশি কোম্পানিগুলোর নতুন ছাড়কৃত শেয়ার/ডিবেঞ্চার ক্রয় করতে পারবে। প্রাথমিক সাধারণ শেয়ারের ক্ষেত্রে অনাবাসী বাংলাদেশিদের জন্য ১০% শেয়ার সংরক্ষিত থাকবে।	এতে অনাবাসীরা বাংলাদেশি কোম্পানিগুলো এদেশে শেয়ারবাজারে বিনিয়োগে এগিয়ে আসবে।
২৫	**ধারা ৫.১৫ (সংশোধন)** ২০১২ সালের জুন পর্যন্ত যে সব বেসরকারি বাণিজ্যিক বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠান উৎপাদন শুরু করবে..... যেহেতু ২০১২ সাল শেষ হয়ে গেছে সেহেতু এখানে সংশোধন দরকার।	২০১২ সালের জুন পর্যন্ত যে সব বেসরকারি বাণিজ্যিক বিদ্যুৎ উৎপাদন প্রতিষ্ঠান উৎপাদন শুরু করবে সে সব বিদ্যুৎ উৎপাদন কোম্পানিগুলোর আয়ের উপর থেকে উৎপাদনের দিন হতে ১৫ বছর পর্যন্ত কর অব্যাহতির সুযোগ থাকবে;	যেহেতু ২০১২ সাল শেষ হয়ে গেছে সেহেতু এখানে সংশোধন দরকার।
২৬	**ধারা ৫.১৬ (সংশোধন)** এ ব্যাপারে শিল্পনীতিতে নির্দিষ্টভাবে উল্লেখ না করে জাতীয় বাজেট এবং অর্থ বিল অনুযায়ী সুবিধা প্রদত্ত হবে মর্মে সংশোধন করা যেতে পারে।	**ধারা ৫.১৬** স্টক এক্সচেঞ্জে নিবন্ধীকৃত পাবলিক লিমিটেড কোম্পানির শেয়ার হস্তান্তরের মাধ্যমে প্রাপ্ত মূলধন লাভের উপর থেকে বিশেষ ক্ষেত্রে কর অব্যাহতি।	যেহেতু এ সুবিধা জাতীয় বাজেটের মাধ্যমে পরিবর্তিত হয় তাই এভাবে সংশোধন করা যেতে পারে।

ক্রমিক নং	প্রস্তাব	বিদ্যমান অবস্থা	যুক্তি
২৭	**ধারা ৫.২১ (সংযোজন)** নারী উদ্যোক্তাদের জন্য প্রস্তাবিত উদ্যোগের সম্ভাব্যতা যাচাই করে বিদ্যমান ইপিজেড ***এবং প্রস্তাবিত বিশেষ অর্থনৈতিক অঞ্চল-এ চাহিদা মূল্যায়নপূর্বক কোটা সংরক্ষণের বিশেষ ব্যবস্থা নেয়া হবে তবে এগুলো অব্যবহৃত থেকে গেলে নির্দিষ্ট সময়ের পর যে কোন উদ্যাক্তা ব্যবহার করতে পারবে এমন ব্যবস্থা করা যেতে পারে।***	**ধারা ৫.২১** নারী উদ্যোক্তাদের জন্য প্রস্তাবিত উদ্যোগের সম্ভাব্যতা যাচাই করে বিদ্যমান ইপিজেড-এ চাহিদা মূল্যায়নপূর্বক কোটা সংরক্ষণের বিশেষ ব্যবস্থা নেয়া হবে।	যে সকল বিশেষ অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠিত হতে যাচ্ছে সেখানেও নারী উদ্যোক্তাদের জন্য এ উদ্যোগ থাকা দরকার।
২৮	**ধারা ৬.১ (সংযোজন)** ..... গ্রামবাংলার ঐতিহ্যের ধারক বিসিক কর্তৃক পরিচালিত ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়নের ধারাকে অব্যাহত রাখাসহ এর সার্বিক কার্যক্রমকে আরো শক্তিশালী করা হবে এবং মাইক্রো শিল্পের ক্রম বিকাশকে ত্বরান্বিত করা হবে এবং ***বেসরকারিখাতকে এ কার্যক্রমে অংশগ্রহণে ব্যাপকভাবে উৎসাহিত করা হবে।*** এক্ষেত্রে নতুন নতুন প্রযুক্তি উদ্ভাবন ও টেকনোলজি প্রসারে বিশেষ গুরুত্ব দেয়া হবে।	.....উক্ত পৃথক নীতি কৌশলে ক্ষুদ্র ও মাঝারী শিল্প প্রতিষ্ঠান বিষয়ে সরকার কর্তৃক গৃহীত নীতির বিস্তারিত উল্লেখ থাকবে। গ্রামবাংলার ঐতিহ্যের ধারক বিসিক কর্তৃক পরিচালিত ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়নের ধারাকে অব্যাহত রাখাসহ এর সার্বিক কার্যক্রমকে আরো শক্তিশালী করা হবে এবং মাইক্রো শিল্পের ক্রম বিকাশকে **ত্বরান্বিত করা হবে।** এক্ষেত্রে নতুন নতুন প্রযুক্তি উদ্ভাবন ও টেকনোলজি প্রসারে বিশেষ গুরুত্ব দেয়া হবে।	এতে বেসরকারিখাতে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান গড়ে উঠবে।
২৯	**ধারা ৬.৩ (১২) (সংযোজন)** (গ) রপ্তানি পণ্য ও রপ্তানি বাজার বহুমুখীকরণ।	**ধারা ৬.৩ (১২)** (গ) রপ্তানি বহুমুখীকরণ।	রপ্তানি বহুমুখীকরণ বলতে রপ্তানি পণ্য ও রপ্তানি বাজার উভয়কেই বুঝায় তাই এটা সংযোজন করা যেতে পারে।
৩০	**অধ্যায় ৭** এখানে জাতীয় সংসদে পাশ হওয়া অর্থনৈতিক অঞ্চল আইন-২০১০ এর রেফারেন্স দেওয়া যেতে পারে।	বিদ্যমান নীতিতে অর্থনৈতিক অঞ্চল আইন-২০১০ সম্পর্কে কিছু অন্তর্ভূক্ত হয়নি।	নতুন পাশকৃত আইন সম্পর্কে শিল্প নীতিতে উল্লেখ থাকা দরকার।
৩১	**ধারা ৭.৬** ইতোমধ্যে যেহেতু অর্থনৈতিক অঞ্চল আইন-২০১০ পাশ হয়ে গেছে তাই এ ধারার প্রথম বাক্যটি বাদ দেয়া যেতে পারে।	**ধারা ৭.৬** অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার বিষয়ে সরকার একটি বিশেষ আইন তৈরি করবে। অর্থনৈতিক অঞ্চলে সকল ধরণের প্রক্রিয়াকরণ এলাকার সংমিশ্রণ থাকবে।	

ক্রমিক নং	প্রস্তাব	বিদ্যমান অবস্থা	যুক্তি
৩২	**ধারা ৮.২ (সংশোধন)** বাংলাদেশ শ্রম আইন (সংশোধন) ২০১৩ অনুযায়ী মজুরী বোর্ড এর মাধ্যমে শিল্প প্রতিষ্ঠানের জন্য সেক্টরভিত্তিক ন্যূনতম মজুরি নির্ধারণ করার ব্যাপারে এখানে উল্লেখ করা যেতে পারে।	**ধারা ৮.২** শ্রমিকদের জন্য ন্যূনতম মজুরি নির্ধারণের উদ্দেশ্যে বাংলাদেশ শ্রম আইন ২০০৬-এর আওতায় শিল্প প্রতিষ্ঠানের জন্য সেক্টরভিত্তিক ন্যূনতম মজুরি বোর্ড গঠন করা হবে, তা হলে একদিকে শ্রমিকদের উন্নত জীবনমান নিশ্চিত হবে, অন্যদিকে শ্রমিকদের উৎপাদনশীলতা ও দক্ষতা বৃদ্ধি পাবে।	এতে করে একদিকে শ্রমিকদের উন্নত জীবনমান নিশ্চিত হবে, অন্যদিকে শ্রমিকদের উৎপাদনশীলতা ও দক্ষতা বৃদ্ধি পাবে।
৩৩	**ধারা ১০.৩ (ঘ)** প্রচ্ছন্ন রপ্তানিকারকের (deemed exporters) সংজ্ঞা অন্তর্ভূক্ত করা যেতে পারে। (ঘ) এ অনুচ্ছেদটিতে উল্লেখিত সাল সংশোধন করা যেতে পারে।	**ধারা ৬.৩ (১২)** (গ) পশ্চাৎ সংযোগ নিশ্চিত করার লক্ষ্যে রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পসহ অন্যান্য স্থানীয় কাঁচামাল ব্যবহারকারী রপ্তানিমুখী শিল্পকে পূর্বনির্ধারিত হারে সুযোগ-সুবিধা প্রদান করা হবে। রপ্তানিমুখী শিল্পে স্থানীয় প্রচ্ছন্ন রপ্তানিকারকগণকে (deemed exporters) অনুরূপ সুবিধা প্রদান করা হবে। (ঘ) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর বিধান মোতাবেক কর অবকাশ সুবিধা অথবা অন্য কোন প্রকার কর রেয়াত সুবিধা ভোগ করছে না এবং বাংলাদেশে নিবন্ধিত নয় এরূপ কোম্পানী ব্যতীত অন্যান্য করদাতার ক্ষেত্রে রপ্তানি হতে প্রাপ্ত আয়ের ৫০ ভাগ করমুক্ত। এছাড়া একই অধ্যাদেশের বিধানমতে হস্তশিল্পজাত পণ্য রপ্তানি হতে জুলাই ১, ২০০৮ থেকে জুন ৩০, ২০১১ এর মধ্যে প্রাপ্ত আয় করমুক্ত।	
৩৪	**ধারা ১০.৬ (১)** নীতি থেকে বাদ দেয়া যেতে পারে।	প্রস্তাবিত পণ্য "নিউ পার্টনারশীপ ফর ডেভেলপমেন্ট এ্যাক্ট ২০০৭"-এর আওতায় যুক্তরাষ্ট্রের বাজারে শুল্কমুক্ত প্রবেশ সুবিধা পেতে পারে এমন পণ্যের তালিকায় দেশের প্রধান রপ্তানি পণ্যসমূহকে অন্তর্ভুক্তকরণের জন্য যুক্তরাষ্ট্রের সাথে দর কষাকষি করা হবে। এ এ্যাক্টের সাথে কমপ্লাই করার লক্ষ্যে ব্যক্তিখাতকে তাদের রপ্তানি ভিত্তি বহুমুখী করার জন্য উৎসাহিত করা হবে এবং কারখানা পর্যায়ে কাজের আদর্শমান বা মানদণ্ড প্রতিষ্ঠার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে।	

ক্রমিক নং	প্রস্তাব	বিদ্যমান অবস্থা	যুক্তি
৩৫	ইপিজেড/এসইজেড এর জন্য নীতিতে একটি পৃথক অধ্যায় সংযুক্ত হতে পারে।	বিদ্যমান নীতিতে ইপিজেড/এসইজেড এর জন্য আলাদাভাবে কিছু বলা নেই।	
৩৬	**ধারা ১১.৫** এখানে নির্দিষ্টভাবে পরিমাণ উল্লেখ না করে ***"সরকার কর্তৃক ঘোষিত বিভিন্ন আর্থিক ও অনার্থিক প্রণোদনা যাচাই বাছাই করে প্রয়োজনে সংশোধন ও সংযোজন করা হবে"*** মর্মে উল্লেখ থাকতে পারে।	কোন বিদেশি বিনিয়োগকারী ৫ লক্ষ মার্কিন ডলার বিনিয়োগ করলে বা ১০ লক্ষ মার্কিন ডলার কোন স্বীকৃত আর্থিক প্রতিষ্ঠানে ট্রান্সফার করলে বাংলাদেশের নাগরিকত্ব পাওয়ার জন্য বিবেচিত হবে। বিদেশি বিনিয়োগকারীকে স্থায়ী রেসিডেন্টশীপ দেয়ার ক্ষেত্রে বিদ্যমান আইনে ন্যূনতম ৭৫,০০০ মার্কিন ডলার বিনিয়োগ-এর যে শর্ত রয়েছে, তা বাড়িয়ে ন্যূনতম ১০০,০০০ মার্কিন ডলার করা হবে।	
৩৭	**ধারা ১১.৯ (সংযোজন)** বিদেশী দক্ষ কর্মী নিয়োগের বিষয়ে বিনিয়োগ বোর্ড, বেজা এবং বেপজা যৌথভাবে নীতিমালা/নির্দেশিকা প্রণয়ন করবে। এছাড়া বাংলাদেশে কোন ভারী শিল্পে কিংবা দীর্ঘ মেয়াদে কোন শিল্পে/ব্যবসায়ে কমপক্ষে ৫ (পাঁচ) মিলিয়ন (পঞ্চাশ লাখ) মার্কিন ডলার বিনিয়োগ করেছেন এরূপ ক্ষেত্রে বিনিয়োগ অব্যাহত আছে মর্মে বিনিয়োগ বোর্ড, বেজা/বেপজা কর্তৃক প্রত্যয়ন সাপেক্ষে বিদেশি বিনিয়োগকারী বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক প্রদেয় "No Visa Required (NVR)" সুবিধা পাবেন।	**ধারা ১১.৯** বিদেশী দক্ষ কর্মী নিয়োগের বিষয়ে বিনিয়োগ বোর্ড এবং বেপজা যৌথভাবে নীতিমালা/নির্দেশিকা প্রণয়ন করবে। এছাড়া বাংলাদেশে কোন ভারী শিল্পে কিংবা দীর্ঘ মেয়াদে কোন শিল্পে/ব্যবসায়ে কমপক্ষে ৫ (পাঁচ) মিলিয়ন (পঞ্চাশ লাখ) মার্কিন ডলার বিনিয়োগ করেছেন এরূপ ক্ষেত্রে বিনিয়োগ অব্যাহত আছে মর্মে বিনিয়োগ বোর্ড/বেপজা কর্তৃক প্রত্যয়ন সাপেক্ষে বিদেশি বিনিয়োগকারী বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক প্রদেয় "No Visa Required (NVR)" সুবিধা পাবেন।	যেহেতু অর্থনৈতিক অঞ্চল আইন-২০১০ অনুযায়ী বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) গঠিত হয়েছে তাই নতুন নীতিতে এ বিষয়ে উল্লেখ থাকা প্রয়োজন।
৩৮	**ধারা ১১.১৩** এখানে ..... বিনিয়োগ বোর্ড, বেপজা (BEPZA), ***বেজা (Bangladesh Economic Zones Authority-BEZA) Ges Bwcwe (EPB)*** এক যোগে কাজ করে যাবে মর্মে উল্লেখ থাকা দরকার।	প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করার লক্ষ্যে বিনিয়োগ বোর্ড ব্যক্তিখাত, বাংলাদেশ দূতাবাস বা মিশনসমূহ ও অন্যান্য সরকারি এজেন্সীর সাথে একযোগে কাজ করবে। বাংলাদেশে বিদেশি বিনিয়োগ প্রসারের জন্য বিনিয়োগ বোর্ড, বেপজা (BEPZA) এবং ইপিবি (EPB) এক যোগে কাজ করে যাবে।	যেহেতু অর্থনৈতিক অঞ্চল আইন-২০১০ অনুযায়ী বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) গঠিত হয়েছে, তাই নতুন নীতিতে এ বিষয়ে উল্লেখ থাকা প্রয়োজন।

ক্রমিক নং	প্রস্তাব	বিদ্যমান অবস্থা	যুক্তি
৩৯	**অধ্যায়-১৩, ধারা ১৩.৫ (সংশোধন)** পরিবেশসম্মত ম্যানুফ্যাকচারিং প্রক্রিয়া অনুসরণ, ম্যানুফ্যাকচারিং বর্জ্য ও ক্ষতিকর পদার্থ অপসারণের বিষয়ে ***বাংলাদেশ শ্রম আইন (সংশোধন) ২০১৩*** এর সংশ্লিষ্ট বিধানাবলী ও আন্তর্জাতিকভাবে গৃহীত মানদণ্ড মেনে ..... হবে।	পরিবেশ সম্মত ম্যানুফ্যাকচারিং প্রক্রিয়া অনুসরণ, ম্যানুফ্যাকচারিং বর্জ্য ও ক্ষতিকর পদার্থ অপসারণের বিষয়ে বাংলাদেশ শ্রম আইন ২০০৬-এর সংশ্লিষ্ট বিধানাবলী ও আন্তর্জাতিকভাবে গৃহীত মানদণ্ড মেনে চলা, জমি ও পানি সম্পদ সংরক্ষণের ক্ষেত্রে ইতিবাচক প্রচেষ্টা নেয়া, পরিবেশকে সবুজায়ন করা ইত্যাদি বিষয়ে ক্ষুদ্র, মাঝারি ও অন্যান্য বৃহৎ আকারের শিল্প প্রতিষ্ঠানকে কর ও শুল্ক রেয়াত ইতিবাচক আকারে প্রণোদনা প্রদান করা হবে।	সংশোধিত বাংলাদেশ শ্রম আইন ২০১৩ সম্পর্কে নতুন নীতিতে উল্লেখ থাকা প্রয়োজন।
	অধ্যায়-১৩, ধারা ১৩.৭ এখানে উল্লেখিত প্যাকেজ প্রণোদনার একটি তালিকা অন্তর্ভূক্ত করা যেতে পারে।	উন্নত দেশগুলো থেকে উন্নয়নশীল দেশে জলবায়ু-বান্ধব প্রযুক্তির হস্তান্তর নিশ্চিত করার লক্ষ্যে যেসব কোম্পানি পরিবেশ-বান্ধব প্রকল্পে বিশেষ করে সরকারি ও বেসরকারিখাতের অংশীদারিত্বে প্রতিষ্ঠিতব্য বড় আকারের প্রকল্পে বিনিয়োগ করবে সেসব কোম্পানিকে প্যাকেজ আকারে প্রণোদনা প্রদানের ব্যবস্থা করা হবে।	এতে বিনিয়োগকারীগণ উৎসাহিত হবেন।
৪০	**অধ্যায়-১৪, ধারা ১৪.৮ (নতুন ধারা সংযোজন)** বাংলাদেশ কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (টিভিইটি)-তে শিল্প খাতের অবদান সহজীকরণের লক্ষ্যে জাতীয় পর্যায়ে ইন্ডাস্ট্রিজ স্কিলস কাউন্সিল (আইএসসি) এর কার্যকর ভূমিকাকে গুরুত্বারোপ করা হবে। শিল্প খাতে কি ধরণের দক্ষতা বেশি দরকার সে ব্যাপারে জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (এনএসডিসি)-কে উপদেশ প্রদানের মাধ্যমে আইএসসি সহায়তা করতে পারে। তাছাড়া, শিল্প খাতে দক্ষতার গ্রহণযোগ্য মান নির্ধারণ করে প্রয়োজনীয় দক্ষতা উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করার উদ্যোগ নেয়া হবে।		এতে করে শিল্প খাতে প্রয়োজনীয় দক্ষতা উন্নয়ন নিশ্চিত করার পাশাপাশি জাতীয় অর্থনীতিতে ইতিবাচক অবদান রাখতে ভূমিকা রাখবে।
৪১	**অধ্যায়-১৫, ধারা ১৫.২ (চ)** এখানে বেসরকারিভাবে প্রতিষ্ঠিত প্রশিক্ষণ ইনস্টিটিউট সম্পর্কে একটি সুনির্দিষ্ট দিক্-নির্দেশনা অন্তর্ভূক্ত করা যেতে পারে।	শিল্প ক্ষেত্রে মানব সম্পদ উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধিতে নিয়োজিত বিভিন্ন মন্ত্রণালয়ের অধীন সংশ্লিষ্ট প্রশিক্ষণ শিল্প ক্ষেত্রে মানব সম্পদ উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধিতে নিয়োজিত বিভিন্ন মন্ত্রণালয়ের অধীন সংশ্লিষ্ট প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ যেমনঃ শিল্প	এতে বেসরকারিখাত শিল্প খাতের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানে উৎসাহিত হবে।

ক্রমিক নং	প্রস্তাব	বিদ্যমান অবস্থা	যুক্তি
৪১		মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম), বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনিকাল এসিস্টেন্স সেন্টার (বিটাক), ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), ক্ষুদ্র ও কুটির শিল্প ট্রেনিং ইনস্টিটিউট (স্কিটি), ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ, বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর ন্যাশনাল হোটেল অ্যান্ড ট্যুরিজম ট্রেনিং ইনস্টিটিউট (এনএইচটিটিআই), বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন নিট্রেড, বস্ত্র দপ্তরের অধীন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয়/টেক্সটাইল টেকনিক্যাল ইনস্টিটিউট/টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, বাংলাদেশ পাটকল কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন ট্রেনিং ইনস্টিটিউট সমূহ, বাংলাদেশ তাঁত বোর্ড ও বাংলাদেশ রেশম বোর্ড এর নিয়ন্ত্রণাধীন অন্যান্য প্রশিক্ষণ ইনস্টিটিউট সমূহের কার্যক্রমকে আরও গতিশীল ও কার্যকর করা হবে।	
৪২	অধ্যায়-১৬, ধারা ১৬.৩.১ জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ (এনসিআইডি) এর সভা প্রতি ছয় মাসে একবার অনুষ্ঠানের কথা উল্লেখ আছে যা বাস্তবায়ন করা খুবই জরুরী। এজন্য এ পরিষদের সভার ধারাবাহিকতা রক্ষার জন্য গুরুত্বারোপ করা যেতে পারে।	প্রতি ছয় মাসে পরিষদ একবার সভায় মিলিত হবে। ..... সুনির্দিষ্ট উপখাত বিষয়ক আলোচনা হবে তখন উপখাতের প্রতিনিধি-কে অন্তর্ভূক্ত করা যেতে পারে।	পরিষদের সভার ধারাবাহিকতা না থাকলে এর মাধ্যমে শিল্প খাতের উন্নয়নের যে সম্ভাবনা রয়েছে তা বাধাগ্রস্ত হতে পারে।
	ধারা ১৬.৪ (স্পষ্টীকরণ) (২২) এখানে বিভাগ প্রধান, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন; এবং এফবিসিসিআই, বিডব্লিউসিসিআই, এমসিসিআই, ডিসিসিআই, বিসিআই, এফআইসিসিআই এবং সিসিসিআই এর সভাপতিবৃন্দ।	বিভাগ প্রধান, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, এফবিসিসিআই, বিডব্লিউসিসিআই, এমসিসিআই, ডিসিসিআই, বিসিআই, এফআইসিসিআই এবং সিসিসিআই এর সভাপতিবৃন্দ	এতে উপ-ধারাটিতে স্পষ্টতা বৃদ্ধি পাবে।
	ধারা ১৬.৫ বিভিন্ন সরকারি সংস্থাসমূহের মধ্যে সমন্বয় সাধনের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ের সচিব/অতিরিক্ত সচিবের নেতৃত্বে গঠিত সমন্বয় কমিটির সদস্য হিসেবে সভাপতি, ডিসিসিআই-কে অন্তর্ভূক্ত করা যেতে পারে।	বিদ্যমান নীতিতে এ কমিটিতে সভাপতি, ডিসিসিআই-কে অন্তর্ভূক্ত করা হয়নি।	যেহেতু ডিসিসিআই দেশের ক্ষুদ্র ও মাঝারী শিল্পের প্রতিনিধিত্বকারী সর্ববৃহৎ ব্যবসায় সংগঠন তাই এ কমিটিতে ডিসিসিআই-এর অন্তর্ভূক্তি খুবই গুরুত্বপূর্ণ।

৩. বস্ত্র আইন ২০১৬-তে অন্তর্ভুক্তির জন্য ঢাকা চেম্বারের-এর সুপারিশমালা

আইন নং	সুপারিশমালা
২.৮	বস্ত্র খাতের বলতে অনুচ্ছেদ ২(১) ও ৭ বুঝিয়েছে। কিন্তু বাস্তবিকভাবে, বস্ত্র খাতের অন্যতম উপখাত Artificial Fibre যেমন Viscose Fibre, Synthetic Fibre, Polyester Nylon, যা আমাদের রপ্তানি বস্ত্র খাতের প্রায় ২০-২৫% সেই উপখাতকে বস্ত্র খাতের সংজ্ঞায় আনা হয়নি।
২.১০	পোষাক (Sponsoring Authority) কর্তৃপক্ষ বলতে বস্ত্র পরিদপ্তরকে বুঝাবে সকল প্রতিষ্ঠানের নিবন্ধনের জন্য। বেসরকারি ও বিদেশি বিনিয়োগের জন্য বিনিয়োগ বোর্ড রেজিস্ট্রেশন দিয়ে থাকে। এছাড়া, অন্যান্য ছাড় পত্রের জন্য বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান যেমনঃ কল-কারখানা পরিদর্শন অধিদপ্তর, পবিবেশ অধিদপ্তর নিবন্ধন/ছাড়পত্র প্রদান করে। এছাড়া রপ্তানিমুখী প্রতিষ্ঠান বিজিএমএ ও বিকেএমএ রেজিস্ট্রেশন করে থাকে। পুনরায় বস্ত্র পরিদপ্তরে রেজিস্ট্রেশন ব্যবসায়ের অনুমোদন প্রক্রিয়া জটিল করে তুলবে যেখানে বাংলাদেশ ব্যবসাবান্ধব পরিবেশের জন্য প্রসেস এবং পলিসি সহজীকরণ ও Cost of Doing Business বাস্তবায়নের জন্য ব্যাপক উদগ্রীব সেক্ষেত্রে, এই বস্ত্র পরিদপ্তরের পোষাক নিবন্ধন বস্ত্র খাতে তেমন কোন কার্যকরী ভূমিকা রাখতে সক্ষম নয়।
২.২৫, ২.২৬	ওয়ান স্টপ সার্ভিস ও হেল্প ডেস্ক গঠনের উদ্যোগ প্রশংসনীয়। কিন্তু সকল সংস্থার সহযোগিতায় বিগত দুই দশক ধরে বিনিয়োগ বোর্ড পুরাপুরি One Stop Service চালু করতে সক্ষম হয়নি। তাই এ ব্যাপারে আলাদা One Stop Service না করে বরং বিনিয়োগ বোর্ড ও অন্যান্য প্রতিষ্ঠানের সমন্বয়ে এই সেবাকে কার্যকর করা উচিত।
	হেল্প ডেস্ক থেকে বিনিয়োগ বৃদ্ধি, রপ্তানি ও বন্ড সুবিধা সংক্রান্ত বিভিন্ন নির্দেশনা ও সুবিধা প্রদান করা হবে। কিন্তু সংশ্লিষ্ট বিষয়ে দায়িত্বপ্রাপ্ত বাণিজ্য মন্ত্রণালয় ও জাতীয় রাজস্ব বোর্ড কার্যক্রম পরিচালনা করেন। তাই, এ সংক্রান্ত কার্যক্রম বস্ত্র পরিদপ্তরে এখতিয়ার বহির্ভূত এবং এর সাথে কখনোই সমন্বয় করা সম্ভব নয়।
৭	বস্ত্র শিল্প সংজ্ঞায়নের শিপিং কোম্পানি সমূহকেও বস্ত্র খাতের শিল্প হিসেবে চিহ্নিত করা হয়েছে। অপরদিকে বস্ত্র আমদানি, রপ্তানি ও খুচরা বিক্রয়ের সাথে সংশ্লিষ্ট ব্যবসায়ীদের বস্ত্র শিল্পের অন্তর্ভুক্ত করা হয়নি। অপরদিকে যারা গুদামজাত ও বাজারজাতকরণের সাথে সম্পৃক্ত তারাই আবার এ সংজ্ঞায় অন্তর্ভুক্ত। বস্ত্র শিল্পের সংজ্ঞাটি অনেকটা Contradictory ও অস্পষ্ট।
০৮(১)	বস্ত্রখাতের প্রতিষ্ঠান সমূহ কাজের সুবিধার্থে অনিয়মিতভাবে অন্যান্য সহযোগী প্রতিষ্ঠানে সাব-কন্ট্রাকটিংর কাজ করে থাকে দ্রুত রপ্তানি অর্ডার মেটানোর জন্যে ও উৎপাদনকারী প্রতিষ্ঠানের সম্পদের ঘাটতি হলে। এক্ষেত্রে, নতুন কোন নিবন্ধনের কখনোই জরুরী নয়। সেহেতু, এটি একটি সাময়িক ও অনিয়মিত কার্যক্রম। তাই, পোষাক কর্তৃপক্ষের এ রকম সিদ্ধান্ত নতুনভাবে ব্যবসায়ীদের Business Hassle ও প্রক্রিয়াগত ঝামেলা সৃষ্টি করবে।
৮(৫)	নতুন নতুন ফি ও নবায়ন ফি বস্ত্র খাতের প্রতিষ্ঠানের ব্যবসায়িক খরচ বৃদ্ধি ও রেগুলেটরী জটিলতা তৈরি করবে।
৮(৬)	বস্ত্র পরিদপ্তরের রেজিস্ট্রেশন ছাড়া অন্যান্য প্রতিষ্ঠান, সেবা সংস্থা ও ট্রেড বডির সদস্যপদ, ব্যাংক, বীমা ও অন্যান্য সুবিধা গ্রহণে প্রাপ্য বা যোগ্য হবেন না। ইতোমধ্যে, বিভিন্ন ট্রেড বডি ও চেম্বারে যে কোন প্রতিষ্ঠান প্রয়োজনীয় সদস্য পদ ও সুবিধা পেয়ে থাকে যা বাণিজ্য মন্ত্রণালয়ের আইন দ্বারা পরিচালিত। এছাড়া, ব্যাংক, বীমা কিছু আইনের আলোকে সেবা দান ও ব্যবসা পরিচালনা করেন। বস্ত্র আইনের এই প্রস্তাব সকল সরকারি প্রতিষ্ঠানের চেম্বার, ট্রেড বডি ও ব্যাংকের স্বাভাবিক কার্যক্রমকে বাধাগ্রস্ত করবে, যেহেতু এই প্রস্তাবের আলোকে প্রচলিত পদ্ধতির ব্যাপক পরিবর্তন ও সমন্বয় প্রয়োজন যা এ মূহুর্তে Feasible নয়।
৯(৩)	সরকারি, বেসরকারি পর্যায়ে বস্ত্রখাতে Skill Development'র জন্য ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয়, Vocational ও বেসরকারি ট্রেনিং প্রতিষ্ঠান সরকারি ও সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান UGC ও অন্যান্য দেশি ও বিদেশি Accreditation'র মাধ্যমে পরিচালনা করে যাচ্ছে। এই প্রতিষ্ঠানসমূহ দেশিয় বস্ত্র শিল্পের বিকাশে কার্যকরী ভূমিকাও রাখছে।

আইন নং	সুপারিশমালা
	বস্ত্র পরিদপ্তরে হঠাৎ এই সকল প্রতিষ্ঠানে Co-ordinator'র Role পালন করা প্রশ্নসাপেক্ষ যেহেতু পরিদপ্তর একটি Technical Expert বডি নয়। বরং পরিচালনা ও নিয়ন্ত্রণের ক্ষমতা বলে সকল কার্যক্রমে হস্তক্ষেপ, বরং Specialized শিক্ষা প্রতিষ্ঠান সমূহের স্বাভাবিক উন্নয়ন কর্মকাণ্ড ও গতিকে কিছুটা স্থিমিত করবে। তাই Co-ordinator না হয়ে Facilitator হিসেবে যদি কোন শিক্ষা ও ট্রেনিং প্রতিষ্ঠান বস্ত্র দপ্তরের অংশগ্রহণ চায় কেবল তখন সহযোগিতা করতে পারে।
১০(২)	বস্ত্রখাতের একমাত্র নিয়ন্ত্রণকারী (পোষাক) কর্তৃপক্ষ হিসেবে এখাতের উন্নয়ন, গতি ও ভবিষৎ বাজার, কর্মপরিকল্পনার অংশ হিসেবে নিজস্ব রিসার্চ টীম গঠন ও কার্যকর করতে হবে। কল কারখানা অধিদপ্তরে রিসার্চ সেল ও বস্ত্র বিভাগের তথ্য ভান্ডার স্থাপন কখনই কাংখিত ফলাফল আনতে সহায়তা করবে না, কারণ এই তথ্য ও রিসার্চ সেল বস্ত্র দপ্তর নিজেদের মাধ্যমে সরাসরি পরিচালনা করা কার্যকরী ও সহজ।
১০(৩)	এনবিআর, বাংলাদেশ ব্যাংক, ইপিবি, IECB আমদানি রপ্তানি তথ্য ত্রৈমাসিকভাবে বস্ত্র মন্ত্রণালয়ে জমাদানে বাধ্য না করে বরং নিজ উদ্যোগ এবং উক্ত প্রতিষ্ঠানগুলোর সহযোগীতায় সংগ্রহ করে বিশ্লেষণ ধর্মী রিপোর্ট প্রকাশ করা দ্রুত, সহজ ও কার্যকরী হবে।
১২।	রেজিষ্ট্রেশন নবায়ন ও গ্রহণ না করলে, ভুল তথ্য জমা দিলে উক্ত প্রতিষ্ঠানের মালিককে ২ বছর সাজা বা ১০ লক্ষ টাকা জরিমানা বা উভয় দন্ডে প্রদান বা লঘু পাপে গুরু দন্ডের শামিল। এটি আরও সহজ ও বহনযোগ্য ও বাস্তব সম্মত করা যেতে পারে।
১৩।	বস্ত্র পরিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমতি ছাড়া কোন আদালতে মামলা করা যাবে না। এই প্রস্তাব চরমভাবে যে কোন নাগরিকের Human Right Violation করার শামিল ও প্রচলিত আইন ব্যবস্থার নীতি ও পদ্ধতির বিপরীতধর্মী প্রস্তাব। তাই এটি অনুমোদন না করার প্রস্তাব করা হচ্ছে।
	এই অপরাধ সমূহ Non-Cognizable ও Non-Bailable এই ধারা ভয়াবহ ও ব্যাপকভাবে হুমকী স্বরূপ বিদ্যমান আইন ব্যবস্থা ও ব্যবসায়ী সম্প্রদায়ের প্রতি।
১৭।	বস্ত্র খাতের কোন মামলা বা আপীল নিষ্পত্তির জন্য, সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব পুনরায় আপীল নেতৃত্বদানকারী প্রতিষ্ঠান হিসেবে কাজ করবে। এক্ষেত্রে, সরকারি প্রতিষ্ঠানের সাথে বিরোধ নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের আপীল পরিচালনা Conflict of interest সৃষ্টিসহ ন্যায় বিচারকে প্রশ্নসাপেক্ষ করে তুলবে। তাই, এক্ষেত্রে আপীল ও মামলা নিষ্পত্তির Judiciary'র কাছে অর্পণ করা উচিত।
১৯।	পোষাক কর্তৃপক্ষের দায়মুক্তি (Immunity) চরমভাবে ন্যায় বিচারের পরিপন্থী।

৪. রপ্তানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ তে অন্তর্ভুক্তির জন্য ডিসিসিআই এর মতামত/সুপারিশমালা

ক্রমিক নং		বিদ্যমান অবস্থা	রপ্তানি নীতি আদেশ, ২০১৫-২০১৮-তে অন্তর্ভুক্তির জন্য ডিসিসিআই এর সুপারিশমালা
		প্রথম অধ্যায়	
১	১.১.১৪	আমদানি বিকল্প প্রতিষ্ঠান গড়ে তুলে বাণিজ্যের সম্প্রসারণ	
২	১.১.১৫	রপ্তানি বাণিজ্য বৃদ্ধিতে রপ্তানি নির্ভর বৈদেশিক বিনিয়োগ উৎসাহিতকরণ;	
